  - বহির্বিভাগের বিবিধ নির্মাণ পরিকাঠামো যেগুলি থেকে নিঃসরণের সম্ভাবনা রয়েছে যার মধ্যে আছে পাইপ, রাসায়নিক ট্যাঙ্ক, এবং অন্যান্য ব্যবস্থাসমূহ, সেগুলির ব্যবস্থাপনার দায়িত্বে থাকা কর্মীদের জিজ্ঞাসাবাদ করুন।

    - কর্মীরা পরদির্শনরে জন্য, ডকুমন্টে খোঁজার জন্য, এবং খোঁজার ফলাফল বষিয়ক সদ্ধিান্তরে জন্য ঘুরে দখেনে কনিা তা নর্িধারণ করুন।
    - বর্জ্যপান সিংগ্রহ এবং পরশিোধন সম্পর্কে কর্মীরা অবহতি কনিা জানার জন্য উৎপাদনরে ওয়র্কশপে কর্মীদরে জজ্ঞিাসাবাদ করুন।
    - বর্জ্যপান পিরশিোধনাগার এবং পরীক্ষাগাররে কর্মীদরে জজ্ঞিাসাবাদ করুন তাদরে দনৈন্দনি অনুশীলন, প্রশক্ষিণ এবং সচতেনতা সম্পর্কে জানার জন্য।
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ**
    - ইউটলিটি মানচত্রি এবং প্রসসে ফ্লো ডায়াগ্রাম যোগাড় করুন, নর্ভিুল থাকার বষিয়টকিে পরদির্শন করার জন্য মানচত্রি অনুযায়ী কছিু লাইন বরাবর হাঁটুন।
    - অবধৈ নঃিসরণ খুঁজে পাওয়ার জন্য মূল ব্যবস্থাসমূহ এবং ভবনগুলরি বাইরে চারপাশে হেঁটে দেখুন।
    - বর্জ্যপান এিবং বৃষ্টরি পান নিঃিসরণরে স্থানগুলকিে পরীক্ষা করে দেখুন বর্জ্যপান নিঃিসৃত হচ্ছে কনিা অথবা বাইপাস করছে কনিা।
    - বর্জ্যপান পিরশিোধনাগার খুঁটয়িে দেখুন  জানার জন্য যে তার প্রতটি অিংশ ক্রয়িাশীল কনিা এবং যথাযথ-রক্ষণাবক্ষেণ করা হচ্ছে কনিা।

## ৪। বিপজ্জনক কাদা (রাসায়নিক / শিল্পক্ষেত্র-সম্পর্কিত) কি যথাযথভাবে নিষ্কাশন করানো হয় ?

### আপনার ফেসিলিটি কি সমস্ত প্রাসঙ্গিক কর্মীদের বিপজ্জনক কাদা নিষ্কাশনের পদ্ধতি সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করে?

- কত জন কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছিল?
- আপনি আপনার কর্মীদের কত ঘন ঘন প্রশিক্ষণ দেন?

### আপনার বিপজ্জনক কাদাকে কীভাবে নিষ্কাশন করানো হয়?

- বিপজ্জনক বর্জ্যের পরিশোধন
- দাহ্য নিয়ন্ত্রিত পরিস্থিতি
- জমিভরাট
- প্রকাশ্যে পোড়ানো
- জ্বালানি মিশ্রিত
- জৈবসার
- সার (জমিতে প্রয়োগ করা হয়েছে)

*আপলোড করুনঃ ক) গত ১২ মাসরে কাদার বশ্লিষেণ বা পরীক্ষার ফলাফল (যদ ঝিুঁকবিহিীন হসিবেে বাছাই করা হয়ে থাকে); খ) যথাযথ নষ্ক্রিমণ অথবা জমতিে প্রয়োগরে জন্য অনুমতপিত্র বা ইস্তাহার।*

*যদ আিপনার বপিজ্জনক কাদা থকেে থাকে তবে তা অবশ্যই কোনো লাইসন্সে-প্রাপ্ত বর্জ্য ঠকিাদাররে মাধ্যমে অথবা যথাযথভাবে নয়িন্ত্রতি পরস্থিতিতিে পোড়ানোর মাধ্যমে নষ্ট করতে*

*হবে।*

## এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার জানা উচতি যে আপনার পরচিালনার মধ্যে কোনো রাসায়নকি বা শলি্পক্ষত্রে-সম্বন্ধীয় বপিজ্জনক পদার্থ আছে কনিা, এবং, যদি থাকে, আপনার নশি্চতি করা উচতি যে যথাযথ প্রক্রয়িা ব্যতীত সগেুলো আপনি ফলেে দচি্ছনে না।

পরবিশে দূষণ এড়ানোর জন্য বপিজ্জনক কাদা যথাযথভাবে নষ্ট করতে হব।ে আপনি যদি বপিজ্জনক কাদা জমতিে ফলেনে বা প্রকাশ্যে জ্বালয়িে দনে, আপনি পরবিশেরে জন্য গুরুতর বপিদ তরৈি করছনে।

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

বপিজ্জনক কাদাকে (স্লাজ) অনুমোদতি এজন্টেরে মাধ্যমে যথাযথভাবে নষি্কাশন করাতে হবে অথবা ফসেলিটিরি এলাকার মধ্যইে সটেকিে পচয়িে ফলোর জন্য স্থানীয় দূষণ বোর্ডরে কাছ থকেে পাওয়া একটি লাইসনেস্ ফসেলিটিরি কাছে থাকতে হব।ে এমএসডএিস সকেশন 13-এর সঙ্গে সঙ্গতি রক্ষা করে রাসায়নকিগুলো নাড়াচাড়া এবং বনিষ্ট করার বষিয়টি ঘটতে হব।ে যে ক্ষত্রেে স্থানীয় প্রশাসন ওই কাদাটকিে বপিদহীন বর্জ্য বলে ঘোষণা করছে সখোনে কাদা বশি্লষেণরে পরীক্ষার ফলাফল প্রয়োজন হবে না। তব,ে জমভিরাট এবং কারখানার এলাকাতইে প্রকাশ্যে পোড়ানোর কর্মকাণ্ড যথাযথ হবে না যদি না কাদা বশি্লষেণরে মাধ্যমে স্পষ্টভাবে চহ্নিতি করা হয় যে কাদাটরি প্রকৃতি বপিদহীন।

## এটা কীভাবে যাচাই করা যাবে:

**হ্যাঁ**

- **আবশ্যক ডকুমেন্টেশন:**
  - যতটা কাদা উদ্ভূত হয়েছে তার মোট পরিমাণ এবং প্রকৃতির (বিপদহীন এবং বিপজ্জনক) একটি তালিকা
  - পরীক্ষাগারের বিশ্লেষন যাতে বিভিন্ন প্রকার কাদার বিপদহীন এবং বিপজ্জনক (যদি প্রযোজ্য হয়) উপাদান দেখানো থাকবে
  - প্রত্যেক ধরনের কাদা নষ্ট করার পদ্ধতি প্রদর্শন করা নথিপত্র
  - কারখানার বাইরে কোথাও নষ্ট করার জন্য, ডেলিভারি রেকর্ডের ইনভয়েস প্রয়োজন যাতে বেছে নেয়া নষ্ট করার পদ্ধতির মাধ্যমে প্রকৃতপক্ষে কী ধরনের অভ্যাস এখানে চলছে সেটা বোঝা যাবে
  - যদি জমিভরাট, প্রকাশ্যে পোড়ানো, জৈবসার পদ্ধতি, মিশ্র জ্বালানি, অথবা জমিতে দেয়া সার হিসেবে ফেলা হয়ে থাকে, তবে স্লাজটিকে অবশ্যই বিশ্লেষণ করাতে হবে, এবং নষ্ট করার নির্দিষ্ট পদ্ধতির জন্য তা যথাযথ এবং বিপদহীন হিসেবে নথিবদ্ধ করাতে হবে
  - অনুমতিপত্রসমূহ, যদি নিষ্কাশনের কোনো বিশেষ পদ্ধতির জন্য প্রযোজ্য হয়
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
  - কাদার উপাদানগুলো সম্পর্কে কি কোনো বিশদ এবং হালনাগাদ বিষয় জানা গেছে? কীভাবে কাদাকে নিয়মিতভাবে বিশ্লেষণ করা যায় এটিকে যথাযথভাবে নষ্ট করা হচ্ছে তা সুনিশ্চিত

করার জন্য?
  - পরিচালকবর্গ এবং দায়বদ্ধ কর্মচারীরা কি প্রত্যেক ধরনের স্লাজের জন্য যথাযথ নিষ্কাশন পদ্ধতি সম্পর্কে সচেতন?
- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
  - কাদা নিষ্কাশন করানোর জন্য জায়গা বা এলাকা যদি তা চত্বরের মধ্যেই (অন-সাইট) হয়
  - দয়া করে ছবি তুলুন

## ৫। বিপদহীন কাদা কি যথাযথভাবে নিষ্কাশিত করা হয়েছে? (কেবলমাত্র ঘরোয়া বর্জ্যপানি)

*আপলোড করার সুপারিশ রয়েছেঃ কাদার বিশ্লেষণ বা পরীক্ষার ফলাফল*

বপিদহীন কাদাকে যকেোনো পদ্ধততিইে নষি্কাশতি করার ব্যবস্থা করা যায় যদওি আপনাকে অবশ্যই নথপি্ত্ররে মাধ্যমে প্রমাণ দতিে হবে যে আপনার কারখানার কাদা বপিজ্জনক নয়।

**আপনার ফেসিলিটি কি সমস্ত প্রাসঙ্গিক কর্মীদের বিপদহীন কাদা নিষ্কাশিত করার পদ্ধতি সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করে?**

- কত জন কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছিল?
- আপনি আপনার কর্মীদের কত ঘন ঘন প্রশিক্ষণ দেন?

**আপনার বিপজ্জনক কাদাকে কীভাবে নিষ্কাশিত করানো হয়?**

- বিপজ্জনক বর্জ্যের পরিশোধন
- দাহ্য নিয়ন্ত্রিত পরিস্থিতি
- জমিভরাট
- প্রকাশ্যে পোড়ানো
- জ্বালানি মিশ্রিত
- জৈবসার
- সার (জমিতে প্রয়োগ করা হয়েছে)

*আপলোড করার সুপারশিঃ ক) গত ১২ মাসরে কাদার বশি্লষেণ বা পরীক্ষার ফলাফল (যদি বপিদহীন হসিবেে বাছাই করা হয়ে থাকে); খ) যথাযথভাবে নষি্কাশন করানো অথবা জমততিে প্রয়োগরে জন্য অনুমতপিত্র বা ইস্তাহার।*
*বপিদহীন কাদাকে যকেোনো পদ্ধততিইে নষি্কাশতি করার ব্যবস্থা করা যায় যদওি আপনাকে অবশ্যই নথপি্ত্ররে মাধ্যমে প্রমাণ দতিে হবে যে আপনার কারখানার কাদা বপিজ্জনক নয়।*

### এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার জানা উচতি যে আপনার পরচিালনার মধ্যে কোনো রাসায়নকি বা শলি্পক্ষত্রে-সম্বন্ধীয় বপিজ্জনক পদার্থ আছে কনিা, এবং, যদি থাকে, আপনার নশ্চিতি করা উচতি যে যথাযথ প্রক্রয়িা ব্যতীত সগেুলো আপনি ফলেে দচ্ছিনে না।

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

বপিজ্জনক কাদাকে (স্লাজ) অনুমোদতি এজন্েটরে মাধ্যমে যথাযথভাবে নষ্কিাশন করাতে হবে অথবা ফসেলিটিরি এলাকার মধ্যইে সটেকিে পচেয়িে ফলোর জন্য স্থানীয় দূষণ বোর্ডরে কাছ থকেে পাওয়া একটি লাইসনে্স ফসেলিটিরি কাছে থাকতে হব।ে

## এটা কীভাবে যাচাই করা যাবে:

**হ্যাঁ**

- **আবশ্যক নথিপত্র:**
    - যতটা কাদা উদ্ভূত হয়েছে তার মোট পরিমাণ এবং প্রকৃতির (বিপদহীন এবং বিপজ্জনক) একটি তালিকা
    - পরীক্ষাগারের বিশ্লেষন যাতে বিভিন্ন প্রকার কাদার বিপদহীন এবং বিপজ্জনক (যদি প্রযোজ্য হয়) উপাদান দেখানো থাকবে
    - প্রত্যেক ধরনের কাদা নষ্ট করার পদ্ধতি প্রদর্শন করা নথিপত্র
    - কারখানার বাইরে কোথাও নষ্ট করার জন্য, ডেলিভারি রেকর্ডের ইনভয়েস প্রয়োজন যাতে বেছে নেয়া নষ্ট করার পদ্ধতির মাধ্যমে প্রকৃতপক্ষে কী ধরনের অভ্যাস এখানে চলছে সেটা বোঝা যাবে
    - যদি জমভিরাট, প্রকাশ্যে পোড়ানো, জবৈসার পদ্ধত,ি মশ্রি জ্বালানি ইত্যাদি প্রক্রয়িায় নষ্ট করা হয়ে থাক,ে অথবা সার হসিবেে জমতিে দয়ো হয়ে থাক,ে কাদাটকিে অবশ্যই বশ্লিষেণ করাতে হব,ে এবং নরি্দষি্ট নষ্ট করার পদ্ধতরি জন্য তা যথাযথ এবং বপিদহীন হসিবেে নথবিদ্ধ করাতে হব।ে
    - অনুমতিপত্রসমূহ, যদি নিষ্কাশনের কোনো বিশেষ পদ্ধতির জন্য প্রযোজ্য হয়
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**
    - কাদার উপাদানগুলো সম্পর্কে কি কোনো বিশদ এবং হালনাগাদ বিষয় জানা গেছে? কীভাবে কাদাকে নিয়মিতভাবে বিশ্লেষণ করা যায় এটিকে যথাযথভাবে নষ্ট করা হচ্ছে তা সুনিশ্চিত করার জন্য?
    - কর্তৃপক্ষ এবং দায়বদ্ধ কর্মচারীরা কি প্রত্যেক ধরনের কাদার জন্য যথাযথ নিষ্কাশন পদ্ধতি সম্পর্কে সচেতন?
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
    - কাদা নিষ্কাশন করানোর জন্য জায়গা বা এলাকা যদি তা চত্বরের মধ্যেই (অন-সাইট) হয়
    - দয়া করে ছবি তুলুন

## ৬। আপনার ফেসিলিটি কি বর্জ্যপানিকে নিষ্কাশন করার আগে সেপ্টিক ব্যবহারের মাধ্যমে তাকে পরিশোধন করে?

*আপলোড করার সুপারশি: ক) সইেসব কাগজপত্র যগুলেি দখোয় যে আপনার কারখানা দূষতি*

*বর্জ্যপানিকে নিষ্কাশন করার আগে তাকে পরিশোধন করে; খ) আপনার সেপ্টিক ট্যাঙ্কটিকে একটি আরও আধুনিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় রূপান্তরের পরিকল্পনা।*

**আপনার ফেসিলিটি কি সমস্ত প্রাসঙ্গিক কর্মীদের সেপ্টিক বর্জ্য নিষ্কাশনের পদ্ধতি সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করে?**

- কত জন কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছিল?
- আপনি আপনার কর্মীদের কত ঘন ঘন প্রশিক্ষণ দেন?

**ভর্তি হয়ে গেলে আপনার কারখানা আপনার সেপ্টিক ট্যাঙ্কটিকে কীভাবে খালি করে?**

- কোথায় এটিকে খালি করা হয় তার বিবরণ দিন
- খালি করার পরে সেটিকে কীভাবে শোধন করা হয় তার বিবরণ দিন
- যদি উপলব্ধ থাকে তবে দয়া করে নথিপত্র আপলোড করুন

**আপনার কি আপনার সেপ্টিক ট্যাঙ্কটিকে একটি আরও আধুনিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় রূপান্তরের পরিকল্পনা আছে ?**

*পরিবেশে দূষণ এড়ানোর জন্য দূষিত বর্জ্যপানি পরিশোধিত হওয়া এবং যথাযথভাবে নিঃসরণের ব্যবস্থা করা প্রয়োজন।*

*আপনার সেপ্টিক ট্যাঙ্কটিকে একটি আরও আধুনিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় রূপান্তরের পরিকল্পনা আপনার ফেসিলিটির শুরু করে দেয়া উচিত যাতে দীর্ঘমেয়াদের ভিত্তিতে দূষিত পদার্থকে যথাযথভাবে বন্ধ রাখা যায়। আপনি যদি যথাযথভাবে সেপ্টিক বর্জ্যপানিকে শোধন এবং বিনষ্ট করে থাকেন, কিন্তু এখনও আধুনিকতর কোনো ব্যবস্থায় রূপান্তরের কোনো পরিকল্পনা আপনার না থেকে থাকে তাহলে আপনি আংশিক পয়েন্ট পাবেন*

## এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার জানা উচিত যে আপনার পরিচালনার মধ্যে কোনো রাসায়নিক বা শিল্পক্ষেত্র-সম্বন্ধীয় বিপজ্জনক পদার্থ আছে কিনা, এবং, যদি থাকে, আপনার নিশ্চিত করা উচিত যে যথাযথ প্রক্রিয়া ব্যতীত সেগুলো আপনি ফেলে দিচ্ছেন না।

পরিবেশে দূষণ এড়ানোর জন্য বিপজ্জনক কাদা যথাযথভাবে নষ্ট করতে হবে। আপনি যদি যথাযথ প্রক্রিয়ায় আপনার সেপ্টিক বর্জ্যপানি পরিশোধন বা বিনষ্ট না করেন, তাহলে আপনি বিপজ্জনক পদার্থ পরিবেশে ছড়িয়ে দেবেন।

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

ঘরোয়া পানির ব্যবহার যেমন কাচার সাবান, মেঝে এবং দাগ পরিষ্কারের রাসায়নিক, সৌচাগার-সংক্রান্ত অন্যান্য রাসায়নিক সামান্য কয়েকটি নিয়িন্ত্রিত রাসায়নিক এবং উচ্চ মাত্রায় কোলিফর্ম নিষ্ক্রমণ করতে পারে। একটি কারখানার অবশ্যই সেপ্টিক বর্জ্যপানি নিষ্ক্রমণের বিষয়টিকে বুঝতে, মনিটর করতে এবং দায়িত্ব নিতে হবে নিম্নলিখিত কর্মকাণ্ডের মাধ্যমেঃ

1. সেপ্টিক বর্জ্যপানি নিষ্ক্রান্ত হওয়ার আগে পরিশোধন করা হয়েছে তা সুনিশ্চিত করার জন্য একটি প্রক্রিয়া প্রতিষ্ঠা করুন।
2. সেপ্টিক বর্জ্যপানির ব্যবস্থাপনা এবং মনিটর করার জন্য একজন দায়িত্ববান কর্মচারীকে নিয়োগ করুন
3. সেপ্টিক ট্যাঙ্কের উপাদান খালি করার জন্য অনুমোদিত তৃতীয় পক্ষের সাথে চুক্তি করুন এবং নিষ্কাশন করার রেকর্ড/ইনভয়েস রেখে দিন

## এটা কীভাবে যাচাই করা যাবে:

### পুরো পয়েন্ট

- **আবশ্যক ডকুমেন্টেশন:**
    - ডকুমেন্টেশন (প্রক্রিয়া, সরঞ্জামের নকশা, পদ্ধতিসমূহ, দায়বদ্ধ ব্যক্তিবর্গ, ইত্যাদি) যাতে বোঝা যায় যে সাইটটি সেপ্টিক বর্জ্যপানিকে নিষ্কাশন করার আগে তা পরিশোধন করে
    - সেপ্টিক ট্যাঙ্ক ভর্তি হয়ে গেলে আপনি কীভাবে তা খালি করেন এবং বর্জ্য ফেলে দেন তার বিবরণের কাগজপত্র
    - যদি প্রযোজ্য হয় তবে সমস্ত অনুমতিপত্র
    - সেপ্টিক ট্যাঙ্কের উপাদান সরানোর পরে তা বিনষ্ট করার রেকর্ড/ ইনভয়েস যদি প্রযোজ্য হয়
    - একটি সময়-কেন্দ্রিক পরিকল্পনা যাতে আপনি কীভাবে আপনার সেপ্টিক ট্যাঙ্কটিকে একটি আরও আধুনিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় রূপান্তর করছেন বা করবেন তার বিশদ বিবরণ এবং মাইলস্টোনগুলি রয়েছে

- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**
    - কর্তৃপক্ষ এবং দায়বদ্ধ কর্মচারীরা বর্ণনা দিতে পারবেন যে সেপ্টিক ব্যবস্থায় কোন নির্দিষ্ট ধরনের বর্জ্য পানি পরিশোধিত হয়
    - কর্তৃপক্ষ এবং দায়িত্বশীল কর্মচারীরা বর্ণনা দিতে পারবেন যে কীভাবে কারখানাটি ভর্তি সেপ্টিক ট্যাঙ্ককে খালি করে এবং মোটামুটিভাবে বলতে পারবেন যে কত ঘন ঘন এই প্রক্রিয়া করা হয়ে থাকে।
    - কর্তৃপক্ষ এবং দায়িত্বশীল কর্মচারীরা বর্ণনা দিতে পারবেন যে সেপ্টিক ট্যাঙ্কের বর্জ্য পরিশোধন এবং/অথবা নিষ্ক্রমণ কোথায় হয়
    - সেপ্টিক ট্যাঙ্কটিকে একটি আরও আধুনিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় রূপান্তর করা বিষয়ে তাদের পরিকল্পনা সম্পর্কে কর্তৃপক্ষ বলতে পারবেন এবং এটি করার জন্য তাদের সময়সীমাও দিতে পারবেন

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
    - সেপ্টিক ট্যাঙ্ক এলাকা এবং নর্দমার পাইপলাইনগুলোর ছবি তুলুন
    - প্রদত্ত পরিকল্পনার সাথে ছবিগুলো মেলে কিনা
    - সেপ্টিক বর্জ্য বা উপচে পড়া সেপ্টিক ব্যবস্থার অনুপযুক্ত ডিস্পোজালের কোনো প্রমাণ রয়েছে? যদি তা হয়, তবে মন্তব্য করুন এবং ছবি তুলুন।

**আংশিক পয়েন্টগুলো**

- "হ্যাঁ" লেখার জন্য যা দরকার সেটুকুই যার ব্যতিক্রম হলো সেপ্টিক ট্যাঙ্ক থেকে আপগ্রেড করার পরিকল্পনা

# বর্জ্যপানি - স্তর ২

## ৭। বর্জ্যপানির মানদণ্ডের ভিত্তিতে কি আপনি রিপোর্ট দিচ্ছেন?

· **আপনি কি এই মানদণ্ডটির বিরুদ্ধে রিপোর্ট করছেন?**

- জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকা
- বিএসআর
- আইপিই
- গ্রাহক/ব্র্যাণ্ড
- অন্যান্য হলে, দয়া করে বিবরণ দিন (ব্যতিক্রম স্থানীয় আইন এবং প্রবিধানসমূহ)

· **মানদণ্ডে উল্লিখিত সমস্ত প্যারামিটার অনুযায়ী কি আপনি পরীক্ষা করিয়েছেন এবং সেগুলির সাথে সামঞ্জস্য বজায় রেখেছেন?**

**। মানদণ্ডের প্ল্যাটফর্মে কি আপনার প্যারামিটারের ফলাফল পাওয়া যাবে? (*যেমন, জেডডিএইচসি গেটওয়ে অথবা আইপিই ডেটাবেস*)**

*জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকা যদি বেছে নেয়া হয়ঃ*

· **টেবিল 2A-N-এর রাসায়নিক গ্রুপেও কি প্যারামিটারের কিছু আপনার ফলাফলে চিহ্নিত করা যাচ্ছে না?**

পরীক্ষার ফলাফল আপলোড করুন
চিহ্নিত করা গেলে প্যারামিটারের টেবিলগুলিকে সম্পূর্ণ করুন

### এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নরে উদ্দশ্যে হলো বর্জ্যপানি মানদণ্ড অনুসরণ এবং রপিোর্টঙিরে মাধ্যমে একটি কারখানার বর্জ্যপানরি গুণগত মান সংক্রান্ত কর্মকুশলতা প্রদর্শন করা। এখানে রফোর করা মানদণ্ড হলো ইন্ডাস্ট্রর মানদণ্ড এবং উদ্দশ্যে হলো স্থানীয় আইন এবং প্রবধািনরে সঙ্গে সঙ্গতি রক্ষা করে উন্নতবিধান করা।

আপনার কারখানা থকেে নষ্কিাশতি পানরি গুণগত মান প্রত্যক্ষভাবে বাস্তুগত প্রভাব এবং কার্যনর্বিাহরে ব্যয়ভাররে সঙ্গে সম্পর্কতি। এটি ইন্ডাস্ট্রর সংগঠনগত স্বচ্ছতার জন্য প্রয়োজনীয় সম্ভাব্য নষ্কিাশন সংক্রান্ত বাধ্যবাধকতার সাথে সঙ্গতি রক্ষা করার সঙ্গওে প্রত্যক্ষভাবে জড়তি।

**ঐচ্ছিক জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকাটি কি?**

জিরো ডিসচার্জ অব হ্যাজার্ডাস কেমিক্যালস (জেডডিএইচসি) ওয়েস্টওয়াটার গাইডলাইন একটি ঐচ্ছিক নির্দেশিকা যা কতকগুলি ব্র্যাণ্ড তাদের গ্রাহকদের জন্য বাধ্যতামূলক করে দিয়েছে। আপনি যদি আপনার গ্রাহকদের কাছ থেকে জেডডিএইচসি সম্পর্কে না শুনে থাকেন, তবে দয়া করে এই রেফারেন্সটিতে গুরুত্ব দেবেন না - যদি আপনি প্যারামিটার টেবিলের শেষে কলামটির উত্তর না দেন তাহলে আপনাকে কোনভাবে ***শাস্তি দেয়া হবে না।***

জিরো ডিসচার্জ অব হ্যাজার্ডাস কেমিক্যাল্স (জেডডিএইচসি) কর্মসূচী হলো বিভিন্ন ব্র্যান্ড, ভ্যালু চেইন অ্যাফিলিয়েট এবং সহযোগীদের মধ্যে একটি সহযোগিতামূলক কর্মকাণ্ড যারা জেডডিএইচসি বর্জ্যপানি সংক্রান্ত নির্দেশিকা প্রকাশ করে, যেটি বর্জ্যপানির গুণগত মানের বিষয়ে সমগ্র বয়ন এবং ফুটওয়্যার শিল্পের একটি সমবেত প্রত্যাশা। যদি আপনি জেডডিএইচসি সম্পর্কে আরো তথ্য চান, আপনি তাদের ওয়েবসাইট এবং নির্দেশিকাটি এখানে দেখতে পারেন: https://www.roadmaptozero.com/about

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

1) গত বছর 3য় পক্ষের অনুমোদিত পরীক্ষাগারগুলি থেকে প্রাপ্ত পরীক্ষার রিপোর্টগুলি থেকে অথবা অভ্যন্তরীণ মনিটরিং রিপোর্ট থেকে ত্রুটি খুঁজে পেয়েছেন / জানা গেছে যে সীমা অতিক্রম করেছে এমন সমস্ত প্যারামিটারগুলো সম্পর্কে রিপোর্ট করুন। উপাত্ত রিপোর্ট করাকে পুরস্কৃত করার পরিবর্তে আমরা পদক্ষেপকে প্রাধান্য দেয়ার জন্য বর্জ্যপানির সমস্যার বিষয়ে তথ্য সংগ্রহ করতে চাইছি।

- ব্যবহৃত মানদণ্ড বেছে নিন
- **প্যারামিটারগুলোর সাথে সামঞ্জস্যবিহীন ফলাফলগুলোকে প্রবেশ করান** (নম্বর টাইপ করুন এবং ইউনিট বেছে নিন)।
- **অনুমতিপত্র বা মানদণ্ড অনুযায়ী বাধ্যতামূলক সীমাটি লিখুন** (যেমন, ফাউণ্ডেশনাল লেভেলে উল্লিখিত জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকায় তালিকাভুক্ত সীমাগুলি)
- যদি আপনি জেডডিএইচসি বর্জ্যপানি মানদণ্ড বেছে নেন, আপনাকে আপনার সাইটের বর্জ্যপানি সংক্রান্ত পরীক্ষার ফলাফলে জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকায় তালিকাভুক্ত পরীক্ষার প্যারামিটারগুলো চিহ্নিত হয়েছে কিনা সে সম্পর্কে অতিরিক্ত একগুচ্ছ প্রশ্ন জিজ্ঞাসা করা হবে যার জন্য আপনাকে কোনো নম্বর দেয়া হবে না। খেয়াল রাখবেন যে যদি কোনো দূষণের প্যারামিটার খুঁজে পাওয়া যায় সেটা জানার জন্য ভেতরে ঢোকা পানির পরীক্ষা করানোরও সুপারিশ করা হয়।

## এটা কীভাবে যাচাই করা যাবে:

**হ্যাঁ**

- **আবশ্যক ডকুমেন্টেশন:**
    - বর্জ্যপানি সংক্রান্ত পরীক্ষার ফলাফলটি উপলব্ধ হওয়া উচিত যেটিতে কারখানার অনুসরণ করা প্যারামিটারগুলিকে (পরিশোধিত এবং অপরিশোধিত তরল) দেখানো হয়েছে। জেডডিএইচসি বর্জ্যপানি সংক্রান্ত নির্দেশিকার হিসেবে, বর্জ্যপানির পরীক্ষা ফ্রিকোয়েন্সি, পরীক্ষার প্যারামিটার, সীমা, নমুনা প্রদান

এবং পরীক্ষার পদ্ধতি অনুযায়ী হওয়া উচিত। জেডডিএইচসি গেটওয়ে - বর্জ্যপানি মডিউল অনুযায়ী পরীক্ষার ফলাফল আপলোড করুন।
  - প্যারামিটারগুলোকে রেকর্ড এবং বিশ্লেষণ করা হয়েছে তার কাগজপত্র দেখান
  - নমুনা প্রক্রিয়ার কাগজপত্র
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**
  - ফেসিলিটির ভেতরে বর্জ্যপানি নিষ্কাশন সম্পর্কে কি প্রধান কর্মচারীরা সচেতন?
  - বর্জ্যপানি যথাযথভাবে নিষ্কাশন না হওয়ার ক্ষেত্রে পরিচালকবর্গকে জানানোর জন্য কর্মচারীদের কাছে কি চিহ্নিত করার কোনো পদ্ধতি বিদ্যমান রয়েছে?
  - যেসব প্রধান কর্মচারীরা নমুনা প্রক্রিয়া নিয়ে কাজ করেন তাদের কি যথাযথ প্রশিক্ষণ দেয়া হয়? কত ঘন ঘন?

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
  - গর্ত/ পিটগুলো যেখানে বর্জ্যপানি জমা হয় সেগুলো কি ভালো অবস্থায় এবং পূর্ণ অখণ্ড অবস্থায় রয়েছে ?
  - দূষণ বা অবরোধস্থান থেকে উপরিভাগের পানি/ঝড়ের পানি কি বিনা বাধায় নিষ্কাশিত হয়?
  - বর্জ্যপানি/ বর্জ্যপানি নিষ্ক্রমণের জন্য প্রতিষ্ঠিত প্রক্রিয়া কি অনুসৃত হচ্ছে? (যেমন, বর্জ্যপানির ব্যবস্থাপনা, ক্রিয়াকলাপ ইত্যাদি)
  - ইটিপি-এর প্রতিটি পরিশোধন-সংক্রান্ত পদক্ষেপের জন্য ছবি দিন

## ৮। আপনি কি সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগার থেকে বর্জ্যপানির গুণগত মানের ফলাফলের জন্য অনুরোধ জানিয়েছেন?

*আপলোড করুনঃ ক) সাইটের বাইরে কোনো বর্জ্যপানি পরিশোধনাগার থেকে আপনার গুণগত মানের ফলাফলের জন্য অনুরোধের কাগজপত্র; খ) সাইটের বাইরে বর্জ্যপানি পরিশোধনাগারের গুণগত মানের রেকর্ড ( যদি প্রদান করা হতে থাকে)*

*আপনার কারখানা পরিবেশে দূষিত করতে থাকলে বর্জ্যপানি পরিশোধনাগারে বর্জ্যপানির গুণগত মান লঙ্ঘনের যে কোনো ঘটনা সম্পর্কে সচেতন থাকা জরুরি। যদিও আপনার কারখানার সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগারের উপর কোনো কর্তৃত্ব নেই, দয়া করে বর্জ্যপানির গুণগত মানের ফলাফলের জন্য আপনার অনুরোধের প্রমাণ দিন, যদি গুণগত মান সম্পর্কে ফলাফল প্রদান না করা হয়ে থাকে তবুও। যথাযথ পরিশোধন এবং নিষ্কাশনের জন্য বর্জ্যপানি পরিশোধনের পরিকল্পনায় সহায়তা করার জন্য যদি আপনি কোনো পদক্ষেপ নিতে সক্ষম হন তাহলে আপনাকে আরো তথ্য সরবরাহ করাই এই প্রশ্নের উদ্দেশ্য।*

### এই প্রশ্নের উদ্দেশ্য কি?

সাইট-বহির্ভূত যে বর্জ্যপানি পরিশোধনাগারের সঙ্গে বর্জ্যপানি পরিশোধনের জন্য চুক্তি করা হয়েছে, সেটি এবং ফেসিলিটির মধ্যে সংযোগ এবং দায়িত্ববোধ গড়ে তোলা এই প্রশ্নের উদ্দেশ্য। তাদের বর্জ্যপানি সঙ্গতিপূরণ এবং কোনোপ্রকার পরিবেশ লঙ্ঘনের জন্য দায়ী নয়

তা নশি্চতি করার জন্য কারখানাটকিে যথা সম্ভব সক্রয়ি করে তোলা এই প্রশ্নরে উদ্দশ্যে। সাইট-বহরি্ভূত বর্জ্যপানি পরশিোধনাগার থকেে উত্তররে ফলাফল যাই হোক না কনে, ফসেলিটিরি সক্রয়ি প্রচষ্টো সম্পর্কইে এই প্রশ্নে জজি্ঞাসা করা হচ্ছ।ে

এই তথ্য আপনার পরস্থিতি সিম্পর্কে বোঝার ক্ষত্রেে এবং ঝুঁকরি কারণ এবং/অথবা উন্নতবিধিানরে সুযোগ চহি্নতি করার ক্ষত্রেে দরকার।ি

অফসাইট বর্জ্যপানি পরশিোধনাগার থকেে গুণগত মানরে ফলাফল সম্পর্কে অনুরোধ জানয়ি,ে একটি কারখানা নশি্চতি করে যে প্রায়শই অফসাইট কারখানা থকেে পরবিশেে নষি্ক্রান্ত হওয়া পরশিোধতি বর্জ্যপানি তাদরে নজিদেরে কারখানা এবং অফসাইট পরশিোধনাগাররে মধ্যে নষি্ক্রমণ সংক্রান্ত নয়িমরে সঙ্গওে সঙ্গতবিধিান করছ।ে

যদিও আপনার ফেসিলিটির সাইট-বহির্ভূত 3য় পক্ষরে পরশিোধনরে উপর কোনো নয়িন্ত্রণ নইে, যকেোনো শৃঙ্খলাভঙ্গ সম্পর্কে এবং সইে ফসেলিটিটি কিতদূর পর্যন্ত শৃঙ্খলাভঙ্গ করছে সে সম্পর্কে সচতেন থাকা জরুর।ি এছাড়াও, যদি আপনার সাইট সঙ্গতপিূর্ণ আচরণ না করে থাক,ে এই প্রশ্নটি নশি্চতি করে যে আপনার ফসেলিটিরি সমস্যাটি সমাধানরে জন্য একটি পরকিল্পনা রয়ছে।ে স্তর ১-এর বদলে স্তর ২-এ এটি অন্তর্ভুক্ত করা হয়ছেে যহেতেু একটি কারখানার অফসাইট পরশিোধনাগাররে উপর কোনো প্রত্যক্ষ নয়িন্ত্রণ বা দৃশ্যমানতা নাও থাকতে পার।ে

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

এই প্রশ্নরে জন্য আপনার কারখানা ততক্ষণই ক্রডেটি পাবে যদি আপনি প্রিমাণ দতিে পারনে যে আপনি অফসাইট বর্জ্য পরশিোধনাগাররে সঙ্গে যোগাযোগ করছেলিনে বর্জ্যরে গুনগত মান সংক্রান্ত রপিোর্টরে জন্য। যদি অফসাইট বর্জ্য পরশিোধনাগার প্রত্যাখ্যান করে থাক,ে সক্ষেত্রেে আপনাকে শাস্তি দিয়ো হবে না যদি আপনি আপনার অনুরোধ এবং তাদরে প্রত্যাখ্যানরে প্রমাণ দতিে পারনে।

টীকা: যদি 3য় পক্ষরে বর্জ্য পরশিোধনাগার তাদরে তরল সম্পর্কে অনলাইনে তথ্য দয়ে, তাহলে কারখানাটি এই প্রশ্নরে উত্তরে "হ্যাঁ" লখিতে পার।ে

কখনও কখনও অফসাইট তরল পরশিোধনাগার বর্জ্যপানি নষি্ক্রমণ বষিয়ে ফসেলিটিরি জন্য একটি মানদণ্ড স্থরি করতে পারে এবং কোনো প্যারামটিার অতক্রিম করলে কারখানার থকেে বশেি অর্থমূল্যও চাইতে পার।ে যদি এটি আপনার জন্য প্রযোজ্য হয়, দয়া করে পরস্থিতিটিি ব্যাখ্যা করবনে এবং যদি প্রাসঙ্গকি হয় তবে আপনার কারখানা থকেে যথাযথ মূল্যায়ণরে উদাহরণ দবেনে। যদি বাড়তি হয়ে থাকে তাহলে সফট লমিটি পারমটি নয়। তাদরে পারমটিরে সঙ্গে সঙ্গতি রক্ষা করার প্রয়োজন হব।ে

যদি আপনি ফলাফলের জন্য অনুরোধ করে থাকেন এবং জানতে পারেন যে 3য় পক্ষ বর্জ্যপানি পরশিোধনাগারটি সীমার সাথে সামঞ্জস্যবধিান করনে,ি দয়া করে ববিরণ দয়িে জানান যে আপনার কারখানাও সামঞ্জস্য বজায় রাখার ক্ষত্রেে ব্যর্থ হয়ছেে কনিা। যদি হয়ে থাক,ে আপনার

কারখানা কীভাবে এই সমস্যা সমাধান করছে ? যদি আপনি ফলাফলের জন্য অনুরোধ করে থাকেন, কিন্তু তা না পেয়ে থাকেন, দয়া করে জানান যে কি ঘটেছিল।

### এটা কীভাবে যাচাই করা যাবে:

**হ্যাঁ**

- **আবশ্যক ডকুমেন্টেশন:**
  - সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগারের কাছ থেকে বর্জ্যপানির গুণগত মানের রেকর্ডের জন্য আপনার অনুরোধের সাম্প্রতিক নথিপত্র এবং/অথবা
  - সাম্প্রতিক (বছরের মধ্যে, কিন্তু আদর্শগতভাবে আরও ঘন ঘন) সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগারের গুণগত মানের রেকর্ডগুলি (যদি দেয়া হয়ে থাকে)

- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**
  - বর্জ্যপানির গুণগত মান ব্যাখ্যা করার জন্য দায়িত্বপ্রাপ্ত প্রধান ব্যক্তিবর্গ সাধারণ তরল পরিশোধনাগার থেকে প্রাপ্ত বর্জ্যপানির গুণগত মান সংক্রান্ত পরীক্ষার ফলাফল ব্যাখ্যা করেন
- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
  - নমুনার ফলাফলে কি কারখানার প্রয়োগমূলক অবস্থাগুলোর প্রতিফলন দেখা যাবে?

# বর্জ্যপানি - স্তর ৩

## ৯। আপনার কারখানা কি প্রক্রিয়াজাত বর্জ্যপানিকে প্রক্রিয়াজাত পানি (বন্ধ লুপ) হিসেবে পুনর্ব্যবহার এবং/অথবা রিসাইকেল করে ?

- আপনার উৎপাদন প্রক্রিয়ায় পরিশোধিত এবং রিসাইকেল করা বর্জ্যপানির শতকরা হার লিখুন

*সুপারিশ করা আপলোডঃ ক) রেকর্ডসমূহ যেগুলোতে ক্লোজড-লুপ রিসাইক্লিং প্রদর্শন করা হয়েছে (প্রক্রিয়াজাত পানি থেকে প্রক্রিয়াজাত পানি) এবং / অথবা খ) রিসাইক্লিং করার জন্য পানি যেখানে রাখা হয়েছে অথবা যেখানে রিসাইকেল করা পানি ব্যবহার করা হয়েছে সেই অঞ্চলের অবস্থান অনুযায়ী অর্জিত পানি হ্রাস(গুলো)র তালিকা।*

*যদি আপনার উৎপাদনের বর্জ্যপানিকে পুনর্ব্যবহার এবং/অথবা রিসাইক্লিং করে উৎপাদন প্রক্রিয়াগুলিতে ফেরত পাঠানোর জন্য আপনার বর্জ্যপানি পরিশোধনের ব্যবস্থা থাকে তাহলে **উত্তরে হ্যাঁ বলবেন**। পুনর্ব্যবহৃত এবং/অথবা রিসাইক্লিং করা পানি অবশ্যই উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহার করা যাবে - অন্যান্য ব্যবহার ক্ষেত্রে যেমন সেচ, শৌচাগার এতে অন্তর্ভুক্ত নয়। প্রকৃত পরিশোধন প্রযুক্তির অন্তর্ভুক্ত হতে পারে রাসায়নিক অথবা জৈব প্রযুক্তি যেমন মেমব্রেন ফিল্ট্রেশন অথবা জিরো লিক্যুইড ডিসচার্জ।*

## স্কোরিং সম্পর্কে নোটঃ

- ৫০% বা ততোধিক পুনর্ব্যবহার/রিসাইক্লিং করা = পুরো নম্বর
- না অথবা জানি না = শূন্য পয়েন্ট

## এই প্রশ্নের উদ্দেশ্য কি?

পুনর্ব্যবহার/রিসাইক্লিং এবং সামগ্রিকভাবে তাজা পানির ব্যবহারের ফুটপ্রিন্ট কমানোর জন্য প্রয়োজনীয় উদ্ভাবনী প্রযুক্তিকে পুরস্কৃত করাই এই প্রশ্নের উদ্দেশ্য।

এই প্রযুক্তিটি উৎপাদন প্রক্রিয়ার জন্য তাজাপানি তুলে নেয়ার পদ্ধতিটিকে প্রায় পরিহার করে।

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

যখন জানা কোনো প্রক্রিয়া থেকে প্রাপ্ত বর্জ্যপানি অন্য কোনো প্রক্রিয়ার জন্য গুণগত মানের বাধ্যবাধকতা পূরণ করে না তখন তাকে প্রায়শই পরিশোধন এবং নিষ্কাশন করে দেয়া হয়। তার বদলে যদি কোনো কারখানা এই বর্জ্যপানিকে (হয় রাসায়নিক অথবা জৈব) কারখানার ভেতরেই অন্য কোনো প্রক্রিয়ার জন্য গুণগত খুঁটিনাটি পূরণের জন্য শোধন করে তাকে পুনর্ব্যবহার/ রিসাইক্লিং হিসেবে গণ্য করা হবে। প্রক্রিয়াকে সুদৃঢ় করা ছাড়াও প্রতিটি প্রক্রিয়াই যথাসম্ভব কার্যকরীভাবে পরিচালিত হওয়া নিশ্চিত করার জন্য, পানির রিসাইক্লিং এবং পুনর্ব্যবহার হলো তাজা পানি ব্যবহারের জন্য সবচেয়ে সাধারণ পদ্ধতি। পুনর্ব্যবহারের জন্য, একটি প্রক্রিয়ার বর্জ্যপানি কোনো অতিরিক্ত পরিশোধন ছাড়াই দ্বিতীয় কোনো প্রক্রিয়াতে গুণগত বাধ্যবাধকতা পূরণ করতে পারে। এতে একই পরিমাণ পানি বহুবার ব্যবহৃত হয় যা দ্বিতীয় প্রক্রিয়ায় তাজা পানি ব্যবহারের চাহিদাকে হ্রাস করে।

কোনো কারখানায় সমগ্র পানি ব্যবহারের ১০০%-কেই রিসাইক্লিং করা গেলে তাকে ক্লোজড লুপ বলা হয়। এর অর্থ কোনো গুরুত্বপূর্ণ তাজা পানি কারখানার পরিচালনার জন্য জরুরি নয় যার ব্যতিক্রম হলো প্রাকৃতিক পদ্ধতিতে পানি নষ্ট হওয়া যেমন বাষ্পীভবন। জিরো লিক্যুইড ডিসচার্জ (জেডএলডি) প্রযুক্তি যার মধ্যে পরিশোধন-পূর্ব, বাষ্পীভবন এবং কেলাসিত হওয়ার মতো কিছু পদক্ষেপ অন্তর্ভুক্ত রয়েছে সেটি সমস্ত বর্জ্যপানির উদ্ধার এবং পুনর্ব্যবহারের সমন্বয়সাধন করে।

একটি কারখানা যেটি রিভার্স অসমোসিস (আর-ও) এবং ন্যানোফিল্ট্রেশন প্রযুক্তি ব্যবহার করে বর্জ্যপানি পরিশোধন করে এবং বর্জ্যপানির ৮০% পুনর্ব্যবহার করে কিন্তু মেমব্রেন থেকে ফেরত পাঠানো পানি অফসাইট ইটিপি-তে পাঠায় তাদের জেডএলডি হিসেবে বিবেচনা করা হবে না যেহেতু মেমব্রেন প্রযুক্তির মাধ্যমে ফেরত পাঠানো পানির টিডিএসকে সাধারণ ভাবে নিষ্ক্রান্ত বর্জ্যপানির তুলনায় অনেক বেশি বিপজ্জনক হিসেবে বিবেচনা করা হয়।

এই পানিকে আবার প্রক্রিয়া-পানি হিসেবে ব্যবহৃত হতে হবে। অন্যান্য ব্যবহার যেমন সেচ এবং শৌচাগার এর অন্তর্ভুক্ত নয়।

## এটা কীভাবে যাচাই করা যাবে:

- **আবশ্যক নথিপত্র:**

- কারখানা নথিপত্ররে রকের্ডরে মাধ্যমে প্রমাণ করতে সক্ষম যে তারা প্রক্রয়িাজাত বর্জ্যপানকিে প্রক্রয়িা-পানি হিসিবেে পুনর্ব্যবহার এবং রসিাইক্লংি করতে সক্ষম। পানি প্রত্যাহার করা এবং পানরি ভারসাম্যরে ভত্তিতিে এখানে দেয়া শতকরা হার সঠকি কনিা তা মূল্যায়ণ করার জন্য পানি বভিাগরে ডকুমন্টেশেন-এর জায়গাটি দখেুন (যদি প্রযোজ্য হয়)
- পানি হ্রাসের লক্ষ্য অর্জনের তালিকা যা অনুসরণ করেঃ
  - রিসাইক্লিং-এর জন্য পানিকে যেখানে রাখা হয় সেই অবস্থান
  - যেখানে রিসাইক্লিং করা পানিকে ব্যবহার করা হয় সেই অবস্থান
  - রিসাইক্লিং প্রক্রিয়ার ফ্লো ডায়াগ্রাম

- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**
  - কর্তৃপক্ষ এবং দায়বদ্ধ কর্মচারীরা ব্যাখ্যা করতে/প্রদর্শন করতে পারেন যে কীভাবে বর্জ্যপানি প্রক্রিয়া-পানি হিসেবে পুনর্ব্যবহার এবং/অথবা রিসাইক্লিং হয়
- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
  - প্রক্রিয়াজাত পানির পুনর্ব্যবহার / রিসাইক্লিং-এর জন্য সরঞ্জাম পর্যবেক্ষণ
  - যন্ত্রপাতগিুলোর বশিদ ববিরণ (কাজ, পানি খরচরে ক্ষত্রেে লাভ, কত পুরনো, রক্ষণাবক্ষেণ, ইত্যাদি।)
  - দয়া করে যন্ত্রপাতির ছবি তুলুন
  - নিষ্কাশনের আগে সমস্ত ফেরত পাঠানো বর্জ্যপানি পরিশোধনের মধ্যে দিয়ে যায় তা নিশ্চিত করা (উপরে আগের প্রশ্নগুলোতে যেভাবে রেকর্ড করা আছে)

# বায়ু নির্গমন

শহরের উপরে ধোঁয়ার মেঘ আমরা সকলেই দেখেছি এবং জানি যে দূষণ মানুষ ও পরিবেশের জন্য অস্বাস্থ্যকর। এই দৃশ্যমান ধোঁয়াশা আপনার কারখানা থেকে নির্গত বায়ুর একটি ফলাফল, কিন্তু শিল্পগত প্রক্রিয়া এবং পরিচালনার ফলে অদৃশ্য দূষিত কণাও নির্গত হয় যা মানুষের স্বাস্থ্যে প্রভাব ফেলে এবং জলবায়ুর পরিবর্তনকে প্রভাবিত করে।
বায়ু নির্গমন সাধারণত হয়ে থাকে এখান থেকেঃ

- **ফেসিলিটিতে কার্যসম্পাদনা: বয়লার, জেনারেটর, এবং শীতলীকরণ ব্যবস্থা** (সাধারণত ধুলো/কণার অংশ বা পার্টিকুলেটস, (পিএম10, পিএম2.5), নাইট্রোজেনের বিভিন্ন অক্সাইড ("এনওএক্স"), সালফারের বিভিন্ন অক্সাইড ("এসওএক্স"), ওজোনকে শুষে নেয়া পদার্থসমূহ ("ওডিএস") এবং অন্যান্য ক্ষতিকর বায়ুদূষক ত্যাগ করে)।
- **উৎপাদন প্রক্রিয়া: উৎপাদনের জন্য সরঞ্জাম এবং নির্মাণের প্রক্রিয়াসমূহ** (সাধারণত নির্গত হয় পরিবর্তনশীল জৈব যৌগ ("ভিওসি"), ওজোন শোষক পদার্থ ("ওডিএস"), ধুলো/ বস্তুকণা বা পার্টিকুলেটস (পিএম10, পিএম2.5), এবং অন্যান্য ক্ষতিকর বায়ুদূষক।

**জরুরি নোট:** নিচে আপনাকে বেছে নিতে বলা হবে যে বায়ু নির্গমনকারী কোন ক্রিয়াকলাপগুলি অথবা প্রক্রিয়াগুলি আপনার সাইটে রয়েছে। আপনার পছন্দগুলো আপনাকে সেইসব প্রশ্নের অভিমুখ নির্দেশ করবে যেগুলো আপনার ফেসিলিটির ক্ষেত্রে সবচেয়ে বেশি প্রযোজ্য। ক্রিয়াকলাপজনিত কারণে বা উৎপাদনগত ভাবে যদি আপনার কারখানা থেকে বায়ু নির্গমন না হয়, তাহলে আপনার এই বিভাগটি সম্পূর্ণ করার দরকার নেই।

হিগ এয়ার এমিশন বিভাগ অনুযায়ী আপনার জন্য বাধ্যতামূলকঃ

- যদি প্রযোজ্য হয় তাহলে **ফেসিলিটির ক্রিয়াকলাপ এবং রেফ্রিজারেশনের** কারণে ***নির্গমনের পরিমাণ,*** অনুসরণ করুন।
- **জরুরি নোট:** যদি আপনি (রেফ্রিজারেন্ট) সাইটে ব্যবহার করেন তবে আপনাকে সুনির্দিষ্টরূপে জিজ্ঞাসা করা হবে যে কোন রেফ্রিজারেন্টগুলোকে ব্যবহার করা হয়। এই রেফ্রিজারেন্টগুলো আপনার জিএইচজি নির্গমন গণনায় প্রভাব ফেলে, সুতরাং সঠিকভাবে রেফ্রিজারেন্টগুলোকে ট্র্যাক করার বিষয়টি নিশ্চিত করুন।
- যদি প্রযোজ্য হয়, **উৎপাদন প্রক্রিয়াগুলো থেকে** নির্গমনের ***পরিমাণকে*** অনুসরণ করুন।
- ***কার্যসম্পাদন এবং রেফ্রিজারেশন*** *সংক্রান্ত নির্গমন* নিয়ন্ত্রক ডিভাইস / অপসারণ প্রক্রিয়াসমূহ এবং পর্যবেক্ষণের হার তালিকাভুক্ত করুন।
- ***উৎপাদন সংক্রান্ত*** *নির্গমনের জন্য* নিয়ন্ত্রক ডিভাইস / অপসারণ প্রক্রিয়া এবং পর্যবেক্ষণের হার তালিকাভুক্ত করুন।
- **নাইট্রোজেন অক্সাইডগুলো (এনওএক্স), সালফার অক্সাইডগুলো (এসওএক্স) এবং পার্টিকুলেট ম্যাটার (পিএম)-এর** উন্নততর কর্মকুশলতার বিশেষ অর্জনকে নির্দিষ্ট করে বলুন।
- এমন কোনো প্রক্রিয়া আপনার ফেসিলিটির আছে কিনা যা বায়ু নির্গমনকে উন্নত করার জন্য প্রয়োজনীয় **সরঞ্জামের আধুনিকীকরণ** করে, সে বিষয়টি স্পষ্টভাবে জানান।

মনে রাখবেনঃ সরঞ্জাম ভেঙে যাওয়া বা তাতে ছিদ্র হওয়ার কারণেই রেফ্রিজারেন্ট থেকে দূষিত বায়ুর অদৃশ্য নির্গমনের ঘটনা সবচেয়ে বেশি ঘটে। ইএমএস বিভাগে যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ সম্পর্কে আপনাকে জিজ্ঞাসা করা প্রশ্নাবলী এই বিভাগের সাথে সঙ্গতিপূর্ণ যেহেতু অদৃশ্য নির্গমন প্রতিরোধ করার ক্ষেত্রে প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ সর্বোত্তম পদ্ধতিগুলোর একটি।

## বায়ু নির্গমনের ভূমিকা

কারখানা থেকে বায়ু নির্গমন সাধারণত হয়ে থাকেঃ

- আপনার উৎপাদন প্রক্রিয়াগুলিঃ উৎপাদনের সরঞ্জামসমূহ এবং নির্মাণের প্রক্রিয়া
- আপনার কারখানার ক্রিয়াপ্রণালীঃ বয়লারগুলি, জেনারেটরগুলি, এবং শীতলীকরণ প্রক্রিয়াসমূহ

**নির্গমনের ধরনের অন্তর্ভুক্তঃ**

- **পয়েন্ট সোর্স নির্গমন** – বায়ুর প্রবাহ যা কোনোভাবে নিয়ন্ত্রণ করা হয় এবং একটি একক উৎস যেমন স্ট্যাক থেকে বায়ুমন্ডলে ছেড়ে দেয়া হয়। এই নির্গমনগুলো কারখানা-সংক্রান্ত হতে পারে, যেমন বয়লার থেকে নির্গমন, অথবা প্রক্রিয়া-সংক্রান্ত, যেমন উদ্বায়ী রাসায়নিক ব্যবহারের জন্য এক্সহস্ট ব্যবস্থা।
- **নন-পয়েন্ট সোর্স অথবা ফিউজিটিভ নির্গমন** – হিগ এফইএম-এর জন্য, বায়ু নির্গমনের এইসকল উৎস হলো সেইগুলো যাদের সাধারণভাবে ঘরের ভেতরে অথবা বাইরের পরিবেশে নিষ্ক্রান্ত করিয়ে দেয়া হয়। এই ধরনের নির্গমনগুলো সাধারণত হলো প্রক্রিয়া-সংক্রান্ত যেমন স্ক্রিন প্রিন্টিং, স্পট ক্লিনিং, রঞ্জন, ইত্যাদি)।

একটি কারখানাতে নির্গমনের উৎসগুলোর যেকোনোটির থেকেই একাধিক নির্গমন বা ডিসচার্জ পয়েন্ট তৈরি হতে পারে। উদাহরণ স্বরূপ, একটি কারখানায় একাধিক বয়লার বা একাধিক নির্গমন প্রক্রিয়া থাকতে পারে।

এইসব ক্রিয়াকলাপের মাধ্যমে পরিচিত দূষক পদার্থ বাতাসে ছড়িয়ে পড়েঃ

- অ্যাসিডের ধোঁয়া
- ধুলো/পদার্থকণা (পিএম10, পিএম2.5) - সাধারণত জ্বালানী পোড়া, তাকলি ঘোরানো, সিন্থেটিক তন্তু তৈরি, ঢালাইয়ের সাথে জড়িত
- নাইট্রোজেনের বিবিধ অক্সাইড ("এনওএক্স") - সাধারণত জ্বালানী পোড়ার সাথে যুক্ত
- সালফারের বিবিধ অক্সাইড ("এসওএক্স") - সাধারণত জ্বালানী পোড়ার সাথে যুক্ত
- অস্থির জৈব যৌগসমূহ (ভোলাটাইল অর্গ্যানিক কম্পাউন্ডস, "ভিওসি") - সাধারণত ফ্যাব্রিক ফিনিশ, দ্রাবক, আঠা, কাপড় ছাপা, টেন্টারফ্রেম, তেল পরিষ্কার করার ক্রিয়াকলাপের (ডিগ্রিজিং) সাথে সম্পর্কিত
- ওজোন-শোষক উপাদানসমূহ ("ওডিএস") - সাধারণত রেফ্রিজারেন্টগুলো, পোষাকের দাগ মোছার যন্ত্রগুলো, এবং কিছু আঠা ও দ্রাবকে পাওয়া যায়
- বিপজ্জনক বা ক্ষতিকর বায়ু দূষক - সাধারণত জ্বালানী পোড়া, দ্রাবক, আঠা, এবং পোষাকের শেষ প্রস্তুতিমূলক কিছু বিষয়, ধাতুর প্লেটিং-এর সাথে জড়িত
- ঘূর্নন, চাকান (স্ল্যাশিং), এবং বুনন থেকে উৎপন্ন তুলোর ধুলোকণার নিয়ন্ত্রিত নির্গমন
- ধোঁয়া: রঙ করা এবং প্লাস্টিক ইঞ্জেকশনের ছাঁচ

পরিচিত কোনো নির্গমন-সূত্রের জন্য (যেমন, বয়লার চালানো, বহুবিধ উৎপাদন প্রক্রিয়া), বহুবিধ নির্গমন অথবা ডিসচার্জ পয়েন্ট থাকতে পারে। আপনার কারখানার মাধ্যমে নির্গত বায়ুদূষক নিয়ন্ত্রণের জন্য আপনার কারখানার নির্গমন পয়েন্টগুলো আপনার বৃহত্তম সুযোগ। এখানে বায়ুদূষণের সবচেয়ে সাধারণ ডিসচার্জ পয়েন্টগুলো দেয়া হলোঃ

- স্ট্যাক, চিমনি, অথবা ভেন্ট (উৎপাদনের সরঞ্জাম অথবা ডর্মের সাথে সম্পর্কিত সেবাসমূহ, যেমন একটি রান্নাঘর)
- খোলা ট্যাঙ্ক
- ধুলিকণা-সম্বলিত বস্তু নাড়াচাড়া করা বা সরানো
- দ্রাবক প্রয়োগ

বায়ু নির্গমনের ক্ষেত্রে শক্তি, পানি, এবং বর্জ্যের ব্যবস্থাপনা নয়, অন্য ধরনের চিন্তাভাবনার প্রয়োজন হয়। বায়ু নির্গমন একটি স্তর নির্দিষ্ট করার জন্য নিয়ন্ত্রণ করা হয়, এবং শক্তি, পানি, এবং বর্জ্যকে অনবরত উন্নততর করা যায়।

আপনার কারখানার বায়ুর কর্মকুশলতা প্রকৃতপক্ষে আপনার যেসব যন্ত্রপাতি রয়েছে তার উপরে নির্ভর করে। যদি আপনার যন্ত্রপাতি পুরনো হয় বা রক্ষণাবেক্ষণ ভালো না হয়, বায়ু নির্গমনের ক্ষেত্রে আপনার ঝুঁকি বেশি। **সুষম বায়ু নির্গমন ব্যবস্থাপনাকে সুনিশ্চিত করার জন্য সর্বোত্তম কাজ যা আপনি করতে পারেন তা হলো আধুনিক মানের সরঞ্জামে উত্তরণ এবং বিদ্যমান সরঞ্জামগুলোর রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধান করার জন্য কঠোর প্রক্রিয়া অবলম্বন করা।**

যদি সিএফসি এবং এইচসিএফসি (ওজোন-শোষক পদার্থ) কারখানায় ব্যবহৃত হয়, এইসব গ্যাসগুলোকে কমজোরি করার জন্য প্রয়োজনীয় সমাধান বিবেচনা করা উচিত। রেফ্রিজারেন্ট, অ্যারোসোল প্রপেলেন্ট এবং ফোম ব্লোয়িং এজেন্টগুলোতে নিম্ন মাত্রার জিডাব্ল্যুপি-সম্পন্ন রাসায়নিক যেমন এইচএফও ব্যবহার করা একটি সমাধান হতে পারে। আপনার রেফ্রিজারেন্টগুলোর মধ্যে কোনটি ট্র্যাক করা এবং ফেজ-আউট করা জরুরি তা চিহ্নিত করার জন্য অনুগ্রহ করে নিচের তালিকায় রেফারেন্স নম্বর সহ রেফ্রিজারেন্টগুলো দেখুন: https://www.ashrae.org/standards-research--technology/standards--guidelines/standards-activities/ashrae-refrigerant-designations.

## উন্নতি করার ক্ষেত্রে হিগ্ কীভাবে আপনার সহায়তা করবে ?

বায়ু নির্গমনের বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য, আপনাকে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় কার্যকরী করতে হবেঃ

1. আপনাকে অবশ্যই আপনার স্থানীয় নিয়মাবলী/ অনুমতির আবশ্যকতাগুলো জানতে হবে, জানতে হবে যে কীভাবে পর্যবেক্ষণ/ বলবৎ করার প্রক্রিয়া কাজ করে, এবং সামঞ্জস্য দেখানোর জন্য একটি কার্যকর প্রক্রিয়া থাকতে হবে (হিগ এফইএম অনুমতি বিভাগ এবং ইএমএস বিভাগ, পারমিট্স অ্যান্ড ইএমএস সেকশান)
2. আপনার কারখানার বায়ু নির্গমনের উৎসগুলো আপনাকে অবশ্যই জানতে হবে (হিগ্ এফইএম প্রয়োগযোগ্যতার পরীক্ষা)
3. আপনার কারখানা থেকে যে দূষিত বায়ুকণা নির্গত হয় তা আপনাকে অবশ্যই ট্র্যাক করতে হবে (হিগ্ এফইএম স্তর ১)

4. আপনাকে অবশ্যই নিয়ন্ত্রক যন্ত্র বসাতে হবে এবং/অথবা আধুনিক সরঞ্জামে আপগ্রেড করতে হবে (যেমন, আধুনিক বয়লার) নিশ্চিত করার জন্য যে সামঞ্জস্যবিধি/মানদণ্ড পূরণ হয়েছে অথবা তার অধিক সামঞ্জস্য রক্ষা করা হয়েছে (হিগ্ এফইএম স্তর ১)

আপনার সুনির্দিষ্ট প্রযুক্তি এবং মেশিনের উপরে বায়ু নির্গমন প্রায়শই নির্ভরশীল; সুতরাং, সরঞ্জাম রক্ষণাবেক্ষণ করা এবং আপগ্রেড করা জরুরি। কোন প্রযুক্তি কীসের সাথে সংযুক্ত হলে তা নির্গমনকে হ্রাস করবে সে বিষয়ে আপনাকে নির্দেশনা দেয়ার জন্য এখনও কোনো মানদন্ড নেই, কিন্তু হিগ্ এফইএম-এর প্রশ্নগুলো আপনাকে আপনার নিজস্ব নির্গমনের ব্যবস্থাপনা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে প্রস্তুত করবে। কীভাবে সরঞ্জামের রক্ষণাবেক্ষণ করতে হয় তা এমন একটি কাজ যা কারখানার একজন প্রশিক্ষণপ্রাপ্ত প্রযুক্তি বিশেষজ্ঞের জন্যই যথাযথ।

অপসারণ প্রযুক্তি হতে পারে:

- শোষণ
- অ্যাক্টিভেটেড কার্বন ফিল্টার
- সাইক্লোন
- ডাস্ট ব্যাগ ফিল্টার
- ইলেক্ট্রোস্ট্যাটিক প্রেসিপিটেটর
- স্ক্রাবার
- নির্বাচিত অনুঘটক সংক্রান্ত প্রতিক্রিয়া (সিলেক্টিভ ক্যাটালিটিক রিঅ্যাকশন)
- নির্বাচিত অননুঘটক সংক্রান্ত প্রতিক্রিয়া (সিলেক্টিভ নন-ক্যাটালিটিক রিঅ্যাকশন)

জিএইচজি নির্গমন কেবলমাত্র শক্তির ব্যবহার এবং জ্বালানী পোড়ানোতেই সীমিত নয়, বরং উৎপাদন প্রক্রিয়ার ফলস্বরূপ নির্গত দূষণেরও ফল। ফেসিলিটি এনভায়ারনমেন্টাল মড্যুল-এর এয়ার সেকশন (বায়ু বিভাগ) জ্বালানী পোড়ানোর সাথে সংযুক্ত নয় এমন জিএইচজি নির্গমনকে পরিমাপ করে। যদি আপনার কারখানায় জ্বালানী-বিহীন উৎসসমূহ থেকে জিএইচজি নির্গমন হয় যেমন এইচএফসি (যেমন, রেফ্রিজারেন্টের ছিদ্র এবং অ্যারোসোল প্রপেল্যান্ট এবং ফোম ব্লোয়িং এজেন্ট থেকে এইচএফ বেরিয়ে যাওয়া) এবং উৎপাদনজনিত নির্গমন নিয়ন্ত্রক যন্ত্রপাতি, তাহলে হিগ্ ইনডেক্স জিএইচজি ফুটপ্রিন্টের অংশ হিসেবে আপনাকে জিএইচজি গণনা করতে সহায়তা করবে।

### হিগ এফইএম-এ বায়ু নির্গমন অনুসরণ এবং রিপোর্টিং

দীর্ঘ সময় ধরে বায়ু নির্গমন সংক্রান্ত উপাত্তকে সঠিকভাবে অনুসরণ করা এবং রিপোর্ট করা হলে উন্নতির সুযোগের ক্ষেত্রে তা ফেসিলিটির এবং স্টেকহোল্ডারদের জন্য বিশদ অন্তর্দৃষ্টি প্রদান করে। যদি উপাত্ত সঠিক না হয়, তবে তার ফলে একটি ফেসিলিটির বায়ু নির্গমনের ফুটপ্রিন্ট বুঝতে পারা এবং পরিবেশগত ক্ষতি হ্রাস করার জন্য সুনির্দিষ্ট পদক্ষেপগুলিকে চিহ্নিত করার সক্ষমতা সীমিত হয়ে যায়।

বায়ু নির্গমনের অনুসরণ (ট্র্যাকিং) এবং রিপোর্টিঙের কার্যক্রম স্থির করার সময়, নিম্নলিখিত নীতিগুলিকে প্রয়োগ করা উচিতঃ

- **সম্পূর্ণতা** – অনুসরণ এবং রিপোর্টিং কার্যক্রমে সমস্ত প্রাসঙ্গিক উৎসগুলি অন্তর্ভুক্ত হওয়া উচিত (এফইএম-এ যেমন তালিকাভুক্ত রয়েছে)।
- **নির্ভুলতা** - বায়ু নির্গমন অনুসরণ কার্যক্রমে প্রদত্ত উপাত্ত নির্ভুল এবং বিশ্বাসযোগ্য উৎস থেকে আসাটা নিশ্চিত করুন (যেমন নির্গমন পরীক্ষা অথবা নিরন্তর পর্যবেক্ষণ ব্যবস্থা যা প্রতিষ্ঠিত বৈজ্ঞানিক পরিমাপের নীতিসমূহ বা প্রকৌশলগত অনুমানের উপর নির্ভরশীল, ইত্যাদি।)
- **সামঞ্জস্য** - বায়ু নির্গমনের উপাত্ত অনুসরণ করার জন্য সামঞ্জস্যপূর্ণ কার্যপ্রণালীর ব্যবহার যা দীর্ঘ সময় ধরে নির্গমনের মধ্যে তুলনা অনুমোদন করে। ট্র্যাকিং (অনুসরণের) প্রণালী, উৎসসমূহ, অথবা অন্যান্য ক্রিয়াকলাপগুলিতে এমন কোনো পরিবর্তন যদি হয় যা বায়ু নির্গমনের উপাত্তকে প্রভাবিত করে, তা নথিবদ্ধ হওয়া উচিত।
- **স্বচ্ছতা** – উপাত্তের সমস্ত সূত্রগুলি (যেমন, পরীক্ষার রেকর্ডসমূহ), ব্যবহৃত অনুমানগুলি (যেমন, আনুমানিক হিসেবের প্রযুক্তি), এবং গণনার প্রণালী উপাত্তের ইনভেন্টরিতে প্রকাশ করা উচিত এবং নথিবদ্ধ রেকর্ড এবং পরিপোষক প্রমাণের মাধ্যমে তাৎক্ষণিকভাবে যাচাইযোগ্য হওয়া উচিত।
- **উপাত্তের গুণগত ব্যবস্থাপনা** – গুণগত মান আশ্বাসনের ক্রিয়াকলাপ (অভ্যন্তরীণ বা বাহ্যিক) বায়ু নির্গমন সংক্রান্ত উপাত্তের জন্য এবং উপাত্ত সংগ্রহ ও ট্র্যাক করার প্রক্রিয়ার জন্যও সংজ্ঞাপ্রাপ্ত এবং সম্পাদিত হওয়া উচিত যাতে জ্ঞাপিত উপাত্ত খুঁতবিহীন হওয়ার বিষয়টি নিশ্চিত করা যায়।

উপরিউক্ত নীতিগুলি গ্রিনহাউস গ্যাস প্রোটোকল - অধ্যায় 1: জিএইচজি অ্যাকাউন্টিং এবং রিপোর্টিং প্রিন্সিপল্স থেকে অভিযোজিত।

## প্রয়োগযোগ্যতার পরীক্ষা

বায়ু নির্গমন (এয়ার এমিশন) সেকশনের প্রশ্নাবলী আপনার পূরণ করার প্রয়োজন আছে কিনা তা চিহ্নিত করার জন্য, আমাদের অবশ্যই মূল্যায়ণ করতে হবে যে বায়ু নির্গমনের প্রাসঙ্গিক উৎসগুলো আপনার কারখানাতে রয়েছে কিনা। উপকরণ প্রক্রিয়াকরণের সরঞ্জাম এবং/অথবা পরিচালনার জন্য বাষ্প উৎপাদনকারী বয়লার থেকেও বায়ু নির্গমন হতে পারে।

আপনাকে প্রথমে জিজ্ঞাসা করা হবে যে কোন ক্রিয়াকলাপসমূহ বা প্রক্রিয়াগুলি আপনার কারখানাতে বর্তমান। আপনার পছন্দগুলো আপনাকে সেইসব হিগ্ প্রশ্নের অভিমুখ নির্দেশ করবে যেগুলো আপনার কারখানার ক্ষেত্রে সর্বোচ্চরূপে প্রযোজ্য।

- যদি আপনার কোনো বায়ু নির্গমনকারী পরিচালন পদ্ধতি থাকে (যেমন, বয়লার), আপনি তাহলে সর্ব স্তরে পরিচালনা সংক্রান্ত নির্গমনের বিষয়ে প্রশ্নের উত্তর দেবেন।
- যদি আপনার বায়ু-নির্গমনকারী উৎপাদন প্রক্রিয়া থাকে (যেমন, দ্রাবক অথবা আঠা), আপনি উৎপাদন সংক্রান্ত নির্গমনের বিষয়ে উত্তর দেবেন স্তর ১-এ।
- যদি আপনার কারখানায় ক্রিয়াকলাপ বা উৎপাদনের মাধ্যমে বায়ু নির্গমন না হয়, আপনার এই বিভাগটি সম্পূর্ণ করার প্রয়োজন হবে না।

1. **আপনার কারখানায় কি নিচে প্রদত্ত পরিচালনা সংক্রান্ত যন্ত্রপাতিগুলোর কোনোটি আছে ?**

- বয়লার
    - যদি বেছে নেয়া হয়, তাহলে আমাদের আয়তনটি জানানঃ
        - ছোটঃ ৫০ এমডাব্লু-এর থেকে কম
        - মাঝারিঃ ৫০ এমডাব্লু - ৩০০ এমডাব্লু
        - বড়ঃ ৩০০ এমডাব্লু -এর চেয়ে বেশি
    - জেনারেটর
    - কমবাশন ইঞ্জিন (যেমন গ্যাসোলিন চালিত পাম্প)
    - শিল্পপণ্যোৎপাদক উনুন (হিটিং/ড্রাইং/কিওরিং-এর জন্য)
    - কমবাশন হিটিং (ফার্নেস) এবং বায়ুচলাচল
    - রেফ্রিজারেন্ট ধারণকারী ডিভাইস (শীতলীকরণ ব্যবস্থা ছাড়া)
    - এয়ার কন্ডিশনিং (ঠান্ডা করা)
    - কারখানার পরিচালনার ফলে বায়ু নির্গমনের অন্যান্য পরিচিত উৎস
    - উদ্বায়ী জৈব মিশ্রণের অন্যান্য উৎস (ভিওসি)

2. **আপনার কারখানা কি নিচের কোনো প্রক্রিয়া নির্বাহ করে অথবা নিচের কোনো পদার্থ ব্যবহার করে?**

- ইয়ার্ন স্পিনিং অথবা সিন্থেটিক তন্তু উৎপাদন
- ফিনিশ (যেকোনো যান্ত্রিক বা রাসায়নিক প্রক্রিয়া যা রঞ্জনের পরে ঘটে থাকে দেখা, কর্মকুশলতা, অথবা পণ্য সম্পর্কিত অনুভবকে প্রভাবিত করার জন্য)
- দ্রাবক
- আঠা/সিমেন্টিং
- প্রিন্টিং
- রঞ্জন
- টেন্টারফ্রেম বা হিটিঙের অন্যান্য প্রক্রিয়াসমূহ
- স্পট ক্লিনারগুলো (*স্পট ক্লিনার হলো সেই রাসায়নিক যা চূড়ান্ত পণ্য থেকে দূষিত চিহ্ন সরাতে ব্যবহার করা হয় যেমন পোশাক, বেড কভার, জুতা ইত্যাদি। অনেক ক্ষেত্রে, অ্যাসিটোন-ভিত্তিক রাসায়নিক স্পট ক্লিনার হিসেবে ব্যবহার হয়। স্পট ক্লিনিং কার্যকলাপ অনলাইনে উৎপাদন প্রক্রিয়া চলাকালীনও করা যেতে পারে, অথবা কারখানাতে স্পট ক্লিনিং-এর জন্য একটি নির্দিষ্ট ঘর থাকতে পারে।)
- স্প্রে করা রাসায়নিক বা রঙ
- ওজোন শোষক পদার্থের অন্যান্য উৎস (ওডিএস)

3. **আপনার কারখানাটি কি বায়ু নির্গমন নিরীক্ষণ করে?**

# বায়ু নির্গমন - স্তর ১

**১। আপনি কি কার্যকলাপ থেকে আপনার বায়ু নির্গমন ট্র্যাক করেন?**

## আপনার ফেসিলিটির কার্যকলাপের সাথে সম্পর্কিত সমস্ত বায়ু নির্গমনের উত্সগুলি নির্বাচন করুন

***সমস্ত বায়ু নির্গমনের জন্য দয়া করে উপাত্ত প্রবেশ করান। দয়া করে সমস্ত দূষক ( পল্যুট্যান্ট) বেছে নিন যেগুলো একই নির্গমন উৎসের সাথে জড়িত থেকে থাকতে পারে। এই প্রশ্নে উৎপাদন প্রক্রিয়ার কারণে বায়ু নির্গমনের বিষয়টিকে বাদ রাখা হয়েছে।***

- *উৎস*
- *এই উৎস থেকে কি নির্গমন ঘটে ?*
- *আপনি কি এই উৎস থেকে নির্গমন অনুসরণ করেন?*
- *এই উৎসের সাথে কোন সরঞ্জামকে সংযুক্ত করা আছে ?*
- *এই উৎসে কোন দূষকগুলোকে পাওয়া যায়?*
- *দূষকগুলোকে কি কোনো সরকারি সংস্থা নিয়ন্ত্রণ করে?*
- *দূষকগুলো যদি কোনও অনুমতিপত্র দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে, তা কি অনুমতিপত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ রয়েছে?*
- *আপনার কারখানাটি যদি সামঞ্জস্যপূর্ণ না থেকে থাকে, অনুসন্ধানে খুঁজে পাওয়া পদার্থের জন্য কার্য-পরিকল্পনাটি হালনাগাদ করুন*
- *যদি আপনি একটি প্রতিলিপি আপলোড করতে না পারেন, দয়া করে কার্য-পরিকল্পনাটির বিবরণ দিন*
- *প্রযোজ্য হলে, নির্গমন পরীক্ষার প্রতিবেদন(গুলি) আপলোড করুন।*
- *অতিরিক্ত মন্তব্যগুলি*

**<u>টীকা:</u>** ভবিষ্যতের সংস্করণে, হিগ এফইএম-এ নির্গমন সংক্রান্ত উপাত্তের ক্ষেত্রে বিশদ অনুসরণ এবং রিপোর্টিং প্রয়োজন হবে এবং রেফারেন্সের জন্য নিচে প্রযুক্তিগত নির্দেশনা এবং যাচাইয়ের আবশ্যকতাসমূহ দেয়া হয়েছে।

### এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নের উদ্দেশ্য হলো ফেসিলিটিগুলিকে দিয়ে সাইটের ক্রিয়াকলাপ বিষয়ক বায়ু নির্গমন সম্পর্কে রিপোর্ট করানো। কারখানার উৎপাদন থেকে অন-সাইট পরিচালনার সমস্ত জায়গা থেকে বাতাসে সমস্ত সম্ভাব্য নির্গমনকে তালিকাভুক্ত করার দিকে এই প্রশ্নটি আপনাকে চালিত করবে।

### প্রযুক্তিগত নির্দেশনা

বায়ু নির্গমন বিভিন্ন ভাবে পরিমাপ করা এবং নিয়ন্ত্রণ করা হয়, যার সংক্ষিপ্তসার নিচে দেয়া হলো। আপনার নির্গমনগুলো সামঞ্জস্যপূর্ণ কিনা তা মূল্যায়ন করার সময়, নিম্নলিখিত মানদন্ডগুলোকে বিবেচনা করা হতে পারে:

**বায়ুর গুণগত মানের মানদন্ড:** এইগুলো গুণগত মানের নির্দেশিকা, একটি এয়ারশেডের ভিতরে জনস্বাস্থ্যের সাথে যেটিকে প্রায়শই আনুষঙ্গিক ভাবা হয়ে থাকে। ভালো উদাহরণসমূহ হলো ইউ এস ন্যাশনাল অ্যাম্বিয়েন্ট এয়ার কোয়ালিটি স্ট্যান্ডার্ডস, (https://www.epa.gov/criteria-air-pollutants/naaqs-table), চাইনিজ অ্যাম্বিয়েন্ট এয়ার কোয়ালিটি স্ট্যান্ডার্ডস (জিবি 3095-2012), এবং ওয়র্ল্ড হেলথ অর্গ্যানাইজেশন এয়ার কোয়ালিটি গাইডলাইনস (বিশ্ব স্বাস্থ্য সংস্থার বায়ুর

নির্গমন এবং তাদের উৎসকে চিহ্নিত এবং ব্যবস্থাপনা করার জন্য বায়ুর একটি তালিকা কারখানার দরকার। কারখানার জন্য একটি ইনভেন্টরি প্রস্তুত করার জন্য, সমস্ত ধরনের সহায়ক ক্রিয়াকলাপ এবং সরঞ্জামকে অন্তর্ভুক্ত করতে হবে। তালিকাটির হালনাগাদ থাকাকে সুনিশ্চিত করার জন্য নিয়মিত পর্যালোচনা করা উচিত। ইনভেন্টরিতে নির্গমনের উৎসগুলো যা অনুমতিপত্র দ্বারা নিয়ন্ত্রিত এবং যেগুলো বর্তমানে নিয়ন্ত্রিত নয়, সবই অন্তর্ভুক্ত হওয়া উচিত।

ইনভেন্টরিতে নিম্নলিখিত উপাদানগুলোর অন্তর্ভুক্তি সুপারিশ করা হয়েছে ((*সূত্র: জিএসসিপি*):

- দূষক যা বর্তমানে রয়েছে বা থাকার সম্ভাবনা আছে
- নির্গত প্রতিটি দূষকের পরিমাণ
- নির্গমন/ ডিসচার্জ পয়েন্ট
- নিয়ন্ত্রক ডিভাইস এবং তাদের কার্যকলাপের প্যারামিটারগুলো
- ঘন ঘন পর্যবেক্ষণ করা
- আইনি প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণতা

ইনভেন্টরির একটি উদাহরণ ডাউনলোড করা যেতে পারে এখানে: https://www.sumerra.com/wp-content/uploads/Air-Emissions-Inventory.xlsx

**নির্গমন পরীক্ষা (কনসেন্ট্রেশন বা ঘনত্ব):** নির্গমনের পরীক্ষা কখনও কখনও কনসেন্ট্রেশনের মাধ্যমে নিয়ন্ত্রিত হয়, যেটিতে পরীক্ষার নির্দিষ্ট এলাকাগুলোকে প্রতিবার প্রদেয় নির্গমনের আওতাধীন হতে হয়। প্রতিনিধিত্বমূলক কার্যকলাপ-সংক্রান্ত সিনারিওতে পরীক্ষা করা হবে, এবং মানদণ্ডবিহীন পরীক্ষাগুলো অথবা গণনা পৃথকভাবে করা যেতে পারে। প্রতিটি পরীক্ষা পদ্ধতি এবং/অথবা সরঞ্জাম যা নির্গমন নির্ধারণের জন্য ব্যবহার হয় সেগুলোর সম্ভবত একটি ন্যূনতম সময় এবং/অথবা পুনর্বার পরীক্ষা করার বাধ্যবাধকতা রয়েছে, এবং সংখ্যাতত্ত্বগত এই বৈচিত্র্যগুলোকে বিবেচনা করা হবে।

নির্গমনের পরীক্ষা নিরন্তর পর্যবেক্ষণের মাধ্যমে, অথবা প্রতিনিধিত্বমূলক কার্যকলাপ-সংক্রান্ত পরিস্থিতিতে স্বতন্ত্র পরীক্ষার মাধ্যমে এবং এক বছর সময়কাল ধরে দেখার জন্য অথবা গণনার মাধ্যমে প্রামাণ্য কার্যকলাপের জন্য নির্গমনের পরিমাণকে গণনা করতে ব্যবহার হতে পারে। প্রতিটি পরীক্ষা পদ্ধতি এবং/অথবা সরঞ্জাম যা নির্গমন নির্ধারণের জন্য ব্যবহার হয় সেগুলোর সম্ভবত একটি ন্যূনতম সময় এবং/অথবা পুনর্বার পরীক্ষা করার বাধ্যবাধকতা রয়েছে, এবং সংখ্যাতত্ত্বগত এই বৈচিত্র্যগুলোকে বিবেচনা করা হবে।

**নির্গমনের আনুমানিক হিসেব (পরিমাণ):** নির্গমনের প্রতিটি উৎসের জন্য, প্রতিটি প্রাসঙ্গিক দূষকের একটি পরিমাণ গণনা করতে হবে। পাওয়া যায় এমন যেকোনো একটি নির্গমন সংক্রান্ত হিসেবের প্রযুক্তি ব্যবহার করার মাধ্যমে কারখানাগুলো তাদের নির্গমনের পরিমাণ হিসেব করতে পারে।

কোনো এক ধরনের নির্গমন উৎস থেকে একাধিক ডিসচার্জ পয়েন্ট (যেমন, বয়লার অথবা একাধিক দ্রাবক প্রয়োগ প্রক্রিয়া)-কে রিপোর্টিঙের প্রয়োজনে একটি একক নির্গমন উৎস হিসেবে বিবেচনা করা যায়, অথবা প্রত্যেকটি অবস্থান অনুযায়ী পৃথক করা যায়। একজন যোগ্য ব্যক্তি যেমন একজন প্রক্রিয়া বা পরিবেশগত প্রকৌশলীর মাধ্যমে যথাযথ পদ্ধতি প্রয়োগ করতে হবে।

**এফইএম-এ কার্যকলাপজনিত বায়ু নির্গমন রিপোর্ট করা:**

ফেসিলিটির কার্যকলাপ-সংক্রান্ত উৎস থেকে বায়ু নির্গমন বিষয়ক উপাত্ত এফইএম-এ রিপোর্ট করার আগে, উপাত্তের গুণগত মান খুঁটিয়ে দেখা উচিত যাতে উপাত্ত ও তা গণনা করা এবং অনুসরণ করার জন্য ব্যবহৃত প্রক্রিয়াগুলোকে নির্ভুল বায়ু নির্গমন বিষয়ক উপাত্ত উৎপাদন করার জন্য কার্যকরী বলে নিশ্চিত করা যায়।

**টীকা:** প্রতিটি উৎস থেকে নির্গমন নির্ধারণের জন্য ব্যবহৃত প্রণালীবিদ্যা যোগ্য ব্যক্তিদের দ্বারা নির্বাচিত এবং প্রয়োগ হওয়া উচিত যেমন একজন প্রক্রিয়া অথবা পরিবেশ-প্রকৌশলী।

- ✔ প্রতিটি উৎসের জন্য, দূষক নির্গমনের পরিমাণ গণনা হওয়া উচিত। নির্গমন সংক্রান্ত পরীক্ষার উপাত্ত এবং/অথবা প্রকৌশলগত হিসেব ব্যবহার করে এটি করা যেতে পারে।
    - পাওয়া যায় এমন যেকোনো একটি নির্গমন সংক্রান্ত হিসেবের প্রযুক্তি ব্যবহার করার মাধ্যমে কারখানাগুলো তাদের নির্গমনের পরিমাণ হিসেব করতে পারে। এর একটি ভালো রেফারেন্স হলো ন্যাশনাল পল্যুট্যান্ট ইনভেন্টরি (এনপিআই) এমিশন এস্টিমেশন টেকনিকস ম্যানুয়াল ফর টেক্সটাইল অ্যান্ড ক্লোদিং ইন্ডাস্ট্রি (http://www.npi.gov.au/system/files/resources/1889355c-bdcc-f7d4-853f-203ddf3652bd/files/ftextile.pdf).
    - প্রকাশিত নির্গমন-সংক্রান্ত হেতুগুলোকেও নির্গমন হিসেব করার জন্য ব্যবহার করা যায় যেমন ইউএসইপিএ এপি42 (USEPA AP42) দ্বারা একত্রিত বায়ু নির্গমনের হেতুগুলো: https://www.epa.gov/air-emissions-factors-and-quantification/ap-42-compilation-air-emissions-factors
- ✔ যদি উৎসটি একটি অনুমতিপত্র দ্বারা নিয়ন্ত্রিত না হয় অথবা এর জন্য আবশ্যক অনুমতিপত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ না থাকে, এর উৎস থেকে নির্গমন সংক্রান্ত উপাত্ত প্রশ্ন ১-এর উপাত্ত টেবিলে অন্তর্ভুক্ত হওয়া উচিত।
- ✔ নির্গমনের সাথে যুক্ত সরঞ্জামগুলোকে তালিকাভুক্ত করুন। **টীকা**: যদি একাধিক উৎস থাকে, সমস্ত উৎসগুলোকে তালিকাভুক্ত করুন (যেমন বয়লার 1 এবং বয়লার 2)
- ✔ যে দূষক(পল্যুট্যান্ট)গুলো একটি অনুমতিপত্র দ্বারা নিয়ন্ত্রিত নয় অথবা ড্রপডাউন তালিকাটির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়, সেগুলো বেছে নিন। **টীকা:** যদি 'অন্যান্য' বেছে নেয়া হয়, দয়া করে "অতিরিক্ত মন্তব্য" বিভাগে একটি বিবরণ দিন।
- ✔ এই উৎস(গুলো) থেকে নির্গত দূষকগুলোর পরিমাণ তালিকাভুক্ত করুন। <u>প্রতিটি দূষকের পরিমাণগুলোকে যোগ করা উচিত এবং হিগ এফইএম-এ প্রবেশ করানো উচিত।</u>. কোনো একটি ধরনের নির্গমনের উৎসের একাধিক নির্গমন বিন্দু (যেমন বয়লারগুলো, জেনারেটরগুলো)-কে এফইএম-এ রিপোর্টিঙের জন্য একটি একক নির্গমন উৎস হিসাবে বিবেচনা করা যায়।
    - **টীকা:** যদি নির্গমনের পরিমাণকে কনসেন্ট্রেশন হিসেবে তালিকাভুক্ত করা হয় (যেমন পিপিএম অথবা এমজি/এম3), উৎস(গুলো)র জন্য এক্সহস্ট ফ্লো সংক্রান্ত উপাত্তকে টেবিলে প্রবেশ করানো উচিত।
- ✔ যদি প্রযোজ্য হয়, পরীক্ষার প্রণালী বা উৎস পরীক্ষার জন্য ব্যবহৃত যন্ত্রপাতি (যেমন পার্টিকুলেট ম্যাটারের জন্য ইউএসইপিএ পদ্ধতি ৫ অথবা এনওএক্স-এর জন্য রিয়েল-টাইম কন্টিনিউয়াস এমিশন মনিটরিং সিস্টেম, ইত্যাদি।)

"অতিরিক্ত মন্তব্য" বিভাগে টীকা লিখুন উপাত্ত সংক্রান্ত যেকোনো অনুমান, হিসেবের প্রণালী, অথবা সেই উৎস(গুলো)র থেকে নির্গত দূষকের পরিমাণ বিষয়ে অন্যান্য প্রাসঙ্গিক মন্তব্যের বিবরণ দেয়ার জন্য।

### এটা কীভাবে যাচাই করা যাবেঃ

একটি ফেসিলিটির নির্গমন সংক্রান্ত উপাত্ত যাচাই করার সময়, যাচাইকারীদের **অবশ্যই** ফেসিলিটির নির্গমন অনুসরণ করা এবং রিপোর্ট করার কর্মসূচীর সমস্ত বিষয়গুলিকে পর্যালোচনা করতে হবে যাতে ত্রুটি হতে পারে যার অন্তর্ভুক্ত হলো:

- নির্গমনের উপাত্তের উৎসগুলি (যেমন, পরীক্ষার রিপোর্ট, নির্গমনের মডেলিং অথবা অন্যান্য প্রকৌশলগত হিসেবগুলি); এবং
- উপাত্ত জড়ো করার জন্য ব্যবহৃত প্রক্রিয়াসমূহ এবং উপাদানগুলি (যেমন স্প্রেডশীট গণনা, ইউনিট রূপান্তরসমূহ, ইত্যাদি।)

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

### পুরো পয়েন্ট

**নথিপত্র আবশ্যকঃ**

- কারখানার কার্যকলাপের সাথে জড়িত সমস্ত উৎস থেকে বায়ুতে নির্গমনের জন্য একটি ইনভেন্টরি।
- নির্গমনের পরীক্ষা / পর্যবেক্ষণের রিপোর্ট। একটি স্প্রেডশীটে (যেমন এক্সেল) একত্রিত করা পরীক্ষার উপাত্ত ঠিক আছে যখন পরীক্ষার ফলাফল পর্যালোচনার জন্য পাওয়া যায় এবং উপাত্ত সমস্ত প্রশ্নের উত্তরে রিপোর্ট করা তথ্যের সাথে মিলে যায়।
- যেখানে প্রযোজ্য সেখানে নির্গমনের আনুমানিক হিসেবের প্রণালী / গণনাকে নথিবদ্ধ করা হয়েছে।
- প্রতিটি নির্গমনের উৎসের জন্য হিগ্-এ প্রবেশ করানো তথ্য যথাযথ প্রমাণ সহ যাচাই করানো যাবে যেমন সরঞ্জামের উৎস এবং নির্গমনের পরিমাণ।

**জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্ন**:

- বায়ুতে নির্গমনের উৎসগুলির তালিকাটি এবং যেকোনো নির্গমনের হিসেবের প্রণালী সহ প্রত্যেকটি উৎস কীভাবে তারা ইনভেন্টরিতে রাখেন সে সম্পর্কে কর্তৃপক্ষ ব্যাখ্যা করতে সক্ষম।

**পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- তালিকাভুক্ত বায়ু নির্গমনের অনসাইট মূল্যায়ণ
- সমস্ত প্রযোজ্য সরঞ্জামের তালিকা উৎসের তালিকায় অন্তর্ভুক্ত থাকাটা নিশ্চিত করুন

**আংশিক পয়েন্টগুলো**

**নথিপত্র আবশ্যক:**

- অনুমোদনকারী অফিস থেকে প্রাপ্ত সামঞ্জস্যপূর্ণতার বিষয় সংক্রান্ত নথিপত্র প্রদর্শন করে যে সমস্যাটি(গুলি) তিন মাসের কম বয়সী।
- নির্গমনের যেকোনো উৎস যা সামঞ্জস্যপূর্ণ নয় তার জন্য একটি কর্ম-পরিকল্পনা সম্পূর্ণ করা হয়েছে।

**জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**

- সামঞ্জস্যবিহীনতার উৎসগুলোকে এবং সামঞ্জস্যপূর্ণতায় ফিরে আসার জন্য পরিকল্পনাগুলোকে পরিচালকবর্গ ব্যাখ্যা করতে পারেন।

**পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- যেকোনো সামঞ্জস্যপূর্ণতাকে পূরণ করার জন্য যেকোনো উন্নতিবিধানের চেষ্টা, অথবা কাজ যা করা হয়েছে দয়া করে ছবি তুলুন।

## ২। আপনি কি আপনার উৎপাদনজনিত বায়ু নির্গমন ট্র্যাক করেন?

### উৎপাদন প্রক্রিয়ার ফলাফলস্বরূপ তৈরি হওয়া বায়ু নির্গমনের সমস্ত উৎস

- *নির্বাচিত প্রক্রিয়াসমূহ*
- *এই উৎস থেকে কি নির্গমন ঘটে ?*
- *নির্গমন উত্সের শিরোনাম*
- *আপনি কি এই উৎস থেকে নির্গমন অনুসরণ করেন?*
- *এই উৎসে কোন দূষকগুলোকে পাওয়া যায়?*
- *দূষকগুলোকে কি কোনো সরকারি সংস্থা নিয়ন্ত্রণ করে?*
- *দূষকগুলো যদি কোনও অনুমতিপত্র দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে, তা কি অনুমতিপত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ রয়েছে?*
- *আপনার কারখানাটি যদি সামঞ্জস্যপূর্ণ না থেকে থাকে, অনুসন্ধানে খুঁজে পাওয়া পদার্থের জন্য কার্য-পরিকল্পনাটি হালনাগাদ করুন*
- *যদি আপনি একটি প্রতিলিপি আপলোড করতে না পারেন, দয়া করে কার্য-পরিকল্পনাটির বিবরণ দিন*
- *প্রযোজ্য হলে, নির্গমন পরীক্ষার প্রতিবেদন(গুলি) আপলোড করুন।*
- *অতিরিক্ত মন্তব্যগুলি*

*এই প্রশ্নটি উৎপাদন প্রক্রিয়া থেকে অভ্যন্তরীণ বায়ুর গুণগত মান ট্র্যাক করে। উৎপাদন প্রক্রিয়ার কারণে সৃষ্ট ফিউজিটিভ সোর্সগুলোও এর অন্তর্ভুক্ত (চিমনি ছাড়াই বিল্ডিং-এর ভিতরে নির্গমন হয় জানলা, দরজা ইত্যাদি যেসবকিছুর মাধ্যমে)।*

**টীকা:** ভবিষ্যতের সংস্করণে, হিগ এফইএম-এ নির্গমন সংক্রান্ত উপাত্তের ক্ষেত্রে বিশদ অনুসরণ এবং রিপোর্টিং প্রয়োজন হবে এবং রেফারেন্সের জন্য নিচে প্রযুক্তিগত নির্দেশনা এবং যাচাইয়ের আবশ্যকতাসমূহ দেয়া হয়েছে।

## এই প্রশ্নের উদ্দেশ্য কি?

প্রসেস এয়ার এমিশনের উৎসগুলোর সম্পর্কে আপনার কারখানার অবহিত থাকা এবং সেগুলোকে পর্যবেক্ষণ করা এবং নিয়ন্ত্রণের মাধ্যমে পদক্ষেপ গ্রহণ করা এই প্রশ্নের উদ্দেশ্য।

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

সমস্ত ধরনের প্রসেস নির্গমনকে ট্র্যাক করা উচিত, যদি সেগুলোকে আবদ্ধ রেখে স্ট্যাক/চিমনিতে মুক্ত করা সম্ভব হয়, তবুও। এর অন্তর্ভুক্ত হতে পারে নন-পয়েন্ট উৎসগুলো যেমন শুকানোর কক্ষগুলি, অথবা ফিউজিটিভ নির্গমন যেমন বাইরের ধুলো।

তালিকায় নিম্নলিখিত উপাদানগুলোর অন্তর্ভুক্তি সুপারিশ করা হয়েছে (সূত্র: GSCP):

- দূষণকণা যা বর্তমানে রয়েছে বা থাকার সম্ভাবনা আছে
- যে পরিমাণ নির্গমন হয়েছে বলে অনুমান
- যদি প্রযোজ্য হয়, নির্গমন/ডিসচার্জ পয়েন্ট অথবা অবস্থান
- যদি প্রযোজ্য হয়, যেকোনো নিয়ন্ত্রক ডিভাইস
- যে পর্যবেক্ষণ নির্বাহ করা হয়েছে
- আইনি প্রবিধানের সাথে সামঞ্জস্যবিধান, যদি প্রযোজ্য হয়

নন-পয়েন্ট সোর্স এমিশনে নির্গত দূষকের পরিমাণ চিহ্নিত করার জন্য সাধারণত ভিন্ন পদ্ধতির প্রয়োজন হতে পারে। নির্দিষ্ট প্রবিধানিক গণনা অথবা রিপোর্টিং প্রণালী ফিউজিটিভ উৎসগুলোর জন্য প্রযোজ্য হতে পারে। বায়ু নির্গমন কীভাবে নির্ধারণ করা যাবে সে সম্পর্কে অতিরিক্ত ব্যাখ্যা এবং উদাহরণ নিচে তালিকাভুক্ত করা হলোঃ

1. ইনভেন্টরি-ভিত্তিক (নির্গমনের সম্ভাব্যতা, পিটিই)
    - নির্গমনের সম্ভাবনা সমস্ত বায়ু নির্গমনের জন্যই ইনভেন্টরিতে দেখে যার অন্তর্ভুক্ত হলো শক্তি উৎপাদন এবং প্রসেস রসায়ন যাতে সেই কারখানা থেকে নির্গত অধিকতম পরিমাণটিকে প্রতিষ্ঠা করা যায়। উদাহরণ স্বরূপ, যদি ১ টন আইপিএ কেনা হয়, ১ টন আইপিএ সম্ভাব্যরূপে বায়ুতে নির্গত হতে পারে। এটি সাধারণভাবে একটি অত্যন্ত রক্ষণশীল অনুমান এবং একটি কারখানা থেকে সর্বাধিক নির্গমনের সম্ভাব্যতা প্রদান করে।
    - বায়ু নির্গমনের পরিমাণগণনা করা বা রিপোর্ট করার সময় রক্ষণশীল একটি হিসাব প্রদানের জন্য, প্রায়শই এরকম হিসাব করা হয় যে উদ্বায়ী পল্যুট্যান্টের (দূষক) ১০০% পরিবেশে নির্গত হবে। যদি ব্যপ্তির একটি সীমা প্রদান করা হয় (যেমন অন এবং এসডিএস) তাহলে সেই ব্যপ্তির ঊর্ধ্বসীমাটিকে ব্যবহার করা যায়
2. ইনভেন্টরি-ভিত্তিক (নির্গমনের সম্ভাব্যতা + ভরের সমতা এবং/অথবা সহায়ক কার্য)
    - একবার পিটিই বিশ্লেষণ সম্পূর্ণ হলে, মাস ব্যালান্স (ভরের সমতা) এবং/অথবা সহায়ক অনুমান যোগ করা যেতে পারে। উদাহরণ স্বরূপ, যদি ১ টন আইপিএ কেনা হয়ে থাকে, ০.২৫ টন দ্রাবক পুনরুদ্ধারে চলে

গিয়ে থাকে, আমরা অনুমান করে নিতে পারি যে সর্বাধিক ০.৭৫ টন বায়ুতে নির্গত হবে। তবে, যদি ০.৭৫ টনকে সহায়তা প্রদানের জন্য ৯০% কার্যকারীতায় একটি থার্মাল অক্সিডাইজার ব্যবহার করা হয়ে থাকে, আমরা গণনা করতে পারি যে কেবলমাত্র ০.০৭৫ টন বায়ুতে নির্গত হবে। এই একই প্রযুক্তি ভরের সমতার অনেক ভিন্ন ধরনের ব্যবহারের জন্য প্রযোজ্য হতে পারে যার অন্তর্ভুক্ত হলো পুনর্ব্যবহার, বর্জ্যপানি, এবং বর্জ্যের অন্যান্য ধরন।

3. নির্গমন হেতু-ভিত্তিক (কারখানা অথবা অফ-সাইট পরীক্ষা)
    - নির্গমনের হেতুগুলো নির্গমনের প্রামাণ্য হারকে প্রতিনিধিত্ব করে যদি একটি নির্দিষ্ট প্রক্রিয়া চলে। উদাহরণ স্বরূপ, এক কেজি রাসায়নিকের রেসিপি ব্যবহারকারী একটি প্রক্রিয়াকে পরীক্ষা করা যেতে পারে দেখানোর জন্য যে প্রতিবার রেসিপিটি ব্যবহার করার সময় কেবলমাত্র ০.০৫ কেজি বায়ুতে নিষ্ক্রান্ত হয়েছে। যদি তাইই হয়, তাহলে ওই প্রক্রিয়ার ধাপে এবং ওই নির্দিষ্ট উপাদানে ব্যবহৃত প্রত্যেক ১ কেজি রাসায়নিকের জন্য, ০.০৫ কেজিকে গুণ করা যায় নির্গমনের মোট পরিমাণ পাওয়ার জন্য। এই ধরনের পরীক্ষাগুলোকে সাইটে বা সাইটের বাইরে কোনও 3য় পক্ষ দ্বারা করা যেতে পারে। দয়া করে খেয়াল করবেন যে সাধারণ রেসিপি এবং উপাদানকে অবশ্যই অনুরূপ অথবা যথেষ্ট পরিমাণে সমতুল হতে হবে এই হেতুটিকে (ফ্যাক্টর) ব্যবহার করে একই নির্গমন উৎপাদন করার জন্য। কখনও কখনও, একটি নির্দিষ্ট কারখানাতে, কয়েকশত বা কয়েক হাজার নির্গমনের হেতু প্রয়োজন হয় তাদের কার্যকলাপকে প্রতিনিধিত্ব করার জন্য। এই প্রণালীটি ব্যবহার করার জন্য সমস্ত পরীক্ষা এবং ডকুমেন্টেশন পাওয়া যেতে হবে। যেখানে রেসিপি এবং উপাদানের নকশা খুব ঘন ঘন না বদলায় না, অথবা যখন অনুরূপ রেসিপি দীর্ঘ সময় ধরে ব্যবহার হয়, এটি বারবার নির্গমন বিষয়ক পরীক্ষা প্রতিরোধ করার জন্য নির্গমনের আনুমানিক হিসেবের ক্ষেত্রে খরচ কমানোর একটি অত্যন্ত কার্যকরী উপায় হতে পারে।

নির্গমনের আনুমানিক হিসাবের পদ্ধতিটি অবশ্যই উৎসের ধরনের প্রতি প্রযোজ্য হতে হবে (যেমন, মধ্যবর্তী সময়ের কর্মকাণ্ড অথবা বিভিন্ন রাসায়নিকের মাত্রায় উচ্চ পরিবর্তনের ক্ষেত্রে সেই প্রক্রিয়ার জন্য বার্ষিক স্তরে দ্রাবকের গ্রহণের ভিত্তিতে পরিমাণকে পরিমাপ করা যায়)।

ভরের সমতার উদাহরণঃ নির্গমনকে পরিমাপ করা যায় ব্যবহৃত উপকরণসমূহের রাসায়নিক গঠনের ভিত্তিতে (যেমন, ভিওসি উপাদান বা স্বতন্ত্র দূষকের শতকরা হার) এবং বছরে কতটা রাসায়নিক ব্যবহার করা হয়েছে (যেমন, লিটার/বছর)।

□□□□□□ □□□□□□, বার্ষিক ভিত্তিতে স্পট ক্লিনিংলিটার অ্যাসিটোন □□□ এর জন্য মোট- /কেজি 784 ব্যবহৃত হয়। অ্যাসিটোনের ঘনত্ব$m^3$. যদি আমরা ধরে নিই যে 50% বর্জ্য হিসেবে সংগৃহীত হয়েছে এবং 50% পরিবেশে নিষ্ক্রান্ত হয়, আমরা গণনা করতে পারি যে বার্ষিক 50 L X (784 $kg/m^3$/1000 $L/m^3$) = 39.2 কেজি অ্যাসিটোন নিষ্ক্রান্ত হয়েছে।

আরেকটি উদাহরণঃ যদি কোনো রাসায়নিকে ভিওসি উপাদান ৫জি/এল (5g/L) হয় এবং কারখানাটি বার্ষিকভাবে 1000 L ব্যবহার করে থাকে, এবং সহায়তা ৯০% কার্যকারীতায় প্রয়োগ করা হয়েছিল, বার্ষিক নির্গমন হবে 5,000g* (10%) = 500g নির্গত।

কিছু ক্ষেত্রে, নির্গমনের হেতুগুলোকে (ফ্যাক্টর) ব্যবহার করা যায়। উদাহরণ স্বরূপ, যদি নাইট্রোজেন-সমন্বিত কোনো রাসায়নিকের বিদিত পরিমাণ অন্য একটি নাইট্রোজেন-বিহীন রাসায়নিকের সাথে মেশানো হয় এবং পরীক্ষায় নাইট্রোজেন অক্সাইডের নির্গমন ধরা পড়ে, নির্গমনের হেতুকে (ফ্যাক্টর) ব্যবহার করা যেতে পারে যদি রেসিপিটি পরিবর্তন না ঘটিয়ে রিপিট করা হয়। আসল রাসায়নিকটির ১ কেজি যদি সব সময় ০.৩কেজি এনওএক্স-এর কারণ হয়ে দাঁড়ায়, তাহলে এই রেসিপিতে এনওএক্স-এর নির্গমনের ফ্যাক্টর ০.৩। □□ □□□□□□□□□ □□□□ হতে পারে, সেই কারণে এই পদ্ধতিটি বেছে নেয়া হলে দয়া করে রাসায়নিক এবং পরিবেশগত বিশেষজ্ঞের জ্ঞানকে কাজে লাগাবেন।

রেফারেন্সঃ
ন্যাশনাল পল্যুট্যান্ট ইনভেন্টরি (এনপিআই) এমিশন এস্টিমেশন টেকনিকস ম্যানুয়াল ফর টেক্সটাইল অ্যান্ড ক্লোদিং ইন্ডাস্ট্রি (http://www.npi.gov.au/system/files/resources/1889355c-bdcc-f7d4-853f-203ddf3652bd/files/ftextile.pdf
(http://www.npi.gov.au/system/files/resources/1889355c-bdcc-f7d4-853f-203ddf3652bd/files/ftextile.pdf

ইউএস ইপিএ কমপাইলেশন অব এয়ার পল্যুট্যান্ট এমিশন ফ্যাক্টরস (এপি-42): https://www.epa.gov/air-emissions-factors-and-quantification/ap-42-compilation-air-emissions-factors

উপরের সমস্ত উদাহরণগুলো নির্গমন হিসাব করার নীতিগুলো প্রদর্শন করার সাধারণ উদাহরণ। একজন যোগ্য ব্যক্তি যেমন একজন প্রক্রিয়া বা পরিবেশগত প্রকৌশলীর মাধ্যমে যথাযথ পদ্ধতি প্রয়োগ করতে হবে।

## এফইএম-এ উৎপাদনজাত বায়ু নির্গমন রিপোর্ট করা:

কারখানার উৎপাদন-সংক্রান্ত উৎসগুলো থেকে বায়ু নির্গমন বিষয়ক উপাত্ত এফইএম-এ রিপোর্ট করার আগে, উপাত্তের গুণগত মান খুঁটিয়ে দেখা উচিত যাতে উপাত্ত ও তা গণনা করা এবং ট্র্যাক করার জন্য ব্যবহৃত উপাত্ত এবং প্রক্রিয়াগুলোকে নির্ভুল বায়ু নির্গমন বিষয়ক উপাত্ত উৎপাদন করার জন্য কার্যকরী বলে নিশ্চিত করা যায়। উপরে প্রশ্ন ১-এ নির্গমন রিপোর্ট করা বিষয়ে প্রদত্ত নির্দেশিকাটিকে এই প্রশ্নে উৎপাদন-সংক্রান্ত উৎসগুলো থেকে নির্গমন সম্পর্কে রিপোর্ট করার জন্যও ব্যবহার করা উচিত।

**টীকা:** প্রতিটি উৎস থেকে নির্গমন নির্ধারণের জন্য ব্যবহৃত প্রণালীবিদ্যা যোগ্য ব্যক্তিদের দ্বারা নির্বাচিত এবং প্রয়োগ হওয়া উচিত যেমন একজন প্রক্রিয়া অথবা পরিবেশ-প্রকৌশলী।

## এটা কীভাবে যাচাই করা যাবেঃ

একটি ফেসিলিটির নির্গমন সংক্রান্ত উপাত্ত যাচাই করার সময়, যাচাইকারীদের অবশ্যই ফেসিলিটির নির্গমন অনুসরণ করা এবং রিপোর্ট করার কর্মসূচীর সমস্ত বিষয়গুলিকে পর্যালোচনা করতে হবে যাতে ত্রুটি হতে পারে যার অন্তর্ভুক্ত হলো:

- নির্গমনের উপাত্তের উৎসগুলি (যেমন, পরীক্ষার রিপোর্ট, নির্গমনের মডেলিং অথবা অন্যান্য প্রকৌশলগত হিসেবগুলি); এবং
- উপাত্ত জড়ো করার জন্য ব্যবহৃত প্রক্রিয়াসমূহ এবং উপাদানগুলি (যেমন স্প্রেডশীট গণনা, ইউনিট রূপান্তরসমূহ, ইত্যাদি।)

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

**হ্যাঁ**

**পুরো পয়েন্ট**

- **নথিপত্র আবশ্যক:**
    - উৎপাদন প্রক্রিয়াসমূহ থেকে বাতাসে নির্গমনের সমস্ত উৎসগুলোর জন্য বাতাসে নির্গমনের একটি ইনভেন্টরি।
    - নির্গমনের পরীক্ষা / পর্যবেক্ষণের রিপোর্ট। একটি স্প্রেডশীটে (যেমন এক্সেল) একত্রিত করা পরীক্ষার উপাত্ত দেয়া ঠিক আছে যখন পরীক্ষার ফলাফল পর্যালোচনার জন্য পাওয়া যায় এবং উপাত্ত সমস্ত প্রশ্নের উত্তরে রিপোর্ট করা তথ্যের সাথে মিলে যায়।
    - যেখানে প্রযোজ্য সেখানে নির্গমনের আনুমানিক হিসেবের প্রণালী / গণনাকে নথিবদ্ধ করা হয়েছে।
    - প্রতিটি নির্গমনের উৎসের জন্য হিগ্-এ প্রবেশ করানো তথ্য যথাযথ প্রমাণ সহ যাচাই করানো যাবে যেমন সরঞ্জামের উৎস এবং নির্গমনের পরিমাণ।

- **জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্ন:**
    - বায়ুতে নির্গমনের জন্য উৎসগুলোর একটি তালিকা এবং কীভাবে তারা প্রতিটি উৎসকে তালিকাভূক্ত করেন সেই পদ্ধতিটি কর্তৃপক্ষ ব্যাখ্যা করতে সক্ষম

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
    - বায়ু নির্গমনের উৎসগুলোর কারখানায় মূল্যায়ণ তালিকার সাথে মিলে যায়
    - সমস্ত প্রযোজ্য যন্ত্রপাতির তালিকা উৎসের তালিকায় অন্তর্ভুক্ত থাকাটা নিশ্চিত করুন
    - সরকারী/ অনুমোদিত সংস্থা দ্বারা নিয়ন্ত্রিত নির্গমনের সমস্ত সূত্রগুলোর টেস্ট রেজাল্টের সহায়ক কাগজপত্র

**আংশিক পয়েন্টগুলো**

- **নথিপত্র আবশ্যক:**

- ○ অনুমোদনকারী অফিস থেকে প্রাপ্ত সামঞ্জস্যপূর্ণতার বিষয় সংক্রান্ত নথিপত্র প্রদর্শন করে যে সমস্যাটি(গুলি) তিন মাসের কম বয়সী।
- ○ নির্গমনের যেকোনো উৎস যা সামঞ্জস্যপূর্ণ নয় তার জন্য একটি কর্ম-পরিকল্পনা সম্পূর্ণ করা হয়েছে।

- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**
    - ○ সামঞ্জস্যবিহীনতার উৎসগুলোকে এবং সামঞ্জস্যপূর্ণতায় ফিরে আসার জন্য পরিকল্পনাগুলোকে পরিচালকবর্গ ব্যাখ্যা করতে পারেন।

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
    - ○ যেকোনো সামঞ্জস্যপূর্ণতাকে পূরণ করার জন্য যেকোনো উন্নতিবিধানের চেষ্টা, অথবা কাজ যা করা হয়েছে দয়া করে ছবি তুলুন।

## ৩। এই প্রতিবেদনের বছরে আপনার কারখানা কি কোনও বিদ্যমান সরঞ্জামে অতিরিক্ত রেফ্রিজারেন্ট যোগ করেছে?

**আপনি কি রেফ্রিজারেন্টের ব্যবহার/নির্গমন অনুসরণ করেন?**
**যদি হ্যাঁ বলেন, বর্তমান সরঞ্জামের সাথে যুক্ত সমস্ত রেফ্রিজারেন্টগুলো বেছে নিন**

- *রেফ্রিজারেন্ট*
- *এই প্রতিবেদনের বছরে যে পরিমাণে রেফ্রিজারেন্ট বিদ্যমান সরঞ্জামে যোগ করা হয়েছে*
- *পরিমাপের ইউনিট*
- *এই উৎস থেকে নির্গমন অনুসরণের জন্য কোন পদ্ধতি অনুসরণ করা হয়েছিল?*
- *এই ছিদ্রের মেরামতি করার জন্য আপনার পরিকল্পনা কি?*

*এই প্রশ্নটি আপনার জিএইচজি নির্গমনের ক্ষেত্রে অবদান রাখে যে কারণে ছিদ্রের পরিমাণের বিষয়ে আপনার নির্ভুল উপাত্ত জানানো জরুরি। দয়া করে খেয়াল করবেন যে আপনার জিএইচজি ফলাফলের উদ্দেশ্য হল আপনার সুযোগের উন্নয়নের জন্য পরিচালনামূলক অন্তর্দৃষ্টি প্রদান করা, কিন্তু পাবলিক রিপোর্টিঙের জন্য পোষাকী জিএইচজি গণনা হিসেবে ব্যবহৃত হওয়া নয়।*

*বর্তমান সরঞ্জামের সাথে রেফ্রিজারেন্টগুলোকে যুক্ত করতে হওয়ার অর্থ হলো ব্যবস্থায় ছিদ্র রয়েছে। যদি বিল্ডিঙে সিএফসি-ভিত্তিক রেফ্রিজারেন্ট রক্ষণাবেক্ষণ করা হয়ে থাকে, আপনাকে ছিদ্রের মাধ্যমে বার্ষিক নির্গমন অবশ্যই ৫% অথবা তার কম কমিয়ে আনতে হবে এবং সরঞ্জামগুলোর বাকি কর্মক্ষমতার মোট সময়ে সামগ্রিক নির্গমন (ছিদ্রের মাধ্যমে) এর রেফ্রিজারেন্টের চার্জের ৩০%-এর কম হ্রাস করাতে হবে।*

***<u>কেবলমাত্র</u> তখনই না বলবেন*** *যদি আপনি বর্তমান সরঞ্জামসমূহের সাথে* ***<u>রিপোর্টিং বছরে অতিরিক্ত রেফ্রিজারেন্ট না যোগ করে থাকেন</u>***। ***পুরো নম্বর*** *দেয়া হবে।*

*যদি রিপোর্টিং বছরে কোনও বিদ্যমান সরঞ্জামের সাথে কোনো রেফ্রিজারেন্টও যোগ করা আছে কিনা সে বিষয়ে আপনি অবহিত না হন, তাহলে আপনার উত্তরে বলা উচিত **জানা নেই**।*

***"আপনার কারখানা কি রিপোর্টিং বছরে বিদ্যমান সরঞ্জামগুলির সাথে কোনো রেফ্রিজারেন্টও যোগ করেছে?"*** *প্রশ্নটির জন্য আপনার বেছে নেয়া উচিত হ্যাঁ, যদি আপনার জানা থাকে যে রেফ্রিজারেন্ট যোগ করা হয়েছিল, কিন্তু পরিমাণ সম্পর্কে আপনি অবহিত না থাকেন, এবং* ***"আপনি কি রেফ্রিজারেন্টের ব্যবহার/নির্গমন অনুসরণ করেন?*** *প্রশ্নটির উত্তরে বেছে নেবেন না*

## এই প্রশ্নের উদ্দেশ্য কি?

উদ্দেশ্য হলো আপনাকে দিয়ে পরিমাণ-বিষয়ক উপাত্ত প্রবেশ করানো যেটি প্রদর্শন করবে কতটা রেফ্রিজারেন্ট(গুলি) আপনার কারখানা রিপোর্টিং বছরে নির্গমন করেছে। এই প্রশ্নটি আপনাকে কোন রেফ্রিজারেন্টগুলোকে ব্যবহার করা হচ্ছে, আপনার কারখানাতে কোথায় সেগুলোকে ব্যবহার করা হচ্ছে, এবং সম্ভাব্য কতটা বায়ুমন্ডলে নির্গত হচ্ছে সেগুলিকে সনাক্ত করতে সহায়তা করে।

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

রেফ্রিজারেন্টগুলো হলো ওজোন-শোষক পদার্থ যা জিএইচজি নির্গমন এবং জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে ক্ষতিকর অবদান রাখতে পারে সাধারণ রেফ্রিজারেন্টগুলোতে তুলনামূলক উষ্চমাত্রার বৈশ্বিক উষ্ণায়নের সম্ভাব্যতা (গ্লোব্যাল ওয়ার্মিং পোটেনশিয়াল, জিডাব্ল্যুপি) থাকার কারণে। রেফ্রিজারেন্টগুলো প্রায়শই ছিদ্রযুক্ত সরঞ্জাম, মেরামতি এবং ডিসপোজালের মাধ্যমে নির্গত হয়ে থাকে।

যদিও অধিকাংশ আধুনিক সরঞ্জামে ছিদ্রকে কমিয়ে আনার মতো করেই নকশা করা হয়, যদি হয়ে যায় তাহলে ছিদ্রগুলোকে চিহ্নিত করতে পারা জরুরি। ছিদ্রগুলোকে সাধারণত চিহ্নিত করা হয় সরঞ্জামে বাড়তি রেফ্রিজারেন্ট যোগ করতে হলে। একটি কর্মপরিকল্পনা থাকা দরকার ছিদ্র মেরামত করা এবং/অথবা রেফ্রিজারেন্টের ছিদ্র মেরামতির জন্য সরঞ্জামগুলোকে আপগ্রেড করার জন্য।

যদি রেফ্রিজারেন্টগুলোকে সাইটে ব্যবহার করা হয়, এই গ্যাসগুলোকে ফেজ-আউট করার জন্য প্রয়োজনীয় সমাধানগুলোকে বিবেচনা করা উচিত। অন্য আরেকটি সমাধান হলো নিম্নমাত্রার বৈশ্বিক উষ্ণায়ন সম্ভাব্যতা (জিডাব্ল্যুপি)-সম্পন্ন রেফ্রিজারেন্ট ব্যবহার করা যেমন রেফ্রিজারেন্টের প্রয়োগে এইচএফও, অ্যারোসোল প্রপেল্যান্টসমূহ ফোম ব্লোয়িং এজেন্টসমূহ। আপনার রেফ্রিজারেন্টগুলির মধ্যে কোনটি ট্র্যাক করা এবং ফেজ-আউট করা জরুরি তা নির্ধারণ করার জন্য অনুগ্রহ করে নিচে রেফারেন্স নম্বর সহ রেফ্রিজারেন্টগুলির তালিকাটি দেখুন: https://www.ashrae.org/standards-research--technology/standards--guidelines/standards-activities/ashrae-refrigerant-designations.

মন্ট্রিয়ল প্রোটোকল নামে একটি আন্তর্জাতিক চুক্তি অনুসারে সিএফসি এবং এইচসিএফসি কমিয়ে ফেলা হচ্ছে, এইচএফসি-কে গুরুত্ব দেয়ার জন্য যেগুলো উষ্চ মাত্রার জিডাব্ল্যুপি-সম্বলিত শক্তিশালী গ্রিনহাউস গ্যাস, এবং সেগুলোকে নির্মাণ প্রক্রিয়াসমূহ চলাকালীন এবং ছিদ্র, মেরামতির মাধ্যমে, ও সেইসব সরঞ্জাম যেগুলোতে এই গ্যাসগুলো ব্যবহার করা হয়েছিল, সেগুলো ফেলে দেয়ার সময় বায়ুমণ্ডলে মুক্ত করে দেয়া হয়। নতুন তৈরি করা হাইড্রোফ্লুওরুলেফিন (এইচএফও) এইচএফসি-এর একটি সাবসেট এবং বায়ুমণ্ডলে কম জীবনচক্র এবং নিম্ন মাত্রার জিডাব্ল্যুপি-সম্পন্ন। এইচএফও-কে

বর্তমানে রেফ্রিজারেন্ট, অ্যারোসোল প্রপেল্যান্ট এবং ফোম ব্লোয়িং এজেন্ট হিসেবে ব্যবহার করা শুরু হচ্ছে।

ওজোন শোষক পদার্থগুলোকে ক্রমশ কমিয়ে আনার বিষয়ে আরো তথ্যের জন্য: https://www.epa.gov/ods-phaseout

- এই স্কোপে অন্তর্ভুক্ত নয় যে পদার্থগুলোঃ
    - মিনারেল পণ্যের উৎপাদন এবং ব্যবহার যেমন সিমেন্ট, লোহা এবং ইস্পাত, এবং রাসায়নিকের উৎপাদন। ($CO_2$)
    - অ্যাডিপিক অ্যাসিডের উৎপাদন, যেটি ফাইবার, যেমন নাইলন, এবং অন্যান্য সিন্থেটিক পণ্য তৈরিতে ব্যবহৃত হয়। ($N_2O$)
    - প্রাকৃতিক গ্যাস এবং অপরিশোধিত তেলের উৎপাদন, প্রক্রিয়াকরণ, সঞ্চয়, পরিবহন, এবং বিতরণ; এবং কয়লা তোলা। ($CH_4$)
    - শিল্পকেন্দ্রগত জৈব বস্তুর পরিচালনা, জমিভরাট এবং বর্জ্যপানির অ্যানারোবিক পরিশোধন। ($CH_4$)
    - কৃষিকাজ সংক্রান্ত মাটির ব্যবস্থাপনা, সিন্থেটিক সারের উৎপাদন এবং প্রয়োগ, এবং লাইভস্টক সারের ব্যবস্থাপনা। ($N_2O$)
    - অরণ্য সংক্রান্ত চর্চা এবং জমির ব্যবহার। ($CO_2$)
    - অ্যালুমিনিয়ামের উৎপাদন এবং আধা-পরিবাহী বস্তুর উৎপাদনের সাথে জড়িত বিভিন্ন শিল্পকেন্দ্রগত প্রক্রিয়া থেকে একটি উপজাত দ্রব্য হিসেবে উৎপাদিত যৌগ হলো পারফ্লুরোকার্বন। (পিএফসি)
    - এইচসিএফসি-২২ উৎপাদনের ফলস্বরূপ উৎপন্ন হয় এইচএফসি-২৩। (□□□□□□□□)
    - সালফার হেক্সাফ্লুয়োরাইড (এসএফ৬) ব্যবহার করা হয় ম্যাগ্নেসিয়াম প্রক্রিয়াকরণ এবং আধা-পরিবাহী নির্মাণের ক্ষেত্রে, এবং ছিদ্র চিহ্নিতকরণের জন্য প্রয়োজনীয় একটি ট্রেসার গ্যাসের জন্য, এবং সার্কিট ব্রেকার সহ বিদ্যুৎ পরিবাহী সরঞ্জামের মধ্যেও।

অতিরিক্ত তথ্যের জন্য দয়া করে দেখুনঃ

- https://www.epa.gov/sites/production/files/2015-07/documents/fugitiveemissions.pdf
- https://ww2.arb.ca.gov/our-work/programs/refrigerant-management-program

**রেফ্রিজারেন্ট গ্যাস ট্র্যাক করাঃ**

রেফ্রিজারেন্টকে চিহ্নিত করা এবং ট্র্যাক করা সাইটে রেফ্রিজারেন্ট ব্যবস্থাপনার প্রথম ধাপ। আপনার ট্র্যাকিং এবং রিপোর্টিং কার্যক্রম প্রতিষ্ঠা করার সময়, নিম্নলিখিত বিষয়গুলি দিয়ে শুরু করুনঃ

- কারখানার সমস্ত সরঞ্জামগুলোকে (উৎপাদন এবং কার্যকলাপ বিষয়ক যন্ত্রপাতি) বিস্তারিতভাবে দেখুন চিহ্নিত করার জন্য যে কোনগুলোতে রেফ্রিজারেন্ট রয়েছে।
    - সরঞ্জামে ব্যবহৃত হয়েছিল যে নির্দিষ্ট রেফ্রিজারেন্ট সেটির ধরনটি চিহ্নিত হওয়ার বিষয়টি এতে অন্তর্ভুক্ত হতে হবে (□□□□ আর-২২ (R-22))।

- প্রত্যেকটি সরঞ্জাম থেকে কতটা রেফ্রিজারেন্ট নির্গত হয়েছে তা নির্ধারণ করার জন্য প্রক্রিয়া প্রতিষ্ঠা করুন (যেমন ছিদ্রের মাধ্যমে, ডিসপোজাল দ্বারা, ইত্যাদি)।
  - সাধারণত, রেফ্রিজারেন্টের পরিমাণ যা নির্গত হয় তার পরিমাণ সরঞ্জামে যুক্ত হওয়া রেফ্রিজারেন্টের পরিমাণের সাথে সমান (নিচে ছিদ্রের হার গণোনা দেখুন)
  - রেফ্রিজারেন্ট ক্রয়ের ইনভয়েসগুলো, অথবা মেরামতির রেকর্ডও পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে সহায়ক হতে পারে।
  - যদি অনুমান-প্রযুক্তি ব্যবহার করা হয়, গণনার প্রণালী যাচাইযোগ্য উপাত্ত দ্বারা স্পষ্টভাবে সংজ্ঞায়িত এবং অনুমোদিত হতে হবে।
- অনুসরণ (ট্র্যাকিং) সংক্রান্ত উপাত্ত (যেমন, মাসিক, বার্ষিক নিঃসরণ অথবা টপ-আপ রেকর্ড) এমন একটি বিন্যাসে রেকর্ড করা যা পর্যালোচনা করা সহজ হয় [যেমন, স্প্রেডশীট (যেমন, মাইক্রোসফট্ এক্সেল) অথবা অনুরূপ উপাত্ত বিশ্লেষক কার্যক্রম যা মানুষের পঠনযোগ্য বিন্যাসে উপাত্তকে রপ্তানি করা (যেমন, এক্সেল, সিএসভি)] এবং যাচাই চলাকালীন পর্যালোচনার জন্য প্রাসঙ্গিক পরিপোষক প্রমাণকে রক্ষণাবেক্ষণ করা অনুমোদন করে।

## নিঃসরণের হার গণনা করা

কোনো একটি সরঞ্জাম থেকে রেফ্রিজারেন্টের পরিমাণ নির্ধারণ করার সময়, সাধারণভাবে বিবেচনা করা হয় যে নিঃসৃত রেফ্রিজারেন্টের পরিমাণ কিছু সময় পরে সরঞ্জামটিতে পূর্ণমাত্রার চার্জ দেয়ার জন্য সরঞ্জামে যোগ করা পরিমাণের সাথে সমান হয়।

- উদাহরণ স্বরূপ, যদি আপনি চিলার ইউনিটের রেফ্রিজারেন্টটিকে পূর্ণমাত্রায় রিচার্জ করেন, তাহলে এক বছর কার্যকলাপ চালানোর পরে আপনাকে ইউনিটটিকে পুরো রিচার্জ করতে হলে 0.5 কেজি যোগ করতে হবে, তখন এটি অনুমান করা হবে যে ছিদ্র থাকার কারণে বা মেরামতির কারণে সারা বছর ধরে 0.5 কেজি নির্গত হয়েছিল।

রেফ্রিজারেন্ট নির্গমন অনুসরণ করার সময়, কারখানাটি রিপোর্টিং বছরে কোনো সরঞ্জামে যোগ করা রেফ্রিজারেন্টের পরিমাণ সরাসরি পরিমাপ এবং রেকর্ড করতে পারে অথবা নির্গমনের হিসেব করার জন্য নিঃসরণের হার নির্ধারণ করতে পারে।

নিঃসরণের হার সাধারণভাবে একটি পূর্ণমাত্রার চার্জ যেটি ১২-মাসের সময়কালে শেষ হবে তার শতকরা হারে প্রকাশ করা হয়। নিচের উদাহরণটি নিঃসরণের হার গণনা করার একটি পদ্ধতি।

1. রেফ্রিজারেন্টের যতটা কিলোগ্রাম (কেজি) আপনি রিচার্জ ব্যবস্থায় যোগ করেছিলেন ব্যবস্থাটিকে পূর্ণমাত্রার চার্জ করানোর জন্য সেটিকে ওই ব্যবস্থার জন্য সাধারণ অবস্থায় পূর্ণমাত্রার চার্জে থাকা রেফ্রিজারেন্টের কেজি দিয়ে ভাগ করুন।
2. চার্জগুলোর মধ্যবর্তী সময়ে কতগুলো দিন পেরিয়ে গেছে তা নির্ধারণ করুন (যেমন শেষবার যখন রেফ্রিজারেন্ট যোগ করা হয়েছিল এবং এবার যখন রেফ্রিজারেন্ট যোগ করা হলো - এই দুইয়ের মধ্যে কতগুলো দিন), এবার এটিকে ৩৬৫ দিয়ে ভাগ করুন (বছরে যতগুলি দিন)।
3. ধাপ ১-এ নির্ধারিত রেফ্রিজারেন্টের কেজি নিন এবং ধাপ ২-তে নির্ধারিত দিনের সংখ্যা দিয়ে একে ভাগ করুন।
4. শেষ পর্যন্ত, ১০০% দিয়ে গুণ করুন (শতকরা হার নির্ধারণের জন্য)।

উদাহরণ স্বরূপঃ

চিলার #১

- যোগ করা রেফ্রিজারেন্ট = ১ কেজি
- পূর্ণমাত্রার চার্জ = ৫ কেজি
- চার্জগুলোর মাঝখানে দিন (দিনের সংখ্যা) = ২৭৫

নিঃসরণের হার = (১ কেজি ÷ ৫ কেজি) ÷ (২৭৫ ÷ ৩৬৫) x ১০০% = ২৬.৫%

সুতরাং, চিলার ইউনিট হারাচ্ছে / নির্গমন করছে বছরে ১.৩৩ কেজি (পূর্ণমাত্রার চার্জের ২৬.৫%) রেফ্রিজারেন্ট।

**টীকা:** কখন সরঞ্জামটিতে অতিরিক্ত মেরামতকার্য করার বা প্রতিস্থাপন করার দরকার হতে পারে তা নির্ধারণ করার জন্যও নিঃসরণের হারকে ব্যবহার করা যায়।

**এফইএম-এ রেফ্রিজারেন্ট সংক্রান্ত উপাত্ত রিপোর্ট করাঃ**

এফইএম-এ রেফ্রিজারেন্ট সংক্রান্ত উপাত্ত রিপোর্ট করার আগে, উপাত্তের গুণগত মান খুঁটিয়ে দেখার বিষয়টি সম্পন্ন হওয়া উচিত এটি নিশ্চিত করার জন্য যে উপাত্ত এবং তা সংগ্রহ ও রেকর্ড করার জন্য ব্যবহৃত প্রক্রিয়া শক্তি-সংক্রান্ত নিখুঁত উপাত্ত উৎপাদনের ক্ষেত্রে কার্যকরী।

**করবেনঃ**

- ✔ একত্রিত মোট সংখ্যার বিপ্রতীপে উৎসের উপাত্ত পর্যালোচনা করুন (যেমন, সরঞ্জাম রক্ষণাবেক্ষণের রেকর্ডসমূহ, মেরামতির লগ্, রেফ্রিজারেন্ট ক্রয়ের ইনভয়েসগুলো, ইত্যাদি) এর অভ্রান্ততা নিশ্চিত করার জন্য।
- ✔ নিশ্চিত করা যে উপাত্ত অনুসরণ করার জন্য সাম্প্রতিকতম এবং হালনাগাদ করা স্প্রেডশীট ব্যবহার করা হচ্ছে এবং সমস্তরকম স্বয়ংক্রিয় গণনা/ফর্মূলা সঠিক রয়েছে।
- ✔ নিশ্চিত করা যে যথাযথ ইউনিটগুলিকে রিপোর্ট করা হয়েছে এবং যেকোনো ইউনিটকে উৎসের উপাত্ত থেকে রিপোর্ট করা উপাত্তে রূপান্তর করার বিষয়টিকে যাচাই করা।
- ✔ নির্ভুল থাকা সুনিশ্চিত করার জন্য যেকোনো আনুমানিক অথবা হিসেব সংক্রান্ত প্রণালী-বিদ্যা/ গণনাসমূহকে পর্যালোচনা করুন।
- ✔ এফইএম-এ যথাযথ ট্র্যাকিং পদ্ধতিটিকে রিপোর্ট করুন (যেমন পরিমাপ হওয়া, নিঃসরণের হার, হিসেব)

**করবেন নাঃ**

X নির্ভুল নয় এমন উপাত্ত রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)।

X আনুমানিক উপাত্ত রিপোর্ট করা যদি তা যাচাইযোগ্য এবং যুক্তিযুক্ত নিখুঁত হিসেবের প্রণালী ও উপাত্ত দ্বারা সমর্থিত না হয় (যেমন, ছিদ্রের হার অথবা অন্য প্রকৌশলগত গণনাসমূহ)।

### এটা কীভাবে যাচাই করা যাবেঃ

একটি ফেসিলিটির রেফ্রিজারেন্ট সংক্রান্ত উপাত্ত যাচাই করার সময়, যাচাইকারীদের **অবশ্যই** ফেসিলিটির অনুসরণ কার্যকলাপের সমস্ত বিষয়গুলিকে পর্যালোচনা করতে হবে যেগুলোতে ভুল হতে পারে যার অন্তর্ভুক্ত হলো:

- প্রাথমিক উপাত্ত সংগ্রহকারী প্রক্রিয়াগুলি এবং উপাত্তের উৎসগুলি (যেমন, সরঞ্জাম রক্ষণাবেক্ষণের রেকর্ডগুলো, মেরামতির লগ্‌সমূহ, রেফ্রিজারেন্ট ক্রয়ের ইনভয়েসগুলি, ইত্যাদি); এবং
- উপাত্ত একত্রিত করার জন্য ব্যবহৃত প্রক্রিয়া এবং উপাদানগুলি (যেমন স্প্রেডশীট গণনা, নিঃসরণের হার গণনা, ইত্যাদি)

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

### পুরো পয়েন্ট

- নথিপত্র আবশ্যক:
  - সমস্ত রেফ্রিজারেন্ট সরঞ্জামগুলোর সরঞ্জাম-মেরামতি বিষয়ক লগ্ থাকে যার অন্তর্ভুক্ত হলো রেফ্রিজারেন্ট প্রতিস্থাপন যেটিকে হালনাগাদ রাখা হয়
  - এই রেকর্ডগুলোতে অবশ্যই দেখানো উচিত যে 2021 সালে কোনো রেফ্রিজারেন্ট যুক্ত করা হয়নি

- **জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্ন:**
  - রেফ্রিজারেন্ট সরঞ্জামের রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারীরা ছিদ্র অন্বেষণের জন্য সরঞ্জামগুলোকে কত ঘন ঘন এবং কীভাবে মূল্যায়ণ করেন সেই প্রক্রিয়াটির বিবরণ কি দিতে পারবেন?

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
  - সরঞ্জামের রক্ষণাবেক্ষণের ভালোভাবে রাখা রেকর্ড
  - রেফ্রিজারেন্টে সম্ভাব্য ছিদ্রগুলো

### আংশিক পয়েন্টগুলো

- **নথিপত্র আবশ্যক:**
  - সমস্ত রেফ্রিজারেন্ট সরঞ্জামগুলোর সরঞ্জাম-মেরামতি বিষয়ক লগ্ থাকে যার অন্তর্ভুক্ত হলো রেফ্রিজারেন্ট প্রতিস্থাপন যেটিকে হালনাগাদ রাখা হয়
  - যন্ত্রপাতির লগ্-এ তারিখ, সুনির্দিষ্ট ধরন এবং যুক্ত হওয়া হিমায়নের পরিমাণ দেখানো হয়।
  - ছিদ্রের উৎসকে চিহ্নিত করা হয়েছিল
  - একটি কর্মপরিকল্পনা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মচারী রয়েছেন নিশ্চিত করার জন্য যাতে যেকোনো ছিদ্র দ্রুত মেরামত করা হয়

- **জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্ন:**
    - রেফ্রিজারেন্ট সরঞ্জামের রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারীরা ছিদ্র অন্বেষণের জন্য সরঞ্জামগুলোকে কত ঘন ঘন এবং কীভাবে মূল্যায়ণ করেন সেই প্রক্রিয়াটির বিবরণ কি দিতে পারবেন?
    - যেকোনো ছিদ্র মেরামতির জন্য দায়ী কর্মচারী কি বিবরণ দিয়ে জানাতে পারবেন যে সমস্যার সমাধানের জন্য তিনি কি করছেন?

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
    - সরঞ্জামের রক্ষণাবেক্ষণের ভালোভাবে রাখা রেকর্ড
    - রেকর্ড যা দেখায় যে যন্ত্রের রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারী ছিদ্রগুলো মেরামতি বিষয়ে কাজ করছেন

## ৪। আপনার কারখানায় কি অন-সাইট পয়েন্ট উৎস বায়ু নির্গমনের জন্য নিয়ন্ত্রণ ডিভাইস বা অপসারণ প্রক্রিয়া রয়েছে? যদি হ্যাঁ হয়, নিয়ন্ত্রণ ডিভাইস বা অপসারণ প্রক্রিয়াযুক্ত বায়ু নির্গমনের সমস্ত পয়েন্ট সোর্সগুলিকে নির্বাচন করুন।

- *উৎস*
- *এই উৎসের জন্য কি আপনার নিয়ন্ত্রক যন্ত্রপাতি / অপসারণ প্রক্রিয়া রয়েছে?*
- *কোন নিয়ন্ত্রক যন্ত্রপাতি, অপসারণ প্রক্রিয়া, অথবা নিরাপত্তা বিষয়ক সরঞ্জাম বায়ু নির্গমনের এই উৎসের জন্য ব্যবহৃত হয়েছিল?*
- *কত ঘন ঘন পর্যবেক্ষণ করা হয়েছিল?*

*আপলোডের জন্য সুপারিশ: নিয়ন্ত্রক যন্ত্রপাতি অথবা অপসারণ প্রক্রিয়া থেকে নির্গমন পরীক্ষার ফলাফল।*

*যদি আপনি ক্রিয়াকলাপজনিত সমস্ত ধরনের নির্গমনের উৎসগুলোর জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতি(গুলো) বসিয়ে থাকেন যেগুলো কার্যকর রয়েছে, তাহলেই কেবলমাত্র* ***উত্তরে হ্যাঁ বলুন****।*

*যদি আপনার ক্রিয়াকলাপজনিত নির্গমনের কিছু উৎসের জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতি(গুলো) বসানো এবং কার্যকর থাকে তাহলে* ***উত্তরে আংশিক হ্যাঁ বলুন****।* □□ □□□□□□□□ □□□□□□□
□□□□□□□□□□ □□□□□ □□□□□□ □□□□ □□□□□□ □□□□□□□ □□□□□□
□□□□□□□□□□□ *নয়।*

**পয়েন্ট সোর্স নির্গমনের পরিভাষা** – বায়ুর প্রবাহ যা কোনোভাবে নিয়ন্ত্রণ করা হয় এবং বায়ুমন্ডলে ছেড়ে দেয়া হয় একটি একক উৎস থেকে যেমন স্ট্যাক। এই নির্গমনগুলো কারখানা-সংক্রান্ত হতে পারে, যেমন বয়লার থেকে নির্গমন, অথবা প্রক্রিয়া-সংক্রান্ত, যেমন উদ্বায়ী রাসায়নিক ব্যবহারের জন্য এক্সহস্ট ব্যবস্থা।

### এই প্রশ্নের উদ্দেশ্য কি?

সমস্ত পয়েন্ট উৎস (পয়েন্ট সোর্স) থেকে নির্গমন বাতাসে যাতে ছড়িয়ে না যায় সে বিষয়ে ব্যবস্থাপনা এবং নির্গমনকে সীমিত করার জন্য কার্যকরী নিয়ন্ত্রণ কারখানার রয়েছে কিনা সেটি বোঝাই এই প্রশ্নের উদ্দেশ্য।

বায়ু দূষণ নিয়ন্ত্রণ অথবা উপশমকারী যন্ত্রপাতিগুলো হলো সেই প্রযুক্তি যেটি পরিচালনাজাত নির্গমনের কারণে বায়ুমণ্ডলে সেইসব পদার্থকণার ছড়িয়ে যাওয়াকে হ্রাস করে অথবা দূর করে যেগুলো পরিবেশ অথবা মানুষের স্বাস্থ্যের ক্ষতি করে। বায়ুতে নির্গমনের উৎস এবং প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে অপসারণকারী প্রক্রিয়া একটি সাধারণ প্রক্রিয়া থেকে শুরু করে একটি বাস্তবধর্মী যন্ত্র এবং নিয়ন্ত্রক সরঞ্জামও হতে পারে। বায়ুতে নির্গমনের জন্য প্রয়োজনীয় বাধ্যবাধকতার সাথে যদি কারখানাটি সঙ্গতি রক্ষা করে, সম্ভাবনা আছে যে একটি উপশম প্রক্রিয়া সক্রিয় রয়েছে অথবা নিয়ন্ত্রক যন্ত্রপাতি এখনই বর্তমান যন্ত্রপাতির একটি অংশ। যন্ত্রপাতির উদাহরণের মধ্যে অন্তর্ভুক্ত হলো ধুলো সংগ্রহ এবং এক্সট্র্যাক্ট ইউনিট (ডিএসই), স্ক্রাবার এবং দহনযন্ত্র (ইনসিনারেটর)।

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

এই প্রশ্নটি প্রাথমিকভাবে পয়েন্ট সোর্স/স্ট্যাক নির্গমনের জন্য প্রযোজ্য। উদাহরণ স্বরূপ, এর অন্তর্ভুক্ত হতে পারে কারখানার বয়লারগুলি, অথবা প্রসেস এক্সহস্ট থেকে অন্যান্য স্ট্যাকগুলি। এই নির্গমনগুলোতে নিয়ন্ত্রণের অন্তর্ভুক্ত হতে পারে ধুলো সংগ্রাহক, স্ক্রাবার, দাহনযন্ত্র (চুল্লি), ইত্যাদি।

নিয়ন্ত্রক এবং অপসারণকারী যন্ত্রপাতির পর্যবেক্ষণ এবং রক্ষণাবেক্ষণ আপনার কারখানার প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ কর্মকাণ্ডে এবং বর্তমান ভিস্যুয়াল পরিদর্শনেও অন্তর্ভুক্ত থাকা উচিত যাতে যেকোনো সমস্যা সাথে সাথে চিহ্নিত করা যায়।

আপনার নিয়ন্ত্রণ যন্ত্রপাতির পর্যবেক্ষণ/পরীক্ষার ফলাফল থেকে সাধারণভাবে তার কার্যকারীতা এবং সক্ষমতার প্রমাণ পাওয়া যায়। ফলত যে ক্ষেত্রে নিয়মিত পর্যবেক্ষণ আর চালানো হচ্ছে না, ফেসিলিটির উচিত এই প্রশ্নের উত্তরে না বলা।

স্কোরিং: বাতাসে সমস্ত ধরনের চিহ্নিত অথবা সম্ভাব্য পয়েন্ট সোর্স / স্ট্যাক নির্গমন যেগুলোর কারণে বাতাসে কম পরিমাণে সেইধরনের নির্গমন হয় যা কোনও ধরনের নিয়ন্ত্রণ না থাকলে দৃশ্যমান হতো, সেগুলোর জন্য যদি ফেসিলিটির অপসারণ প্রক্রিয়া বা নিয়ন্ত্রণ প্রক্রিয়া থাকে (যখন প্রযুক্তিগতভাবে প্রযোজ্য) তাহলে ফেসিলিটিকে **পুরো পয়েন্ট** দেয়া হবে। এর জন্য আবশ্যিকভাবে নিশ্চিত হওয়া প্রয়োজন এবং সেই কারণে উপরোক্ত পদ্ধতিতে পর্যবেক্ষণ/পরীক্ষার ফলাফল প্রয়োজন।

## এটা কীভাবে যাচাই করা যাবেঃ

**হ্যাঁ**

- **নথিপত্র আবশ্যক:**
  - নিয়ন্ত্রক যন্ত্রপাতি বা অপসারক প্রক্রিয়ার জন্য বিন্যাস, বিবরণ অথবা প্রক্রিয়াসমূহ
  - তালিকাভুক্ত নিয়ন্ত্রক যন্ত্রপাতির ক্রমাঙ্কন এবং রক্ষণাবেক্ষণের রেকর্ড

- জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

    - কর্তৃপক্ষ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মচারীরা কারখানাতে সক্রিয় নিয়ন্ত্রক যন্ত্রপাতি বা অপসারণ প্রক্রিয়া এবং কীভাবে সেগুলো নির্গমন কমায় তার বিবরণ দিতে সক্ষম

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
    - ক্রিয়াকলাপের সাথে জড়িত সমস্ত ধরনের নির্গমনের উৎসের জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতিগুলো ফেসিলিটির যেখানে থাকা উচিত সেখানে থাকার বিষয়টি, এবং ঠিকমতো কাজ করছে কিনা এবং ভালোভাবে কাজ করার মতো অবস্থায় রয়েছে কিনা সেইসব (দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের দ্বারা নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং পর্যবেক্ষণ) পর্যালোচনা করার জন্য সেগুলোর তালিকা দেখুন।

**আংশিক হ্যাঁ**

- "হ্যাঁ" কিন্তু কয়েকটির জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতি ইন্সটল করা আছে, কিন্তু পরিচালনাজাত নির্গমনের সমস্ত উৎসের জন্য নয়।

**রেফারেন্স:** সাসটেইনিবিলিটি কনসর্টিয়ামের হোম অ্যান্ড অ্যাপারেল টেক্সটাইল্স টুলকিট-এর প্রতিক্রিয়া তথ্যভুক্ত করার জন্য[এই প্রশ্নটিকে ব্যবহার করা যায়।] বাতাসের গুণগত মান - ম্যানুফ্যাকচারিং কী পারফরম্যান্স ইন্ডিকেটর উত্তরদাতাদের জিজ্ঞাসা করে যে বাতাসে বার্ষিক নির্গমন চূড়ান্ত প্রস্তুতকর্তা কারখানা দ্বারা অনুসরণ এবং রিপোর্ট করা হয় কিনা। ব্র্যান্ডগুলি কারখানার উপাত্ত একত্রিত করতে পারে টিএসসির প্রশ্নের উত্তর দেয়ার জন্য।

## ৫। আপনার ফেসিলিটিতে কি অনসাইট-পলাতক/নন-পয়েন্ট উত্স বায়ু নির্গমনের জন্য নিয়ন্ত্রণ ডিভাইস বা অবসান প্রক্রিয়া রয়েছে? যদি তা হয়, নিয়ন্ত্রণ ডিভাইস বা অপসারণ প্রক্রিয়াযুক্ত সমস্ত ফিউজিটিভ/নন-পয়েন্ট বায়ু নির্গমনের উত্সগুলিকে নির্বাচন করুন

- *উৎস*
- *এই উৎসের জন্য কি আপনার নিয়ন্ত্রক যন্ত্রপাতি / অপসারণ প্রক্রিয়া রয়েছে?*
- *কোন নিয়ন্ত্রক যন্ত্রপাতি, অপসারণ প্রক্রিয়া, অথবা নিরাপত্তা বিষয়ক সরঞ্জাম বায়ু নির্গমনের এই উৎসের জন্য ব্যবহৃত হয়েছিল?*
- *কত ঘন ঘন পর্যবেক্ষণ করা হয়েছিল?*

*আপলোডের জন্য সুপারিশ: নিয়ন্ত্রক যন্ত্রপাতি অথবা অপসারণ প্রক্রিয়া থেকে নির্গমন পরীক্ষার ফলাফল।*

*যদি আপনি নিয়ন্ত্রক ডিভাইস বসিয়ে থাকেন এবং উৎপাদন প্রক্রিয়াগুলো থেকে সমস্ত ধরনের নির্গমনের উৎসগুলোর জন্য সেগুলো কর্মরত অবস্থায় থাকে, কেবলমাত্র তাহলেই **উত্তরে হ্যাঁ বলুন**।*

*যদি আপনার উৎপাদন প্রক্রিয়াগুলো থেকে নির্গমনের কিছু উৎসের জন্য নিয়ন্ত্রক ডিভাইস বসানো হয়ে থাকে এবং সেগুলি কর্মরত থাকে তাহলে **উত্তরে আংশিক হ্যাঁ বলুন**।*

**নন-পয়েন্ট সোর্স অথবা ফিউজিটিভ নির্গমনের সংজ্ঞা** – হিগ এফইএম-এর জন্য, বায়ু নির্গমনের এই উৎসগুলো হলো সেইগুলো যাদেরকে সাধারণভাবে ঘরের ভেতরে অথবা বাইরের পরিবেশে নিষ্ক্রান্ত করিয়ে দেয়া হয়। এই ধরনের নির্গমনগুলো সাধারণত হলো প্রক্রিয়া-সংক্রান্ত যেমন স্ক্রিন প্রিন্টিং, স্পট ক্লিনিং, রঞ্জন, ইত্যাদি)।

## এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নের উদ্দেশ্য হলো বোঝা যে কারখানাটির নন-পয়েন্ট বা ফিউজিটিভ বায়ু নির্গমনের উৎসগুলি থেকে নির্গমনকে ব্যবস্থাপনা এবং সীমিত করার জন্য এর কোনো নিয়ন্ত্রণ কার্যকর আছে কিনা।

বায়ু দূষণ নিয়ন্ত্রক অথবা অপসারক যন্ত্রপাতিগুলো হলো সেই প্রযুক্তি যেটি বায়ুমণ্ডলে সেইসব পদার্থকণার নির্গমনকে হ্রাস করে অথবা অপসারণ করার জন্য ব্যবহার করা হয় যেগুলো পরিবেশ অথবা মানুষের স্বাস্থ্যের ক্ষতি করতে পারে। বায়ুতে নির্গমনের উৎস এবং প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে অপসারণকারী প্রক্রিয়া একটি সাধারণ প্রক্রিয়া থেকে শুরু করে একটি বাস্তবধর্মী যন্ত্র এবং নিয়ন্ত্রক সরঞ্জামও হতে পারে। উদাহরণ স্বরূপ, এর অন্তর্ভুক্ত হতে পারে এক্সহস্ট যেটিকে ড্রাইং রুম থেকে ভিওসির জন্য পরিশোধন করা হয়।

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

এই প্রশ্নটি প্রাথমিকভাবে প্রযোজ্য হবে যেকোনো নন-পয়েন্ট উৎসের জন্য যেগুলো নির্গমন উৎপাদন করে, এবং ঘরের ভেতরের বায়ুর গুণগত মান এবং পরিবেশ উভয়েরই ক্ষতি করতে পারে। নির্গমন ঘটায় এরকম কিছু উৎপাদন প্রক্রিয়ার উদাহরণ হলোঃ

- ডিজিট্যাল প্রিন্টিং ইউনিট যেগুলো তাদের নিজেদের কালারেন্ট/কালি প্রস্তুত করে দ্রাবক পদ্ধতি ব্যবহার করে কঠিন কালারেন্ট (সাধারণভাবে অ্যাসিড, রিঅ্যাক্টিভ এবং ডিস্‌পার্স ডাই) গুলোকে গুলে ফেলার মাধ্যমে যার মধ্যে অন্তর্ভুক্ত হলো, গ্লাইকল, ডাইঅক্সিন ইত্যাদি।
- কোটিং/ল্যামিনেশন ইউনিট যেগুলো দ্রাবক ব্যবহার করে
- এম্ব্রয়ডারির জন্য তাকলি রঞ্জনের ইউনিট যেগুলো সাধারণত গুঁড়ো ভ্যাট রঞ্জনপদার্থ ব্যবহারকারী ভিস্‌কোজ ফিলামেন্ট ইয়ার্ন ব্যবহার করে
- পায়ের জুতোর উপাদান একত্রিত করার ইউনিট যেগুলো জুতোর সোলে রঙ দেয়ার জন্য স্প্রে ব্যবহার করে
- চামড়ার কোটিং/ স্প্রে করার ইউনিট যেগুলো তরল ঢালার চেম্বার ব্যবহার করে
- দ্রাবক ব্যবহারকারী প্রিন্টিং ইউনিট স্থানান্তর করা
- হ্যালোজেন মিশ্রিত দ্রাবক ব্যবহারকারী শুকনো ক্লিনিং প্রক্রিয়া
- পটাশিয়াম পারম্যাঙ্গানেট (পিপি) স্প্রে করার ইউনিট
- ছাঁচ তৈরির ইউনিট যেগুলো ল্যামিনেশন বা ফিউজিং প্রক্রিয়া ব্যবহার করে ইত্যাদি।
- রঞ্জনের পরে কাপড়/পোশাককে শোধন করা
- অন্যান্য দ্রাবক বা আঠার প্রয়োগ (যেমন গ্লুইং বা প্রাইমিং)

এইধরনের নির্গমনের জন্য নিয়ন্ত্রণের মধ্যে পড়তে পারে ফিউম হুড বা স্থানীয় এক্সহস্ট ভেন্টিলেশন যাতে অতিরিক্ত নিয়ন্ত্রক যন্ত্র বা অপসারক প্রক্রিয়া রয়েছে, দ্রাবক পুনরুদ্ধার ব্যবস্থা, শোষক যন্ত্র, অথবা ফিল্টার/ব্যাগ হাউস যা ধুলো/ফ্লক ইত্যাদিকে ধরতে পারবে।

নিয়ন্ত্রক এবং অপসারণকারী যন্ত্রপাতির পর্যবেক্ষণ এবং রক্ষণাবেক্ষণ আপনার কারখানার প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ কর্মকাণ্ডে এবং নিরবচ্ছিন্ন চাক্ষুষ পরিদর্শন এবং অন্যান্য বাধ্যতামূলক পরীক্ষায় অন্তর্ভুক্ত থাকা উচিত যাতে যেকোনো সমস্যা তখনি চিহ্নিত করা যায়।

স্কোরিং: বাতাসে সমস্ত ধরনের নিরুপিত অথবা সম্ভাব্য ফিউজিটিভ নির্গমন যেগুলোর কারণে সেইধরনের স্বল্প পরিমাণের নির্গমন হয় যা নিয়ন্ত্রণ না থাকলেও দৃশ্যমান হতো, সেগুলোর জন্য যদি ফেসিলিটির অপসারণকারী প্রক্রিয়া বা নিয়ন্ত্রণসমূহ থাকে (যখন প্রযুক্তিগতভাবে প্রযোজ্য) তাহলে ফেসিলিটিকে **পুরো পয়েন্ট** দেয়া হবে।

### এটা কীভাবে যাচাই করা যাবেঃ

**হ্যাঁ**

- **নথিপত্র আবশ্যক:**
  - নিয়ন্ত্রক যন্ত্রপাতি বা অপসারক প্রক্রিয়ার জন্য বিন্যাস, বিবরণ অথবা প্রক্রিয়াসমূহ
  - তালিকাভুক্ত নিয়ন্ত্রক যন্ত্রপাতির ক্রমাঙ্কন এবং রক্ষণাবেক্ষণের রেকর্ড

- **জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্ন:**
  - কর্তৃপক্ষ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মচারীরা কারখানাতে সক্রিয় নিয়ন্ত্রক যন্ত্রপাতি বা অপসারণ প্রক্রিয়া এবং কীভাবে সেগুলো নির্গমন কমায় তার বিবরণ দিতে সক্ষম

- পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:
  - উৎপাদন-প্রক্রিয়াজাত নির্গমনের সমস্ত ধরনের উৎসের জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতিগুলো ফেসিলিটির যেখানে থাকা উচিত সেখানেই রয়েছে এবং কর্মরত ও ভালো অবস্থায় রয়েছে কিনা (দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের দ্বারা নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং পর্যবেক্ষণ পিছু ) তার জন্য সেগুলোর তালিকা পর্যালোচনা করুন।

**আংশিক হ্যাঁ**

- "হ্যাঁ" কিন্তু কয়েকটির জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতি ইন্সটল করা আছে, কিন্তু উৎপাদনজনিত প্রক্রিয়াগুলোর থেকে নির্গমনের সমস্ত উৎসের জন্য নয়।

# বায়ু নির্গমন - স্তর ২

## ৬। নাইট্রোজেন অক্সাইড (এনওএক্স), সালফার অক্সাইড (এসওএক্স), এবং পার্টিকুলেট ম্যাটার (পিএম)-এর ক্ষেত্রে বায়ুর কর্মকুশলতাকে উচ্চ মাত্রায় অর্জন করার জন্য আপনার কারখানা কি অনুমোদনগত বাধ্যবাধকতাকে অতিক্রম করেছে?

- *যদি হ্যাঁ হয়, স্তরটি উল্লেখ করুন।*

পিএম, এসও২, এবং এনওএক্স-এর জন্য নির্গমন সংক্রান্ত পরীক্ষার ফলাফল আপলোড করুন

*সামঞ্জস্যপূর্ণতাকে অতিক্রম করে গিয়ে বায়ু নির্গমনের কর্মকুশলতা অর্জন করার বিষয়টিতে হিগ এফইএম অনুপ্রেরণা দেয়। তবে, বর্তমানে পোষাক, ফুটওয়্যার, এবং তন্তু শিল্পের জন্য কোনো বায়ু-*

*মানদণ্ড নেই। যদি শিল্পক্ষেত্রের বায়ু সংক্রান্ত কোনো মানদণ্ড পাওয়া যায়, আমরা উপাদানগুলোকে সেইভাবে হালনাগাদ করব।*

### এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার কারখানা দাহ্য যন্ত্রপাতি থেকে বায়ুতে নির্গমনের সাথে সামঞ্জস্যপূর্ণতাকেও অতিক্রম করার পরে আরো উন্নতিবিধান করেছে কিনা তা প্রদর্শন করাই এই প্রশ্নের উদ্দেশ্য।

### প্রযুক্তিগত নির্দেশনাঃ

বায়ুর মানদণ্ড পূরণ করাঃ বায়ু নির্গমন সাধারণভাবে স্থানীয় প্রবিধান অনুযায়ী একটি নির্দিষ্ট সীমায় ব্যবস্থাপনা করা হয়। তবে স্থায়িত্বের জন্য, প্রয়োজনীয় হলো *সামঞ্জস্যপূর্ণতা পেরিয়ে গিয়েও* উন্নতিবিধান করার মাধ্যমে বায়ুর কর্মকুশলতার সর্বোচ্চ অর্জনযোগ্য স্তরটিতে পৌঁছনো। বর্তমানে, শিল্পক্ষেত্রে বায়ুর কোনো মানদণ্ড নেই। সেই কারণে, হিগ্ এফইএম বায়ু বিভাগ সমন্বয়ের মাধ্যমে বিকাশপ্রাপ্ত কয়েকটি সীমানা প্রদান করে যেগুলো বর্তমানে প্রাপ্য সর্বোত্তম বায়ু দূষণ নির্দেশিকার সাথে মানানসই।

হিগ্ এফইএম বায়ু বিভাগটি নাইট্রোজেন অক্সাইড (এনওএক্স), সালফার অক্সাইড (এসওএক্স) এবং পার্টিকুলেট ম্যাটার (পিএম) নির্গমনকারী দহনমূলক যন্ত্রপাতির জন্য (যেমন, বয়লার এবং জেনারেটর) তিনটি স্তরের সীমা স্থির করার মাধ্যমে দূষকের (পল্যুট্যান্ট) সীমা যথাসম্ভব হ্রাস করার জন্য আপনাকে উৎসাহ প্রদান করে। আইএফসি-এর স্মল কমবাসশন ফেসিলিটিজ এমিশনস গাইডলাইনস)-এর সাহায্যে (লিঙ্ক:
https://www.ifc.org/wps/wcm/connect/532ff4804886583ab4d6f66a6515bb18/1-1%2BAir%2BEmissions%2Band%2BAmbient%2BAir%2BQuality.pdf?MOD=AJPERES)
এবং শ্রীলঙ্কা, বেলজিয়াম, অস্ট্রেলিয়া, জার্মানি (50 এমডাব্লু-এর চেয়ে বেশি), জাপান, এবং ভারতবর্ষ থেকে প্রাপ্ত এই মানদন্ড ব্যবহার করে এই সীমাগুলোকে চিহ্নিত করা হয়েছিল। এসএসি অথবা শিল্পজগতের অন্য কোনো সংগঠন দীর্ঘ সময় ধরে এই সীমাগুলোকে আরও জোরালো করে তুলবে বা অন্য কোনো মানদণ্ড দ্বারা প্রতিস্থাপন করবে যদি এরকম কোনো মানদণ্ড পোষাক শিল্পের জন্য তৈরি হয়।

নির্গমনের এইসব স্তরের প্রেক্ষিতে উৎসে নির্গমন হ্রাস করার বিভিন্ন সুযোগ আপনি মূল্যায়ণ করতে পারেন। উদাহরণের অন্তর্ভুক্ত হলো স্বচ্ছতর জ্বালানি ব্যবহার করার জন্য বয়লার রেট্রোফিট, নির্গমন কমিয়ে ফেলার জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতিগুলোর উন্নতিবিধান ইত্যাদি।

**বয়লার এবং জেনারেটরের জন্য বায়ুর মানদন্ডের খসড়া তৈরি করুন: (পরিমাপের ইউনিট: mg/Nm$^3$):**

| | | | | |
|---|---|---|---|---|
| **ছোটঃ ৫০ এমডাব্লু-এর থেকে কম** | | **স্তর ১ ভিত্তিগত** | **স্তর ২ কৌশলগত** | **স্তর ৩ উচ্চাকাঙ্খা-সম্পন্ন** |
| | পিএম | 150 | 100 | 50 |
| | এসও২ | 2000 | 1000 | 400 |
| | এনওএক্স | 650 | 300 | 200 |
| **মাঝারি (৫০ এমডাব্লু - ৩০০** | | **স্তর ১** | **স্তর ২** | **স্তর ৩** |
| | পিএম | 150 | 80 | 50 |

| | | | | |
|---|---|---|---|---|
| **এমডাব্ল্যু)** | এসও২ | 1500 | 1000 | 200 |
| | এনওএক্স | 600 | 300 | 150 |
| **বড় (৩০০ এমডাব্ল্যু-এর থেকে বেশি)** | | **স্তর ১** | **স্তর ২** | **স্তর ৩** |
| | পিএম | 100 | 50 | 30 |
| | এসও২ | 850 | 600 | 150 |
| | এনওএক্স | 510 | 200 | 150 |

### এটা কীভাবে যাচাই করা যাবেঃ

**হ্যাঁ**

- **নথিপত্র আবশ্যক:**
  - নির্গমন পরীক্ষার ফলাফল যা প্রদর্শন করে যে নাইট্রোজেন অক্সাইড (এনওএক্স), সালফার অক্সাইড (এসওএক্স), এবং পার্টিকুলেট ম্যাটার (পিএম)-এর ক্ষেত্রে বায়ুর কর্মকুশলতাকে উচ্চ মাত্রায় অর্জন করার জন্য আপনার কারখানা অনুমোদনগত বাধ্যবাধকতাকে অতিক্রম করেছে।
  - একটি সক্রিয় পরিকল্পনা বা সেটিকে অর্জন করার জন্য নেয়া প্রকল্পের বিবরণ। এর অন্তর্ভুক্ত থাকা উচিত সরঞ্জামের একটি তালিকা এবং/অথবা উন্নতিসমূহের কারণে নির্গমনের পরিবর্তনের রেকর্ড সহ প্রক্রিয়ার পরিবর্তন।

- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**
  - পারমিটের বাধ্যবাধকতাকে কারখানা অতিক্রম করে যাওয়ার ফলে নিতে হওয়া পদক্ষেপগুলো সম্পর্কে কর্তৃপক্ষ ব্যাখ্যা করতে সক্ষম

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
  - উচ্চ মাত্রার বায়ুর কর্মকুশলতা অর্জন করার জন্য যন্ত্রপাতি বা প্রক্রিয়া সহ পরিকল্পনাতে তালিকাভুক্ত রেফারেন্সের বিষয়গুলো।

# বায়ু নির্গমন - স্তর ৩

## ৭। আপনার কারখানায় বায়ুতে নির্গমন এবং আভ্যন্তরীণ বাতাসের গুণগত মানের সমস্যা হ্রাস করা বা দূর করার জন্য আধুনিক যন্ত্রপাতি বাস্তবায়িত করার কোনো প্রক্রিয়া আছে?

*আপলোড করুনঃ যন্ত্রপাতি আপগ্রেড করার জন্য পরিকল্পনা/প্রক্রিয়ার কাগজপত্র অথবা সাম্প্রতিক আপগ্রেডের কাগজপত্র*

***হ্যাঁ বাছুন*** *যদি যন্ত্রপাতিগুলোকে আপগ্রেড করার কোনো নথিবদ্ধ পরিকল্পনা আপনার থাকে বা যদি সমস্ত যন্ত্রপাতিকে আধুনিকতম সংস্করণে আপগ্রেড করা হয়ে গিয়ে থাকে যেহেতু পল্যুট্যান্ট নিয়ন্ত্রণ করার এবং বায়ু নির্গমনকে কমানোর ক্ষেত্রে এটি অন্যতম সর্বোত্তম একটি পদ্ধতি।*

## এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নের উদ্দেশ্য হলো যাতে একটি কারখানা বায়ুর পল্যুট্যান্ট নিয়ন্ত্রণ করার জন্য উন্নততর অভ্যাস প্রদর্শন বা শেয়ার করতে সক্ষম হয়।

বায়ুতে নির্গমন এবং অভ্যন্তরীণ বায়ুর গুণগত মানের সমস্যা হ্রাস করা বা দূর করার জন্য যন্ত্রপাতির আধুনিকীকরণ একটি কার্যকরী প্রক্রিয়া। নির্গমন হ্রাস করার জন্য (জিএসসিপি) সরঞ্জামগুলোকে আপগ্রেড করার সম্ভাবনাকে চিহ্নিত করা এবং মূল্যায়ণ করার (যেমন, সরঞ্জাম প্রতিস্থাপন করা, বর্তমানে রয়েছে এমন সরঞ্জামগুলোতে বদল আনা, অপসারক সরঞ্জামগুলোকে আরো ফলদায়ক করা, ইত্যাদি) জন্য সম্ভাব্যতা বিষয়ক গবেষণা সহায়ক হয়ে থাকে।

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

পুরনো হয়ে যাওয়া বা কার্যকারীতাবিহীনভাবে চলতে থাকা সরঞ্জাম প্রায়শই বায়ু নির্গমন নিয়ন্ত্রণের জন্য সুলভ সর্বোত্তম প্রযুক্তি (বেস্ট অ্যাভেইলেবল টেকনোলজি, বিএটি) অথবা সুলভ সর্বোত্তম নিয়ন্ত্রক প্রযুক্তিকে (বেস্ট অ্যাভেইলেবল কন্ট্রোল টেকনোলজি, বিএসিটি) কাজে লাগায় না। ফলত, নতুন, আধুনিকতর সরঞ্জামগুলোর তুলনায় পুরনো যন্ত্রপাতিগুলোর থেকে বেশি বায়ু নির্গমন হতে পারে। যন্ত্রপাতিগুলোকে আধুনিকীকরণ করার অর্থ হলো বর্তমান যন্ত্রপাতিগুলোকে বায়ু নির্গমন নিয়ন্ত্রণ করার জন্য নতুনতর প্রযুক্তি ব্যবহার করে আধুনিকীকরণ করা অথবা আরো উন্নততর প্রযুক্তিসম্পন্ন যন্ত্রপাতি ক্রয় করা।

যন্ত্রপাতিগুলোকে আধুনিকীকরণ করার একটি উদাহরণ হলো হিমায়ন এবং/অথবা এয়ার কন্ডিশনিং ব্যবস্থাকে আপগ্রেড করা যাতে সেগুলো নিম্ন মাত্রার জিডাব্লুপি-সম্পন্ন রেফ্রিজারেন্ট ব্যবহার করতে পারে অথবা ওডিএস-কে আরো পরিবেশবান্ধব রেফ্রিজারেন্ট দ্বারা প্রতিস্থাপন করতে পারে।

আরেকটি উদাহরণ হলো স্বচ্ছতর জ্বালানি দ্বারা চালিত নতুন একটি বয়লার বা জেনারেটর ক্রয় করা যার ফলে বায়ু নির্গমনের পরিমাণ কম হয়।

### এটা কীভাবে যাচাই করা যাবেঃ

**হ্যাঁ**

- **নথিপত্র আবশ্যক:**
  - আপলোড করুনঃ সরঞ্জাম আপগ্রেড করার জন্য পরিকল্পনা/প্রক্রিয়ার কাগজপত্র অথবা সাম্প্রতিক আপগ্রেডের কাগজপত্র
  - সরঞ্জামগুলোকে আপগ্রেড করার সাম্প্রতিক কাগজপত্র (যদি প্রযোজ্য হয়)

- **জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্ন:**
  - সরঞ্জামগুলোকে আপগ্রেড করার পরিকল্পনা/প্রক্রিয়া অথবা সাম্প্রতিক আপগ্রেডের কাগজপত্র কর্তৃপক্ষ ব্যাখ্যা করতে সক্ষম।

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
  - কর্মরত পরিকল্পনার প্রেক্ষিতে কারখানাতে সরঞ্জাম আপগ্রেডের বিষয়টি যাচাই করুন।

# বর্জ্য

## বর্জ্যের সংজ্ঞা

বর্জ্য হলো এমন যেকোনো উপাদান বা পদার্থ যা কারখানা থেকে নিষ্কাশিত হয়, যা পরিবেশকে এবং আশেপাশের কম্যুনিটিগুলোকে দূষিত করতে পারে।
বর্জ্যের উদাহরণের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে, কিন্তু সীমিত নয়ঃ

- **বিপদহীন বর্জ্য** বিপদহীন বর্জ্য হলো পণ্য ও সেবাসমূহকে ব্যবহার এবং পণ্য উৎপাদনের ফলে পরিত্যক্ত উপকরণ। বিপদহীন বর্জ্যের মধ্যে সাধারণত অন্তর্ভুক্ত বিপদহীন বস্তুর উৎপাদনের ফলে নিষ্কাশিত এবং ঘরোয়া বর্জ্য। বিপদহীন উৎপাদনজাত বর্জ্য সাধারণত প্রত্যক্ষভাবে উৎপাদন প্রক্রিয়া থেকে তৈরি হয়, যেমন, কাপড়, চামড়া, প্লাস্টিক, কাগজ, ধাতু অথবা মোড়ক-সংক্রান্ত বর্জ্য। ঘরোয়া বর্জ্যের অন্তর্ভুক্ত হলো খাদ্য এবং শৌচ-সংক্রান্ত বর্জ্য। কারখানার ক্যান্টিন এবং রান্নাঘর থেকে সাধারণত খাদ্যজাত বর্জ্য প্রস্তুত হয়। শৌচ-সংক্রান্ত বর্জ্য হলো অফিস এবং ডর্মিটরি অঞ্চল থেকে প্রাপ্ত ঘরোয়া বর্জ্য, যেমন, টয়লেট পেপার, লন/বাগানের বর্জ্য, কাচ, এবং খাদ্যের মোড়ক।
- **বিপজ্জনক বর্জ্য** হলো সেই বর্জ্য যা তার রাসায়নিক, পদার্থগত, অথবা জৈব বৈশিষ্ট্যসমূহের কারণে (যেমন, তা দাহ্য, বিস্ফোরক, দূষণকারক, তেজষ্ক্রিয়, অথবা সংক্রামক) জনস্বাস্থ্যগত এবং/অথবা পরিবেশের ক্ষতি করতে পারে। যুক্তরাষ্ট্রীয় পরিবেশ সুরক্ষা সংগঠন (ইউ এস এনভায়ারনমেন্টাল প্রোটেকশন এজেন্সি) বিপজ্জনক বর্জ্যকে সংজ্ঞা দেয় এরকম "বর্জ্য হিসেবে যা স্বাস্থ্য বা পরিবেশের জন্য বিপজ্জনক অথবা সম্ভাব্যরূপে ক্ষতিকর। বিপজ্জনক বর্জ্য তরল, কঠিন, অথবা গ্যাস, বা কাদা হতে পারে। বিপজ্জনক বর্জ্য নিয়ন্ত্রণের আবশ্যকতা বিপদহীন বর্জ্যের তুলনায় কঠোর।" (http://www.epa.gov/osw/hazard/)

তবে, বিপজ্জনক ও বিপদহীন বর্জ্যের ক্ষেত্রে একটি দেশের আইনানুগ শ্রেণীবিন্যাস অন্য দেশের তুলনায় পৃথক হতে পারে, যা কোন ধরনের বর্জ্যকে বিপজ্জনক বলে সংজ্ঞায়িত করা হবে তার শ্রেণীবিভাজন পৃথকরূপে করতে পারে। একটি কারখানার অন্তত আইনি বর্জ্যের আবশ্যকতাগুলো অনুসরণ করা উচিত। যদি আইনানুগ আবশ্যকতাগুলো সহজলভ্য না হয়, সেক্ষেত্রে আরো কঠিন শিল্পকেন্দ্র সংক্রান্ত নির্দেশিকা অনুসরণ করার সুপারিশ করা হয়েছে।

***কঠিন পণ্যের ফেসিলিটির জন্য নতুন পথনির্দেশনা:***
ইওরোপিয়ান ইউনিয়নের অভ্যন্তরে উৎপাদনকারী অথবা তাদেরকে বিতরণ করা সকল সংস্থার জন্য, ডাব্ল্যুইইই (ওয়েস্ট ফ্রম ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইক্যুইপমেন্ট) আদেশপত্রটি অনুসরণ করার জন্য একটি জরুরি আদেশপত্র। ডাব্ল্যুইইই আদেশপত্র বৈদ্যুতিন বর্জ্য হ্রাস এবং পৃথকীকরণকে নিয়ন্ত্রণ করে।

হিগ ইন্ডেক্স ওয়েস্ট বিভাগ অনুযায়ী আপনার যা করতে হবেঃ

- সমস্ত বিপজ্জনক এবং বিপদহীন বর্জ্য প্রবাহগুলো সম্পর্কে জানা এবং অনুসরণ করা
- উৎপাদিত আয়তন এবং সমস্ত বিপজ্জনক ও বিপদহীন বর্জ্যের প্রবাহের নিষ্কাশন প্রক্রিয়া রেকর্ড করা এবং সে সম্পর্কে রিপোর্ট করা

- **নির্ভুলতা** - বর্জ্যের অনুসরণ কার্যক্রমে উপাত্ত প্রবেশের বিষয়টি নির্ভুল হওয়া এবং বিশ্বাসযোগ্য সূত্র থেকে আসা নিশ্চিত করুন (যেমন, নির্ণীত ক্রমাঙ্ক পরিমাপক, ইনভয়েসসমূহ, বৈজ্ঞানিক পরিমাপের প্রতিষ্ঠিত নীতিসমূহ অথবা যন্ত্রবিদ্যার আনুমানিক হিসেব, ইত্যাদি।)
- **সামঞ্জস্য** - বর্জ্যের উপাত্ত অনুসরণ করার জন্য সামঞ্জস্যপূর্ণ প্রণালী-বিদ্যা ব্যবহার করুন যা দীর্ঘ সময় ধরে ব্যবহৃত বর্জ্যের পরিমাণের মধ্যে তুলনা অনুমোদন করে। অনুসরণ প্রণালী, বর্জ্যের উৎস, অথবা বর্জ্যের ব্যবহার সংক্রান্ত উপাত্তকে প্রভাবিত করে এমন অন্যান্য ক্রিয়াকলাপের মধ্যে কোনো রকম পরিবর্তন হলে, তা নথিবদ্ধ হওয়া উচিত।
- **স্বচ্ছতা** – উপাত্তের সমস্ত সূত্রগুলি (যেমন, ইনভয়েস, ওজনের রেকর্ড ইত্যাদি), ব্যবহৃত অনুমানসমূহ (যেমন, আনুমানিক হিসেবের প্রযুক্তি), এবং গণনার প্রণালীসমূহ উপাত্তের বর্ণনামূলক তালিকায় প্রকাশ করা উচিত এবং নথিবদ্ধ রেকর্ডসমূহ এবং পরিপোষক প্রমাণের মাধ্যমে তাৎক্ষণিকভাবে যাচাইযোগ্য হওয়া উচিত।
- **উপাত্তের গুণগত মানের ব্যবস্থাপনা** – জ্ঞাপিত উপাত্ত নির্ভুল হওয়া নিশ্চিত করার জন্য গুণগত মান আশ্বাসনের ক্রিয়াকলাপসমূহের (অভ্যন্তরীণ বা বাহ্যিক প্রক্রিয়ায় উপাত্তের গুণগত মান খুঁটিয়ে দেখা) বর্জ্যের উপাত্তের জন্য এবং উপাত্ত সংগ্রহ ও অনুসরণ করার প্রক্রিয়াসমূহের জন্যও পরিভাষিত এবং সম্পাদিত হওয়া উচিত।

উপরিউক্ত নীতিগুলি গ্রিনহাউস গ্যাস প্রোটোকল - অধ্যায় ১ঃ জিএইচজি অ্যাকাউন্টিং এবং রিপোর্টিং প্রিন্সিপল্স (জিএইচজি হিসাবরক্ষণ এবং প্রতিবেদনের মূলনীতিসমূহ) থেকে অভিযোজিত।

## বর্জ্য - স্তর ১

### ১। আপনার কারখানা বিপদহীন বর্জ্য প্রবাহের কোনগুলো উৎপাদন করে? যেগুলো প্রযোজ্য তার সবগুলোই বাছুনঃ

- উপকরণ
- ধাতু
- প্লাস্টিক
- কাগজ
- ক্যান
- খাদ্য
- কাচ
- কার্টন
- বর্জ্যপানি শোধনের কাদা (বিপদহীন)
- অন্যান্য (দয়া করে উল্লেখ করুন)
- সমস্ত ঘরোয়া বর্জ্য একত্রিত

*আপলোডের জন্য সুপারিশ: বর্জ্যের ইস্তাহার*

**আপনি কি আপনার বিপজ্জনক নয় এমন বর্জ্য প্রবাহগুলি অনুসরণ করেন?**
*অন্তর্ভুক্ত রয়েছে বিপদহীন উৎপাদনজাত বর্জ্য এবং ঘরোয়া বর্জ্য*

*যদি আপনি আপনার ফেসিলিটিতে উৎপাদিত সমস্ত বর্জ্য প্রবাহকে, প্রতিটি প্রবাহের পরিমাণকে এবং প্রতিটি বর্জ্য প্রবাহের নিষ্কাশন পদ্ধতিকে সম্পূর্ণভাবে অনুসরণ করে থাকেন তাহলে আপনি* ***পুরো পয়েন্ট*** *পাবেন।*

*আপনি যদি আপনার বর্জ্য প্রবাহসমূহের অন্তত একটিকে সম্পূর্ণরূপে ট্র্যাক করে থাকেন, কিন্তু এখনও আপনার সবগুলো উৎস অথবা প্রতিটি বর্জ্য প্রবাহের নিষ্কাশন প্রবাহকে অনুসরণ না করে থাকেন তাহলে আপনি* ***আংশিক পয়েন্ট*** *পাবেন।*

## এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এর উদ্দেশ্য হলো আপনার কারখানায় সমস্ত বিপদহীন বর্জ্যের প্রকৃতি সম্পর্কেও সচেতনতা গড়ে তোলা (উৎপাদনজাত এবং ঘরোয়া বর্জ্য উভয় সম্পর্কেই) এবং প্রতিটি বর্জ্যের প্রকৃতির মাধ্যমে উৎপাদিত হওয়া আয়তনকে ট্র্যাক করা। কীভাবে বর্জ্য হ্রাস করবেন ও অন্যদিকে ব্যবহার করবেন সে সম্পর্কে কৌশলগত সিদ্ধান্ত নেয়ার আগে আপনাকে অবশ্যই আপনার বর্জ্যের উৎস সম্পর্কে জানতে হবে। আপনার বর্তমান বর্জ্য নিয়ন্ত্রণের অভ্যাসকে বুঝতে পারা এবং আপনি সর্বাধিক উৎপাদন করেন যেসব বর্জ্যের উৎসকে তাদের উন্নত করে তোলাকে প্রাধান্য দেয়াটা জরুরি। এটি করার মাধ্যমে আপনি বর্জ্য হ্রাস এবং অন্যভাবে ব্যবহারের জন্য আরো কার্যকরী বিকল্প খুঁজে পেতে পারেন।

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

বর্জ্যের একটি ইনভেন্টরি গড়ে তোলা বর্জ্য ব্যবস্থাপনার প্রথম ধাপ বলে গণ্য করা হয়। আপনার বর্জ্য অনুসরণ এবং রিপোর্টিং কর্মসূচী প্রতিষ্ঠা করার সময়, নিচের কাজগুলি দিয়ে শুরু করুন, যা বিপদহীন বর্জ্যের ক্ষেত্রে প্রযোজ্য যেটি এই প্রশ্নের আওতাধীন এবং বিপজ্জনক বর্জ্য অনুসরণ যা ২ নম্বর প্রশ্নের আওতাধীনঃ

- ব্যবসা এবং কর্মসম্পাদনমূলক প্রক্রিয়াগুলিকে চিত্রায়িত করে নিন যাতে বর্জ্য কোথায় উৎপাদিত হচ্ছে এবং সমস্ত ধরনের বর্জ্য যা উৎপাদিত হচ্ছে তা চিহ্নিত করা যায়।
- বর্জ্য সংক্রান্ত উপাত্ত সংগ্রহ এবং অনুসরণ করার জন্য প্রক্রিয়াগুলিকে প্রতিষ্ঠা করাঃ
    - সাইটে স্কেল, বর্জ্য ইনভয়েস/ম্যানিফেস্ট, বিক্রি হওয়া বর্জ্য উপকরণের রসিদ, ইত্যাদি উৎপাদিত বর্জ্যের পরিমাণ নির্ধারণের জন্য ব্যবহার করুন।
    - যদি অনুমান-প্রযুক্তি ব্যবহার করা হয়, গণনার প্রণালী যাচাইযোগ্য উপাত্ত দ্বারা স্পষ্টভাবে পরিভাষিত এবং সমর্থনপ্রাপ্ত হতে হব (নিচে উদাহরণ দেখুন)
- অনুসরণ সংক্রান্ত উপাত্ত (যেমন, প্রাত্যহিক, সাপ্তাহিক, মাসিক বর্জ্যের পরিমাণ) এমন একটি বিন্যাসে রেকর্ড করা যা পর্যালোচনা করা সহজ হয় [যেমন, স্প্রেডশীট (যেমন, মাইক্রোসফট এক্সেল) অথবা অনুরূপ উপাত্ত বিশ্লেষক কার্যক্রম যা মানুষের পঠনযোগ্য বিন্যাসে উপাত্তকে রপ্তানি করা (যেমন, এক্সেল, সিএসভি)] এবং যাচাই চলাকালীন পর্যালোচনার জন্য প্রাসঙ্গিক পরিপোষক প্রমাণকে রক্ষণাবেক্ষণ করা অনুমোদন করে।

## হিগ্ এফইএম-এ বর্জ্য সংক্রান্ত উপাত্ত রিপোর্ট করাঃ

এফইএম-এ বর্জ্যের উপাত্ত রিপোর্ট করার আগে, উপাত্তের গুণগত মান খুঁটিয়ে দেখার বিষয়টি সম্পন্ন হওয়া উচিত এটি নিশ্চিত করার জন্য যে উপাত্ত এবং তা সংগ্রহ ও রেকর্ড করার জন্য ব্যবহৃত প্রক্রিয়া নিখুঁত উপাত্ত উৎপাদনের ক্ষেত্রে কার্যকরী।

**করবেনঃ**

- ✔ উৎসের উপাত্ত পর্যালোচনা করা (যেমন, ওজনের রেকর্ড, ইনভয়েস / ম্যানিফেস্ট, ইত্যাদি) সম্পূর্ণ মোট-এর প্রেক্ষিতে মিলিয়ে নেয়া নিশ্চিত করার জন্য যে এটি নিখুঁত।
- ✔ ঐতিহাসিক উপাত্তের সাথে বর্তমান বছরটিকে তুলনা করা। যেকোনো গুরুত্বপূর্ণ পরিবর্তন (যেমন, ১০%-এর উপর বৃদ্ধি বা হ্রাস) পরিচিত পরিবর্তনগুলিতেই আরোপযোগ্য হওয়া উচিত। যদি না হয়, ন্যায্যতা প্রতিপন্ন করার জন্য অতিরিক্ত তদন্ত হতে পারে।
- ✔ নিশ্চিত করা যে উপাত্ত অনুসরণ করার জন্য সাম্প্রতিকতম এবং হালনাগাদ করা স্প্রেডশীট ব্যবহার করা হচ্ছে এবং সমস্তরকম স্বয়ংক্রিয় গণনা/ফর্মূলা সঠিক রয়েছে।
- ✔ নিশ্চিত করা যে যথাযথ ইউনিটগুলিকে রিপোর্ট করা হয়েছে এবং যেকোনো ইউনিটকে উৎসের উপাত্ত থেকে রিপোর্ট করা উপাত্তে রূপান্তর করার বিষয়টিকে যাচাই করা।
- ✔ নির্ভুল থাকা সুনিশ্চিত করার জন্য যেকোনো আনুমানিক অথবা অনুমান সংক্রান্ত প্রণালী-বিদ্যা/ গণনাসমূহকে পর্যালোচনা করা
- ✔ নির্দিষ্ট বর্জ্য কিভাবে ফেলা হয়েছে তা যাচাই করা এবং ফেলার পদ্ধতিটিকে রিপোর্ট করা (যেমন, জমিভরাট, রিসাইক্‌ল করা, পোড়ানো)
- ✔ নিশ্চিত করা যে বর্জ্যের ভেন্ডরদের প্রতিটি ধরনের বর্জ্য নাড়াচাড়া করার জন্য যথাযথ লাইসেন্স আছে।
- ✔ "এই উৎসের জন্য আপনার বর্জ্য ব্যবস্থাপনা এবং ফেলার প্রক্রিয়াসমূহের বিবরণ দিন" ফিল্ডে নোট যোগ করুন বিবরণ দেয়ার জন্য যে কীভাবে বর্জ্যের ব্যবস্থাপনা করা হয় এবং যেকোনো উপাত্তের অনুমান, হিসেবের প্রণালী, অথবা কোনো নির্দিষ্ট উৎসের জন্য উপাত্তের বিষয়ে অন্যান্য প্রাসঙ্গিক মন্তব্য।

**করবেন নাঃ**

- X নির্ভুল নয় এমন উপাত্ত রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)।
- X আনুমানিক উপাত্ত রিপোর্ট করা যদি তা যাচাইযোগ্য এবং যুক্তিযুক্ত নিখুঁত হিসেবের প্রণালী ও উপাত্ত দ্বারা সমর্থিত না হয়।

এই প্রশ্নটির উত্তর কীভাবে দিতে হবে তা বোঝার জন্য নিম্নলিখিত শব্দকোষ আপনাকে সাহায্য করবেঃ

- **বর্জ্যের সমস্ত প্রবাহ** বলতে বোঝায় ফেসিলিটির চত্বরে (অন-সাইট) উৎপন্ন সমস্ত বর্জ্য যার অন্তর্ভুক্ত হলো উৎপাদিত পণ্য, অফিসের ব্যবহার, ক্যান্টিন, ডর্মিটরি, দোকানসমূহে কর্মীদের দ্বারা উৎপন্ন বর্জ্য, এবং সেবা প্রদানের জন্য প্রাঙ্গণে আসা ঠিকাদারদের দ্বারা উৎপাদিত সমস্ত বর্জ্য।
- **চূড়ান্ত নিষ্কাশন (ডিজপোজাল)** বলতে বোঝায় আপনার বর্জ্য ব্যবস্থাপনা বা সরানোর জন্য প্রয়োজনীয় চূড়ান্ত পদক্ষেপ। যদি একজন ঠিকাদার আপনার বর্জ্য সংগ্রহ করে অন্য কোনো সংস্থাকে তা বিক্রয় করে, তাহলে চূড়ান্ত নিষ্কাশনক্ষেত্র হবে সেই সংস্থাটি যে রিসাইক্‌ল, পোড়ানো, পরিশোধনের মাধ্যমে (পদার্থগত বা রাসায়নিক পরিশোধন), অথবা জমিভরাটের জন্য আপনার বর্জ্যকে শেষবার ব্যবহার করছে। বর্জ্য সংগ্রহের এলাকাটিকে

অথবা বর্জ্য-ঠিকাদারের অঞ্চলটি পরিদর্শন করার মাধ্যমে এবং বাছাবাছির বিষয়টির ব্যবস্থাপনা যথাযথ তা নিশ্চিত করার মাধ্যমে এটি কারখানাতে নিয়ন্ত্রণ করা যায়

- **বিপদহীন বর্জ্য:** দয়া করে এই বিভাগের একদম ওপরে বর্জ্য পরিচিতিতে গিয়ে তালিকাভুক্ত সংজ্ঞা দেখুন।
- **বিপজ্জনক বর্জ্য**: দয়া করে এই বিভাগের একদম ওপরে বর্জ্য পরিচিতিতে গিয়ে তালিকাভুক্ত সংজ্ঞা দেখুন। বিপজ্জনক বর্জ্যকে সনাক্ত করার জন্য, আপনি সেটির বৈশিষ্ট্য, পরিবেশগত প্রভাব, ব্যবহারবিধি, ক্ষয়কারিতা, দাহ্যতা এবং তেজস্ক্রিয়তা খুঁটিয়ে দেখতে পারেন, যদি সেটি বিপজ্জনক বর্জ্যের অন্তর্ভুক্ত না হয়, তবে তা বিপদহীন বর্জ্যের অন্তর্ভুক্ত হবে।
- **পুনর্ব্যবহার:** যেসব উপকরণ কোনো কর্মকাণ্ড বা প্রয়োগক্ষেত্রে নতুন কোনো বাণিজ্যিক পণ্যের জন্য বিকল্প হিসেবে ব্যবহার হয়। সাধারণত, এই উপাদানকে একই কারণে বহুবার ব্যবহৃত হওয়ার মতো করে বানানো হয়েছে। এর অন্তর্ভুক্ত হতে পারে উপকরণ/উপাদান খুঁটিয়ে দেখা, পরিষ্কার করা অথবা সারিয়ে তোলা, যাতে আসল বা অন্যান্য লক্ষ্যের জন্যও আরো কোনো পূর্ব-প্রক্রিয়া ছাড়াই এগুলোকে পুনর্ব্যবহার করা যায়। উদাহরণ স্বরূপঃ
    - রাসায়নিক সরবরাহকারী রাসায়নিকের পাত্রটি একই রাসায়নিক দিয়ে পুনর্বার ভর্তি করার জন্য পুনর্ব্যবহার করতে পারেন (বাহ্যিক পুনর্ব্যবহার)।
    - অন্য কোনো কারখানাতে কাপড়ের ফেলে দেয়া অংশ ব্যবহার হতে পারে (বাহ্যিক পুনর্ব্যবহার)।
    - রিচার্জ করা যায় এমন ব্যাটারি বহুবার ব্যবহার করা যায় (অভ্যন্তরীণ পুনর্ব্যবহার)। □□□□□□ প্যালেট বা কার্ডবোর্ড কারখানার ভিতরে জিনিসপত্র ধরার জন্য পুনর্ব্যবহার হতে পারে (অভ্যন্তরীণ পুনর্ব্যবহার)।
- **রিসাইক্‌ল করা:** খুঁজে বার করা উপকরণ থেকে পুনর্প্রক্রিয়াকরণের মাধ্যমে একটি চূড়ান্ত পণ্য অথবা কোনো পণ্যের একটি উপাদানে পরিণত করা উপকরণসমূহ। শক্তি পুনরুদ্ধার এবং পুনর্প্রক্রিয়াকরণের মাধ্যমে জ্বালানি হিসেবে ব্যবহৃত হওয়ার মতো কোনো পদার্থে পরিণত করা অথবা ব্যাকফিলিং সম্পাদনের জন্য ব্যবহৃত হতে পারা এর অন্তর্ভুক্ত নয়।

রিসাইক্‌ল করা এবং পুনর্ব্যবহার করা বস্তুর মধ্যে পার্থক্যঃ

- **রিসাইক্‌ল করা উপকরণ** প্রক্রিয়াকরণ, অথবা পদার্থগতভাবে পালটে যাওয়ার প্রক্রিয়ার মধ্যে দিয়ে যায়, যাতে তাকে অন্য একটি উপাদান অথবা পণ্যে পরিণত করা যায়।
- **পুনর্ব্যবহৃত উপকরণ** তার বর্তমান রূপেই, বহুবার, সাধারণত একই উদ্দেশ্যে ব্যবহার হয়। উদাহরণ স্বরূপঃ
    - প্লাস্টিক রিসাইক্লিং হলো স্ক্র্যাপ বা বর্জ্য প্লাস্টিক পুনরুদ্ধার এবং দরকারি পণ্যে, কখনও কখনও তাদের প্রকৃত রূপের তুলনায় সম্পূর্ণ আলাদা কোনকিছুতে পুনর্প্রক্রিয়াজাত করার প্রক্রিয়া। উদাহরণ স্বরূপ, এর অর্থ হতে পারে সফট ড্রিঙ্কের বোতলকে গলিয়ে প্লাস্টিক টেবিল এবং চেয়ারের চেহারা দেয়া।
    - খেলার জায়গা বা ট্র্যাফিক কোণের জন্য ব্যবহৃত প্লাস্টিক
    - আসবাবপত্র, ম্যাট্রেস, কম্বল, খেলনা প্রভৃতির জন্য ব্যবহৃত প্যাডিং/স্টাফিং-এর জন্য ফ্যাব্রিক স্ক্র্যাপকে পুনর্প্রক্রিয়াজাত করা হয়
- **শক্তি পুনরুদ্ধার সহ ভস্মীকরণ:** বর্জ্য ভস্মে পরিণত করার মাধ্যমে বিদ্যুৎ অথবা তাপ হিসেবে শক্তি উৎপাদন করার প্রক্রিয়া। তাপীয় প্রযুক্তির অন্তর্ভুক্ত হলো ভস্মীকরণ, গ্যাস

প্লাজমা, পাইরোলাইসিস অথবা 150 °C-এর বেশি তাপোৎপাদনকারী যে কোনো প্রক্রিয়া (দয়া করে UL2799 মানদণ্ডটি দেখুন: https://standardscatalog.ul.com/standards/en/standard_2799_3). এই পরিচালনাটি কেবলমাত্র সরকারের কোনো অনুমোদিত এবং অনুমোদন-প্রাপ্ত দহনাগার অথবা অনুমোদন-প্রাপ্ত দহনাগারেই স্বীকৃত।

- **জৈবিক পরিশোধন**: সাধারণত খাদ্যের বর্জ্য নিষ্কাশনের জন্যই ব্যবহৃত হয়। পরিচিত শোধনপদ্ধতিগুলো হলো অ্যানারোবিক ডাইজেশন, জৈব-জ্বালানি এবং সার। **অ্যানারোবিক ডাইজেশন** একটি জৈবিক প্রক্রিয়া যেখানে ব্যাকটেরিয়া অক্সিজেনের অনুপস্থিতিতে জৈব বস্তুকে পচিয়ে দেয়। ব্যাকটেরিয়াটি জৈব গ্যাস উৎপাদন করে যা শক্তি উৎপাদনে ব্যবহার হতে পারে। নিয়ন্ত্রিত অ্যানারোবিক ডাইজেশনের পরে বাকি থেকে যাওয়া তরল কম দুর্গন্ধযুক্ত এবং বেশি পুষ্টিকর। **জৈব জ্বালানি** জৈবিক উপকরণসমূহ থেকে বার করা হয় এবং বিকল্প জ্বালানি হিসেবে অথবা যানবাহনের থেকে নির্গমন হ্রাস করার ক্ষেত্রে যোজনীয় হিসেবে ব্যবহার করা যায়। **জৈবসার প্রস্তুত করা** হলো জৈব বর্জ্যকে অক্সিজেনের উপস্থিতিতে বিভিন্ন জীবাণু দ্বারা ভেঙে একটি উপযোগী পদার্থে পরিণত করার জৈবিক প্রক্রিয়া। মিশ্র সারের অন্তর্ভুক্ত হলো জৈব বর্জ্যকে শিল্পকেন্দ্রগত এবং প্রস্তুত পণ্য যেমন সার, ট্যালো এবং শিল্পকেন্দ্রিক রসায়নে রূপান্তর করা।
| **সিএএস সংখ্যা** | সিএএস নিবন্ধন নম্বর (প্রায়শই যেটিকে সিএএস আরএন® অথবা সিএএস নম্বর বলা হয়ে থাকে) রাসায়নিক পদার্থগুলোর জন্য একটি অনন্য, ত্রুটিবিহীন সূচক প্রদান করার জন্য বিশ্বজনীনভাবে প্রয়োগ করা হয়ে থাকে। সিএএস নিবন্ধন নম্বরের নিজের কোনো রাসায়নিক গুরুত্ব নেই কিন্তু একটি রাসায়নিক পদার্থ বা আণবিক কাঠামো যেখানে অনেকগুলো সম্ভাব্য পদ্ধতিগত, জেনেরিক, চারিত্রিক অথবা গতানুগতিক নাম রয়েছে, সেটিকে চিহ্নিত করার জন্য একটি দ্ব্যর্থহীন পদ্ধতি প্রদান করে। | সিএএস | http://www.cas.org/about-cas/faqs |
| **রাসায়নিক অক্সিজেনের চাহিদা (কেমিক্যাল অক্সিজেন ডিম্যান্ড - সিওডি)** | রাসায়নিক অক্সিজেনের চাহিদা (সিওডি) পানিতে জৈব বস্তু এবং রাসায়নিকের মাত্রার একটি সূচক, এবং সেজন্য, সেই হারেরও যে হারে পানিতে অক্সিজেন ব্যবহার হয়ে যায় যেহেতু জৈব পদার্থ এবং রাসায়নিকগুলোও ব্যবহার করা হয়ে যায়। সাধারণত, সিওডি যত নিম্ন মাত্রার পানি/বর্জ্যপানির গুণগত মান তত ভালো। | জিএসসিপি | |

| | | | |
|---|---|---|---|
| **বৃত্তাকার অর্থনীতি** | একটি প্রাতিষ্ঠানিক একরৈখিক অর্থনীতির (নির্মান করা, ব্যবহার করা, ফেলে দেয়া) বিকল্প হলো বৃত্তাকার অর্থনীতি যেটিতে আমরা যত দীর্ঘ সময় ধরে সম্ভব সম্পদকে ব্যবহার করার জন্য রেখে দিই, ব্যবহার করার সময়েও সেগুলোর থেকে যথাসম্ভব মূল্য বার করে নিই, তারপরে প্রতিটি সেবার সময়সীমা শেষ হলে পণ্যগুলোকে এবং উপাদানগুলোকে পুনরুদ্ধার করি এবং পুনরুৎপাদন করি। | ডাব্ল্যুআরএপি | http://www.wrap.org.uk/about-us/about/wrap-and-circular-economy |
| **জলবায়ু পরিবর্তন** | জলবায়ুর পরিবর্তন বলতে পৃথিবীর জলবায়ুতে, অথবা কোনো একটি অঞ্চল বা শহরের জলবায়ুতে যেকোনো দীর্ঘমেয়াদী পরিবর্তন বোঝায়। এর অন্তর্ভুক্ত হলো তাপমান ছাড়াও উষ্ণায়ন, শীতলীকরণ এবং পরিবর্তন। | নাসা | https://www.nasa.gov/audience/forstudents/5-8/features/nasa-knows/what-is-climate-change-58.html |
| **ঘরোয়া বর্জ্য** | ফেসিলিটির ভেতরে শিল্পক্ষেত্রের সাথে সম্পর্কযুক্ত নয় এমন উদ্দেশ্যে ব্যবহৃত পানি, যেমন সুপেয় পানি, ফ্লাশের জন্য পানি। | হিগ ইনডেক্স | |
| **এমার্জেন্সি রেসপন্স প্ল্যান (ইআরপি)** | জরুরি পরিস্থিতিতে দ্রুততম সহায়তা প্রদানের জন্য সেবা, সংস্থা এবং ব্যক্তিদের কার্যকরী বিস্তার এবং সমন্বয়ের জন্য একটি পদক্ষেপের পরিকল্পনাকে জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা (ইআরপি) বলে। | ডাব্ল্যুআরইএম | http://www.wrem.ca/en/emergencyplans/ |
| **শক্তি (পরোক্ষ)** | (পরোক্ষ) শক্তি সরকারী এবং বেসরকারী ইউটিলিটিগুলোর কাছ থেকে কেনা যায় বিদ্যুৎ, বাষ্প, অথবা তাপের রূপে। | হিগ ইনডেক্স | |
| **শক্তির বাহক** | পদার্থ অথবা ঘটনা যেটিকে যান্ত্রিক কাজকর্ম অথবা তাপ অথবা রাসায়নিক অথবা পদার্থগত প্রক্রিয়াগুলো উৎপাদন করার জন্য ব্যবহার করা যায়। | আইএসও | https://www.iso.org/obp/ui/#iso:std:iso:13600:ed-1:v1:en |

| | | | |
|---|---|---|---|
| **পরিবেশগত ব্যবস্থাপনা পদ্ধতি (এনভায়ারনমেন্টাল ম্যানেজমেন্ট সিস্টেম, ইএমএস)** | একটি ব্যবস্থাপনা পদ্ধতি হলো আন্তঃসম্পর্কযুক্ত উপাদানের একটি ব্যবস্থা যেটিকে নীতি এবং উদ্দেশ্য প্রতিষ্ঠা করার জন্য এবং সেই লক্ষ্যগুলো পূরণ করার জন্য ব্যবহার করা হয়।<br>পরিবেশগত ব্যবস্থাপনা পদ্ধতিতে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবেঃ<br>ক। পরিবেশ সংক্রান্ত নীতি<br>খ। পরিকল্পনাঃ পরিবেশ-সংক্রান্ত ঝুঁকির মূল্যায়ণ, উদ্দেশ্য এবং লক্ষ্য স্থির করা<br>গ। বাস্তবায়ন এবং পরিচালনাঃ পরিচালনাগত প্রক্রিয়াসমূহ; যথাযথ প্রশিক্ষণ; নথিপত্র এবং তার নিয়ন্ত্রণ<br>ঘ। খুঁটিয়ে দেখাঃ পর্যবেক্ষণ এবং পরিমাপ, অডিট এবং পরিদর্শন<br>ঙ। কর্তৃপক্ষের পর্যালোচনা | ISO14001:2004-এর ভিত্তিতে জিএস সিপি,<br>হিগ ইনডেক্স | |
| **পরিবেশ সংক্রান্ত নীতি** | নীতিটি কারখানার ক্রিয়াকলাপ, পণ্য, এবং সেবার বিবরণ দেয় যার অন্তর্ভুক্ত হলো নিরন্তর উন্নতিবিধান এবং দূষণ প্রতিরোধের ক্ষেত্রে একনিষ্ঠতা, এবং সাইটের জন্য চিহ্নিত গুরুত্বপূর্ণ পরিবেশ সংক্রান্ত দৃষ্টিকোণের সাথে সম্পর্কিত আইনি এবং অন্যান্য বাধ্যবাধকতার সাথে সঙ্গতি রক্ষার ক্ষেত্রে একনিষ্ঠতা। পরিবেশ সংক্রান্ত উদ্দেশ্য এবং লক্ষ্য স্থির করার জন্য এবং পর্যালোচনা করার জন্য নীতিটির উচিত পরিকাঠামো তৈরি করে দেয়া। | হিগ ইনডেক্স | |
| **চূড়ান্ত নিষ্কাশন** | চূড়ান্ত নিষ্কাশন বলতে বোঝায় আপনার বর্জ্য ব্যবস্থাপনা বা নষ্ট করার জন্য প্রয়োজনীয় চূড়ান্ত পদক্ষেপ। যদি একজন কন্ট্রাক্টর আপনার বর্জ্য সংগ্রহ করে অন্য কোনো সংস্থাকে তা বিক্রয় করে, তাহলে চূড়ান্ত নিষ্কাশনক্ষেত্র হবে সেই সংস্থাটি যে রিসাইক্‌ল, পোড়ানো, পরিশোধনের মাধ্যমে (পদার্থগত বা রাসায়নিক পরিশোধন), অথবা জমিভরাটের জন্য আপনার বর্জ্যকে শেষবার ব্যবহার করছে। বর্জ্য সংগ্রহের এলাকাটিকে অথবা বর্জ্য-ঠিকাদারের অঞ্চলটি পরিদর্শন করার মাধ্যমে এবং বাছাবাছির বিষয়টির ব্যবস্থাপনা যথাযথ তা নিশ্চিত করার মাধ্যমে এটি কারখানাতে নিয়ন্ত্রণ করা যায়। | হিগ ইনডেক্স | |
| **ফোম** | একটি কঠিন "খোলা সেল" বা "ক্লোজড সেল" ফোম উপাদান সাধারণত মোড়কজাত করা বা ফুটওয়্যারের কাজে ব্যবহার হয়। ইভিএ, পিই, এবং পিইইউ ফোম এর অন্তর্ভুক্ত। | | |

| | | | |
|---|---|---|---|
| **জীবাশ্ম জ্বালানি** | জীবাশ্ম জ্বালানি হলো কয়লা, তেল এবং প্রাকৃতিক গ্যাস। প্রাচীন বৃক্ষ এবং পশুজগতের অবশিষ্টাংশ থেকে এগুলোকে বার করা হয়। | ও-ই-সি-ডি | https://stats.oecd.org/glossary/detail.asp?ID=1062 |
| **উপরিভাগের তাজা পানি** | উপরিতলের পানি হলো প্রাকৃতিক উপায়ে প্রাপ্ত পানি যা বরফের চাদর, আইস ক্যাপ, হিমবাহ, আইসবার্গ, বগ, পুকুর, হ্রদ, নদী এবং ঝরণা রূপে পৃথিবীর উপরিভাগে থাকে। ভূগর্ভ্যস্থ তাজা পানিকে বলা হয় গ্রাউন্ডওয়াটার এবং সমুদ্র তাজাপানি নয়। তাজা পানির উৎসগুলোকে সাধারণট বৈশিষ্ট্যায়িত করা হয় নিম্ন মাত্রার মিশ্র লবণ (১০০০ এমজি/এল-এর কম) এবং সমস্ত অন্যান্য মিশ্র কঠিন পদার্থের ভিত্তিতে। | সিডিপি পানি রিপোর্টিঙের নির্দেশিকা | https://b8f65cb373b1b7b15feb-c70d8ead6ced550b4d987d7c03fcdd1d.ssl.cf3.rackcdn.com/cms/guidance_docs/pdfs/000/000/225/original/CDP-Water-Reporting-Guidance.pdf?1478544069 |
| **তাজাপানি** | তাজাপানির সবচেয়ে প্রচলিত ব্যবহার হলো নগরপালিকা অথবা শহরের পানি যা পাত্রে রাখা যায় (পান করার যোগ্য)। অন্যান্য উৎসগুলো হতে পারে ভূ-গর্ভস্থ কুয়ো, উপরিভাগের পানি (হ্রদ, নদী, এবং ছোট নদী), এবং বৃষ্টির পানি থেকে এবং এমনকি বহিরাগত উৎস থেকে ব্যবসাকে সরবরাহ করা কোনো প্রবাহ থেকে সংগৃহীত জমা পানিও হতে পারে। | হিগ ইনডেক্স | |
| **তাজাপানির ফুটপ্রিন্ট** | একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে উৎপাদিত পণ্য এবং সেবার প্রয়োজনে ব্যবহৃত যাবতীয় তাজাপানির মোট পরিমাণকে তাজাপানির ফুটপ্রিন্ট নামে সংজ্ঞায়িত করা হয়। এর অন্তর্ভুক্ত হলো ক্যান্টিন, ডর্মিটরি, বাগান সাজানোর সেচকার্য, গাড়ি ধোয়া, ইত্যাদি সমস্ত তাজাপানি সংক্রান্ত কাজকর্ম। নম্বরটি পরিবেশগত প্রভাবকে নির্দেশ করে যেহেতু তা তাজাপানির ব্যবহার সংক্রান্ত। একটি সাস্টেইনেবল ব্যবসার তাজাপানির ফুটপ্রিন্ট কমানোর জন্য চেষ্টা করা উচিত। তাজাপানির ব্যবহার কমানোর জন্য বিভিন্ন উপায় ব্যবহার করা যায়ঃ ছিদ্র সারাই, নির্মাণ প্রক্রিয়ার কার্যকারীতাকে উন্নত করা, প্রযুক্তি হালনাগাদ, পুনর্ব্যবহার, এবং রিসাইক্লিং। | হিগ ইনডেক্স | |
| **ফিউজিটিভ** | যেসমস্ত নির্গমনগুলো যুক্তিসম্মতভাবে স্ট্যাক, চিমনি, ভেন্ট, অথবা অন্যান্য কার্যগতভাবে-সমতুল খোলামুখের মধ্যে দিয়ে বেরিয়ে যেতে পারত না | ইউএস ইপিএ | https://www.epa.gov/sites/production/files/2015-07/documents/fug-def.pdf |

| | | | |
|---|---|---|---|
| **গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম, জিএইচএস** | জিএইচএস রাসায়নিকের বিশ্বজনীন শ্রেণীবিভাগের এবং লেবেলিঙের সুসমন্বিত একটি পদ্ধতি হিসেবে কাজ করে। রাসায়নিক পদার্থের ঝুঁকিকে জিএইচএস সংজ্ঞায়িত এবং শ্রেণীবিভক্ত করে এবং লেবেল এবং নিরাপত্তা সংক্রান্ত উপাত্তের কাগজের উপর স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত তথ্য জানিয়ে দেয়। লক্ষ্য হলো, ঝুঁকিকে শ্রেণীবিভাগ করার জন্য প্রযোজ্য একই নিয়মাবলী, এবং লেবেল ও নিরাপত্তা সংক্রান্ত ডাটা শিটের (সেফটি ডাটা শিট, এসডিএস) উপর লিখিত একই ফরম্যাট এবং বিষয়বস্তু যাতে পৃথিবী জুড়ে গৃহীত হয়। ঝুঁকি সংযোগ বিশেষজ্ঞের একটি আন্তর্জাতিক দল জিএইচএস ডেভেলপ করেছেন। | সিসিওএইচএস | http://www.ccohs.ca/oshanswers/chemicals/ghs.html |

| | | | |
|---|---|---|---|
| **গ্রিনহাউস গ্যাস নির্গমন (জিএইচজি)** | বায়ুমণ্ডলে যেসব গ্যাস তাপ আটকে রাখে সেগুলোকে গ্রিনহাউস গ্যাস বলে। জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে পরিমাণ এবং হারের উপর প্রভাব বিস্তারকারী মানুষের প্রাথমিক ক্রিয়াকলাপের অন্তর্ভুক্ত হলো জীবাশ্ম জ্বালানি পুড়িয়ে গ্রিনহাউস গ্যাসের উৎপাদন। কিয়োটো প্রোটোকল অনুযায়ী নিয়ন্ত্রিত এবং সাধারণভাবে জিএইচজি তালিকাতে পরিগণিত, সবচেয়ে পরিচিত জিএইচজি হলো, কার্বন ডাই-অক্সাইড (CO2), মিথেন (CH4), নাইট্রাস অক্সাইড (N2O), সালফার হেক্সাফ্লুয়োরাইড (SF6), হাইড্রোফ্লুরোকার্বন (HFC), পারফ্লুয়োরোকার্বন (PFC) এবং নাইট্রোজেন ট্রাইফ্লুরাইড (NF3)।<br><br>একটি কারখানার জিএইচজি নির্গমন, যাকে মাঝে মাঝে 'কার্বন ফুটপ্রিন্ট' বলা হয়, কারখানাটির ক্রিয়াকলাপের ফলে, তা সে শক্তি ব্যবহারই হোক, বা রেফ্রিজারেন্টের ব্যবহার বা বর্জ্যপানির পরিশোধন বা অন্য কারণে বায়ুমণ্ডলে নির্গত জিএইচজি'র পরিমাণকে নির্দেশ করে। একটি কারখানার জিএইচজি নির্গমনকে পরিমাপ এবং ট্র্যাক করার সুযোগকে বিভিন্ন আন্তর্জাতিক দায়বদ্ধতার মানদণ্ড অনুযায়ী সংজ্ঞায়িত করা হয়, যেমন ISO14064, জিএইচজি প্রোটোকল - একটি সংগঠনগত এবং দায়বদ্ধতার মানদণ্ড (পরিমার্জিত সংস্করণ), ইত্যাদি। স্থানীয় জিইচজি দায়বদ্ধতার বাধ্যবাধকতা এবং মানদণ্ড সহজপ্রাপ্য হতে পারে। | ইউএস ইপিএ এবং জিএইচজি প্রোটোকল থেকে গৃহীত | |
| **মাটির নিচের পানি** | মাটির উপরিভাগের নিচের মাটির পানি, সাধারণত এরকম অবস্থায় যেখানে পানির উপর চাপ বায়ুমণ্ডলের চাপের চাইতে অধিক, এবং মাটির মধ্যেকার শূন্যস্থান পানি দিয়ে পূর্ণ থাকে। পুনর্নবীকরণযোগ্য নয় এমন ভূগর্ভ্যস্থ পানি সাধারণত খুব গভীরে থাকে এবং পুনরায় ভরা যায় না বা গেলেও দীর্ঘ সময় ধরে করতে হয়। এগুলোকে কখনও কখনও "জীবাশ্ম" ভূগর্ভ্যস্থ পানির উৎসও বলা হয়। | সিডিপি পানি রিপোর্টিঙের নির্দেশিকা | https://b8f65cb373b1b7b15feb-c70d8ead6ced550b4d987d7c03fcdd1d.ssl.cf3.rackcdn.com/cms/guidance_docs/pdfs/000/000/225/original/CDP-Water-Reporting-Guidance.pdf?1478544069 |

| | | | |
|---|---|---|---|
| **বিপজ্জনক বর্জ্য** | বিপজ্জনক বর্জ্য হলো সেই বর্জ্য যা তার রাসায়নিক, পদার্থগত, অথবা জৈব বৈশিষ্ট্যের কারণে (যেমন, তা দাহ্য, বিস্ফোরক, দূষণকারক, তেজষ্ক্রিয়, অথবা ছোঁয়াচে) জনস্বাস্থ্য এবং/অথবা পরিবেশের ক্ষতি করতে পারে। যুক্তরাষ্ট্রীয় পরিবেশ সুরক্ষা সংগঠন (ইউ এস এনভায়ারনমেন্টাল প্রোটেকশন এজেন্সি) বিপজ্জনক বর্জ্যকে সংজ্ঞা দেয় এরকম "বর্জ্য হিসেবে যা স্বাস্থ্য বা পরিবেশের জন্য বিপজ্জনক অথবা সম্ভাব্যরূপে ক্ষতিকর। বিপজ্জনক বর্জ্য তরল, কঠিন, অথবা গ্যাস, বা কাদা হতে পারে। | ইউএস ইপিএ | |
| **হিগ এফইএম প্রশিক্ষক** | একজন ব্যক্তি যিনি হিগ ইনডেক্স এফইএম প্রশিক্ষণ দেয়ার যোগ্য। | হিগ এফইএম প্রশিক্ষণ কর্মসূচী | [https://howtohigg.org/higg-fem-training-program/](https://howtohigg.org/higg-fem-training-program/) |
| **শক্তি পুনরুদ্ধার সহ ভস্মীভূত করা** | উপকরণ যেগুলোকে সংগ্রহ করা হয় এবং ইচ্ছাকৃতভাবে পোড়ানো, গ্যাস তৈরি করা, অ্যানারোবিক ডাইজেশন, অথবা অন্যান্য প্রযুক্তি যেগুলো এইসব উপকরণ থেকে তাদের অন্তর্নিহিত জরুরি শক্তিকে সংগ্রহ করার জন্য বরাদ্দ করা হয়। যেসব পদ্ধতি পরিবেশগত প্রভাবকে প্রতিরোধ করে এবং সম্পদের সুব্যবহারকে বৃদ্ধি করে সেগুলো বাধ্যতামূলক। | হিগ ইনডেক্স | |
| **নিরোধক উপকরণ** | তাপ, শব্দ বা বিদ্যুতের পরিবহন কমানো বা প্রতিরোধের জন্য ব্যবহৃত পদার্থ। নিরোধক উপকরণ প্রাকৃতিক (যেমন, ডাক/গুজ ডাউন, অথবা উল) অথবা সিন্থেটিক (যেমন, পলিয়েস্টার নিরোধক) হতে পারে। | | |
| **দহন (পোড়ানো)** | পদার্থকে সংগ্রহ করে স্থানীয় এবং আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে পোড়ানোর মাধ্যমে ব্যবস্থাপনা করা হয়। | হিগ ইনডেক্স | |
| **জমিভরাট** | জমিভরাটঃ পদার্থকে সংগ্রহ করে স্থানীয় এবং আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে জমিভরাট প্রক্রিয়ার মাধ্যমে ব্যবস্থাপনা করা হয়। | হিগ ইনডেক্স | |
| **লিচেট (বর্জ্যজাত তরল)** | লিচেট হলো সেই তরল (যেমন, বৃষ্টি) যা বর্জ্য থেকে নির্গত হয় (যেমন, খাদ্যজাত বর্জ্যের মধ্যেকার তরল) যখন পানি কোনো বর্জ্যের মধ্যে দিয়ে প্রবাহিত হয়ে আসে। বর্জ্যের বয়স এবং ধরনের ভিত্তিতে এটিতে ব্যাপক পার্থক্য থাকে। এতে সাধারণত মিশ্রিত এবং অমিশ্রিত উভয় ধরনের উপকরণই থাকে। | হিগ ইনডেক্স | |

| | | | |
|---|---|---|---|
| **ম্যানুফ্যাকচারিং রেস্ট্রিকটেড সাবস্ট্যান্স লিস্ট (এমআরএসএল , MRSL)** | জেডডিএইচসি এমআরএসএল হলো রাসায়নিক পদার্থের একটি তালিকা যেটি ব্যবহারিকভাবে নিষিদ্ধ (ব্যবহার নিষিদ্ধ দেখুন, পৃ ২-এ)। উপকরণগুলোকে প্রক্রিয়াকরণ করা এবং পোশাকে এবং ফুটওয়্যারে ব্যবহারের জন্য উপকরণ এবং অংশগুলোকে কাটছাঁট করার জন্য ব্যবহৃত রাসায়নিকগুলোতে এমআরএসএল প্রয়োগ করা হয়। জেডডিএইচসি এমআরএসএল-এর রাসায়নিকগুলোর মধ্যে অন্তর্ভুক্ত হলো কাঁচা মাল উৎপাদন, ভিজে-প্রক্রিয়াকরণ, বর্জ্যপানি পরিশোধন, স্যানিটেশন এবং পোকামাকড় নিয়ন্ত্রণের জন্য ব্যবহৃত দ্রাবক, ক্লিনার, আঠা, রঙ, কালি, ডিটারজেন্ট, রঁজক, কালারেন্ট, অক্সিলিয়ারি, প্রলেপ এবং ফিনিশিং এজেন্ট। | জেডডিএইচসি | http://www.roadmaptozero.com/fileadmin/pdf/MRSL_v1_1.pdf |
| **উপকরণজাত বর্জ্য** | এইসব বর্জ্যের অন্তর্ভুক্ত হতে পারে উৎপাদনজাত স্ক্র্যাপ অথবা অব্যবহৃত / লেফট্‌ওভার।<br>অ্যাপারেল, টেক্সটাইল এবং ফুটওয়্যার শিল্পে উপকরণজাত বর্জ্যের কিছু (সম্পূর্ণ নয়) উদাহরণ হলোঃ<br>• চামড়া (সিন্থেটিক বা প্রাকৃতিক)<br>• কাচ<br>• ফ্যাব্রিক (সূতী অথবা নাইলন বা মিশ্রিত)<br>• পলিইউরেথিন ফোম (ল্যামিনেটেড বা ল্যামিনেটেড নয়)<br>• লাইনিঙের উপাদান<br>• রাবার<br>• ইভিএ<br>• লাইনিঙের উপাদান<br>• মিশ্র উপকরণজাত বর্জ্য। | হিগ ইনডেক্স | |
| **পৌরবিভাগের পানি** | মহানগরপালিকা অথবা অন্যান্য পাবলিক সরবরাহকারী দ্বারা সরবরাহ করা পানি। | সিডিপি পানি রিপোর্টিঙের নির্দেশিকা | https://b8f65cb373b1b7b15feb-c70d8ead6ced550b4d987d7c03fcdd1d.ssl.cf3.rackcdn.com/cms/guidance_docs/pdfs/000/000/225/original/CDP-Water-Reporting-Guidance.pdf?1478544069 |

| | | | |
|---|---|---|---|
| **বিপদহীন বর্জ্যসমূহ** | পণ্য এবং সেবা এবং পণ্যের নির্মানের কারণে ফেলে দেয়া উপকরণ (যেমন, কাপড়, চামড়া, প্লাস্টিক, এবং কাগজ অথবা মোড়কজাত বর্জ্য)। বিপদহীন বর্জ্যের মধ্যে সাধারণত অন্তর্ভুক্ত বিপদহীন বস্তুর উৎপাদনের ফলে নিষ্কাশিত এবং ঘরোয়া বর্জ্য। বিপদহীন বর্জ্য, যেমন খাদ্যের বর্জ্য অথবা প্লাস্টিক বর্জ্যও যথাযথভাবে ব্যবস্থাপনা না হলে দূষণ ছড়াতে পারে এবং আগুনের ঝুঁকিও থাকে। | হিগ ইনডেক্স | |
| **নিয়মমাফিক (নর্ম্যালাইজড) উপাত্ত** | নিয়মমাফিক (নর্ম্যালাইজড) উপাত্তের অন্তর্ভুক্ত হলো পূর্বনির্ধারিত একটি ভ্যারিয়েব্‌লের (অথবা একগুচ্ছ ভ্যারিয়েব্‌ল) প্রেক্ষিতে সমগ্র বা ব্যবহার করা উপাত্তের একটি তুলনা, যেমন, কারখানা কর্মচারী পিছু ব্যবহৃত বিদ্যুতের কেডাব্লুএইচ, উৎপাদনের ইউনিট পিছু বিপজ্জনক বর্জ্যের কেজি, ইত্যাদি। চূড়ান্ত (অ্যাবসল্যুট) বা নিয়মমাফিক (নর্ম্যালাইজড) উপাত্ত ক্রমানুসারে সাজানো / রিপোর্ট করার জন্য সবচেয়ে যথাযথ হতে পারে কিনা সে বিষয়ে একটি সংগঠন সিদ্ধান্ত নিতে পারে। এই নথিতে আলোচিত কর্মকুশলতার প্রতিটি ক্ষেত্রের মধ্যে ভ্যারিয়েবলের উদাহরণ রয়েছে যেগুলোর প্রেক্ষিতে উপাত্তকে নিয়মমাফিক (নর্ম্যালাইজড) করা যেতে পারে। | জিএসসিপি | |
| **নিয়মমাফিক (নর্ম্যালাইজড) হ্রাস** | প্রকৃত ইউটিলিটি ব্যবহারের ক্ষেত্রে হ্রাস (যেমন ব্যবহৃত বিদ্যুতের গড় কেডাব্লুএইচ, অথবা একটি ক্যালেণ্ডার বছরে কর্মী পিছু ব্যবহৃত পানির কিউবিক মিটার) / সৃষ্টি হওয়া দূষণ (যেমন, একটি ক্যালেণ্ডার বছরে উৎপাদনের ইউনিট পিছু বিপজ্জনক বর্জ্যের গড় কেজিতে) যা ব্যবসার মেট্রিক অনুযায়ী নর্ম্যালাইজ করা হয়েছে (যেমন, উৎপাদনের ইউনিট বা মাস (mass), ইউনিটের রাজস্ব, ইউনিটের গ্রস বিক্রি, ইউনিটের টার্নওভার, পূর্ণ-সময়ের কর্মীদের সমতুল, স্কোয়্যার ফুট) যখন সেগুলোকে একটি বেস বছরে নর্ম্যালাইজড ইউটিলিটি / উৎপাদনের সাথে তুলনা করা হয়। নিয়মমাফিক (নর্ম্যালাইজড) একটি ভ্যালু গণনা করার জন্য, একটি সময়সীমার মধ্যে উৎপাদিত ইউটিলিটি / দূষণকে পরিমাপ করুন এবং বাছাই করা ব্যবসার মেট্রিক দিয়ে ভাগ করুন। উদাহরণ স্বরূপ, নিয়মমাফিক (নর্ম্যালাইজড) একটি বর্জ্য উৎপাদনকে গণনা করা যায় এইভাবেঃ ১০,০০০ কেজি বর্জ্য ÷ ৫০০০ পোশাক = ২ কেজি বর্জ্য/পোশাক। | | |

| | | | |
|---|---|---|---|
| **কারখানার বাইরে বর্জ্যপানি পরিশোধন** | সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থা হলো একটি তৃতীয় পক্ষীয় সংস্থা বা সংগঠন যে দুটির বেশি দূষিত উপাদান নিঃসরণকারী পদার্থের বর্জ্যপানি সংগ্রহ করার মাধ্যমে, এবং সেই বর্জ্যপানিকে তার সংশ্লিষ্ট সীমানার মধ্যে রেখে প্রত্যক্ষভাবে প্রকৃতিতে নিষ্কাশনের মাধ্যমে বর্জ্যপানি পরিশোধন সেবা প্রদান করে। সাইট-বহির্ভূত পরিশোধন ব্যবস্থা গণ-বর্জ্যপানি পরিশোধনাগার, আঞ্চলিক বর্জ্যপানি পরিশোধনাগার (যেমন, শিল্প পার্ক, শিল্পাঞ্চল, ইত্যাদি) হতে পারে। | হিগ ইনডেক্স | |
| **কারখানার বাইরে বর্জ্যপানি পরিশোধন** | সাইটভিত্তিক বর্জ্যপানি পরিশোধন হলো বর্জ্যপানির সেই পরিশোধনাগার যা কেবলমাত্র কারখানায় ব্যবহার এবং নিয়ন্ত্রিত হয়। সাইট-ভিত্তিক পরিশোধন পদ্ধতিতে পরিশোধিত হওয়ার পর, বর্জ্যপানিকে আনুষঙ্গিক সীমার মধ্যে আনা হতে পারে এবং সেটাকে সরাসরি প্রকৃতিতে, অথবা কোনো তৃতীয় পক্ষীয় অফ-সাইট পরিশোধনাগারে নিষ্কাশন করা হতে পারে। | হিগ ইনডেক্স | |
| **প্রকাশ্যে পোড়ানো** | কাঠ, স্ক্র্যাপ করা গাড়ি, টেক্সটাইল, কাঠের গুঁড়ো ইত্যাদি বর্জ্য বাড়ির বাইরে পোড়ানোকে ওপেন বার্নিং বলা হয়। | ও-ই-সি-ডি | https://stats.oecd.org/glossary/detail.asp?ID=1907 |
| **অনুমতিপত্র** | সরকারের সাথে সামঞ্জস্য রক্ষা করা এবং সরকারকে জমা দেয়ার জন্য বাধ্যতামূলক সমস্ত নথিপত্র যার অন্তর্ভুক্ত হলো কিন্তু সীমাবদ্ধ নয় সেগুলো হলো, সরকারি অনুমতিপত্র, অনুমোদন, লাইসেন্স, নিবন্ধন, সার্টিফিকেশন, বার্ষিক সরকারি রিপোর্ট এবং নির্দিষ্ট রাসায়নিকের ব্যবহারের জন্য নিবন্ধন। | হিগ ইনডেক্স | |
| **ব্যক্তিগত সুরক্ষামূলক যন্ত্রপাতি (পিপিই)** | ব্যক্তিগত সুরক্ষামূলক যন্ত্রপাতি, সাধারণভাবে পিপিই নামে পরিচিত, হলো একধরনের যন্ত্রপাতি যেটি ঝুঁকির সম্মুখীন হলে যেখানে কর্মক্ষেত্র সংক্রান্ত গুরুতর আঘাত এবং অসুস্থতা ঘটতে পারে, সেখানে বিপর্যয় হ্রাস করার জন্য পরা হয়ে থাকে। এই আঘাত এবং অসুস্থতাগুলো রাসায়নিক, তেজস্ক্রিয়তা, পদার্থগত, বৈদ্যুতিন, যান্ত্রিক, অথবা অন্যান্য কর্মক্ষেত্রজনিত ঝুঁকির থেকে ঘটতে পারে। ব্যক্তিগত সুরক্ষামূলক যন্ত্রপাতির অন্তর্ভুক্ত হতে পারে জিনিসপত্র যেমন দস্তানা, সেফটি চশমা এবং জুতো, কানে গোঁজার প্লাগ বা মাফ, শক্ত টুপি, শ্বাসযন্ত্র, অথবা কোভের্যাল, ভেস্ট এবং সম্পূর্ণ শরীর ঢাকা স্যুট। | ইউ এস ডিপার্টমেন্ট অব লেবার (যুক্তরাষ্ট্রীয় শ্রম দপ্তর) | https://www.osha.gov/SLTC/personalprotectiveequipment/ |

| | | | |
|---|---|---|---|
| **প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ** | প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ হলো একধরনের রক্ষণাবেক্ষণ যেটিকে একটি যন্ত্র নিয়ে নিয়মিতভাবে অভ্যাস করা হয় যাতে সেটি ব্যর্থ হওয়ার সুযোগ কমে যায়। যন্ত্রটি সক্রিয় থাকার সময়েই প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ চর্চা করা হয়, যাতে এটি অপ্রত্যাশিতভাবে নিষ্ক্রিয় না হয়ে যায়। | ফিক্স | https://www.fiixsoftware.com/maintenance-strategies/preventative-maintenance/ |
| **প্রসেস পানি** | শিল্পকেন্দ্রিক উদ্দেশ্যে ব্যবহৃত পানি, যেমন লন্ড্রি, ফিনিশিং বা বয়লারের জন্য ফিড-ইন পানি। | হিগ ইনডেক্স | |
| **উৎপাদিত / প্রসেস পানি** | নিষ্কাশন বা প্রক্রিয়াকরণের সময়, যে পানি, কোনো কাঁচা মালের উৎপাদন বা ব্যবহারের সাথে প্রত্যক্ষ সম্পর্কে আসে বা এর ফলে তৈরি হয় (যেমন, অপরিশোধিত তেল (ক্রুড অয়েল) অথবা আখ পেষাইয়ের ফলে উপজাত), মাঝামাঝি কোনো পণ্য, চূড়ান্ত পণ্য, উপজাত পণ্য, অথবা বর্জ্য পণ্য। খেয়াল করবেন যে এতেও পুনর্ব্যবহৃত/ রিসাইকল করা পানি ব্যবহার করা হয়। | সিডিপি পানি রিপোর্টিংের নির্দেশিকা | https://b8f65cb373b1b7b15feb-c70d8ead6ced550b4d987d7c03fcdd1d.ssl.cf3.rackcdn.com/cms/guidance_docs/pdfs/000/000/225/original/CDP-Water-Reporting-Guidance.pdf?1478544069 |
| **বৃষ্টির পানি** | যদি একটি সংস্থা বৃষ্টির পানির ব্যবস্থাপনা করে, তার চাষ বা ব্যবহার করার জন্য, অথবা বন্যা রোধ করার জন্য উদাহরণ স্বরূপ, তাদের হাইড্রোলজিক্যাল সিস্টেম থেকে উত্তোলন হিসেবে এটিকে হিসেব করা এবং প্রকাশ করা উচিত। এটি সংস্থাগুলোকে তাদের পানির উপর নির্ভরতা এবং ঝুঁকি সম্পর্কে আরো ভালো করে বুঝতে সাহায্য করে। | সিডিপি পানি রিপোর্টিংের নির্দেশিকা | https://b8f65cb373b1b7b15feb-c70d8ead6ced550b4d987d7c03fcdd1d.ssl.cf3.rackcdn.com/cms/guidance_docs/pdfs/000/000/225/original/CDP-Water-Reporting-Guidance.pdf?1478544069 |

| | | | |
|---|---|---|---|
| **রিসাইক্ল করা** | একটি পণ্য, উপকরণ অথবা পদার্থ, প্রকৃত বা অন্য উদ্দেশ্যে ব্যবহারের জন্য বর্জ্যকে পুনর্প্রক্রিয়াকরণ করার প্রয়োজন হয়। শক্তি পুনরুদ্ধার এবং পুনর্প্রক্রিয়াকরণের পরে জ্বালানি হিসেবে ব্যবহৃত হতে পারে অথবা ব্যাকফিলিং বিষয়ক কার্যসম্পাদনার জন্য লাগতে পারে এমন পদার্থ এর অন্তর্ভুক্ত নয়। উদাহরণ স্বরূপঃ<br>• প্লাস্টিক রিসাইক্লিং হলো স্ক্র্যাপ বা বর্জ্য প্লাস্টিক পুনরুদ্ধার এবং দরকারি পণ্যে, কখনও কখনও তাদের প্রকৃত রূপের তুলনায় সম্পূর্ণ আলাদা কোনকিছুতে পুনর্প্রক্রিয়াজাত করার প্রক্রিয়া। উদাহরণ স্বরূপ, এর অর্থ হতে পারে সফট ড্রিঙ্কের বোতলকে গলিয়ে প্লাস্টিক টেবিল এবং চেয়ারের চেহারা দেয়া।<br>• খেলার জায়গা বা ট্র্যাফিক কোণের জন্য ব্যবহৃত প্লাস্টিক<br>• প্যাডিং/স্টাফিং যা আসবাবপত্র, গদি, কম্বল, খেলনার জন্য ব্যবহৃত হয় | হিগ ইনডেক্স | |
| **রিসাইক্ল করা পানি** | রিসাইক্ল করা প্রক্রিয়াজাত পানিঃ মূল প্রক্রিয়াতে আবার ব্যবহৃত পরিশোধিত পানি<br>পুনর্ব্যবহৃত পানিঃ রিসাইক্ল করা পানি ছাড়া অন্যান্য জায়গা যেমন শৌচাগার বা ল্যান্ডস্কেপিং-এর জন্য পরিশোধিত প্রবাহের ব্যবহার<br>রিসাইক্ল করা পানি হলো সেই বর্জ্যপানির পুনর্ব্যবহার যেটি থেকে কঠিন এবং বিশেষ কিছু অশুদ্ধ বস্তু সরানোর জন্য তাকে পরিশোধিত করা হয়েছে যাতে সেটি নির্দিষ্ট প্রয়োগের সঙ্গে জড়িত গুণগত মানদণ্ডের সাথে সঙ্গতি রক্ষা করতে পারে। | সিডিপি পানি রিপোর্টিঙের নির্দেশিকা | https://b8f65cb373b1b7b15feb-c70d8ead6ced550b4d987d7c03fcdd1d.ssl.cf3.rackcdn.com/cms/guidance_docs/pdfs/000/000/225/original/CDP-Water-Reporting-Guidance.pdf?1478544069 |

| | | | |
|---|---|---|---|
| **পুনর্বীকরণযোগ্য শক্তি** | এটি একটি পুনর্নবীকরণযোগ্য উৎসের মাধ্যমে উৎপাদিত শক্তির বিষয়ে বলে (যেমন, যে উৎসটিকে শুষে নেয়া হয়নি বা ব্যবহৃত হয়ে যায়নি যেহেতু সেটি প্রাকৃতিকভাবে পূর্ণ হতে থাকে। পুনর্নবীকরণযোগ্য উৎসগুলোকে হয় ব্যবস্থাপনা করা উচিত যাতে সেগুলো চিরকাল বজায় থাকে, অথবা যাতে তাদের সরবরাহ গুরুতরভাবে প্রভাবিত না হয়।<br>জীবাশ্ম জ্বালানির থেকে পৃথক, অধিকাংশ পুনর্নবীকরণযোগ্য শক্তির উৎস বায়ুমণ্ডলে উপজাত হিসেবে কার্বন ডাইঅক্সাইড বা অন্যান্য বায়ু দূষণকারী পদার্থ পরিত্যাগ করে না। পৃথিবীতে জীবাশ্ম জ্বালানির সম্পদের পরিমাণ কমে আসার সাথে সাথে, পুনর্নবীকরণযোগ্য শক্তির উৎস খুঁজে বার করা এবং ব্যবহার করা ক্রমবর্ধমান হারে জরুরি হয়ে পড়ছে। উদাহরণে অন্তর্ভুক্তঃ সৌরীয়, জৈবজ্বালানি, বাতাস, জলবিদ্যুৎ, ভূ-তাপীয়, জোয়ার সংক্রান্ত এবং ঢেউ। | জিএসসিপি | |
| **রেস্ট্রিক্টেড সাবস্ট্যান্স লিস্ট (আরএসএল)** | একটি ব্যবসা, ট্রেড গ্রুপ অথবা অন্যান্য সংগঠন, দ্বারা প্রস্তুত, রাসায়নিকের (অথবা রাসায়নিক পদার্থের) একটি তালিকা যেটিকে সক্রিয়ভাবে ব্যবস্থাপনা করা এবং তথ্য তৈরি করা যায়। আরএসএল-এর অন্তর্ভুক্ত হতে পারে দূর করা/ প্রতিস্থাপিত হওয়ার লক্ষ্যসম্পন্ন, নিয়ন্ত্রিত ব্যবহারের জন্য রাসায়নিক, এবং যেগুলোকে সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হতে পারে বা নিয়ন্ত্রিত হতে পারে। (যেমন, অ্যামেরিক্যান অ্যাপারেল অ্যান্ড ফুটওয়্যার অ্যাসোসিয়েশন (এএএফএ) আরএসএল) | ওআইএ - রাসায়নিক ব্যবস্থাপনা ফ্রেমওয়র্কের শব্দকোষ | |
| **পুনর্ব্যবহার** | অর্থ হলো, চেকিং, ক্লিনিং অথবা সারাইয়ের জন্য পুনরুদ্ধারের বিকল্পগুলো, যার মাধ্যমে পণ্য বা পণ্যের উপাদানগুলো যেগুলো বর্জ্যে পরিণত হয়েছে সেগুলো প্রস্তুত রয়েছে যাতে সেগুলোকে প্রকৃত বা অন্যান্য উদ্দেশ্যের জন্য, অন্য কোনোরূপ পুনর্প্রক্রিয়াকরণ ছাড়াই পুনর্ব্যবহার করা যায়। উদাহরণ স্বরূপঃ<br>● রাসায়নিক সরবরাহকারী রাসায়নিকের পাত্রটি একই রাসায়নিক দিয়ে পুনর্বার ভর্তি করার জন্য পুনর্ব্যবহার করতে পারেন।<br>● ফ্যাব্রিক লেফটওভার ব্যবহার করা যায় অন্য কারখানাতে<br>● রিচার্জযোগ্য ব্যাটারি অনেকবার রিচার্জ করা যায় | হিগ ইনডেক্স | |

| | | | |
|---|---|---|---|
| **রবার উপাদান** | শক্ত, নমনীয়, উচ্চ মাত্রায় প্রতিরোধক, পানিরোধী উপকরণ। প্রাকৃতিক রবার একটি জৈব উপকরণ (আইসোপ্রিন) ব্যবহার করে তৈরি করা হয় যা সাধারণত রবার গাছ থেকে ল্যাটেক্স হিসেবে সংগৃহীত হয়। সিন্থেটিক রবার হলো যেকোনো নকল ইলাস্টোমার (ইলাস্টিকের চারিত্রিক বৈশিষ্ট্যসম্পন্ন পলিমার)। | | |
| **সেফটি ডাটা শিট (এসডিএস)** | এসডিএস (যেটিকে মেটেরিয়াল সেফটি ডাটা শিট, এমসডিএস অথবা প্রোডাকশন সেফটি ডাটা শিট, পিএসডিএস-ও বলা হয়ে থাকে), হলো পণ্যের দায়বদ্ধতা এবং পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্যের ক্ষেত্রে জরুরি উপাদান। কর্মচারীদের এবং এমার্জেন্সি পার্সোনেলদের যেকোনো পদার্থকে নিরাপদভাবে নাড়াচাড়া করা বা সেটি নিয়ে কাজ করার প্রক্রিয়া প্রদান করাই এটির উদ্দেশ্য এবং এতে বিভিন্ন তথ্য যেমন পদার্থগত উপাত্ত (গলনাঙ্ক, স্ফুটনাঙ্ক, ফ্ল্যাশ পয়েন্ট, ইত্যাদি), দূষণের মাত্রা, স্বাস্থ্যে প্রভাব, প্রাথমিক শুশ্রুষা, প্রতিক্রিয়া, সঞ্চয়, নিষ্ক্রমণ, সুরক্ষামূলক যন্ত্রপাতি, এবং উপচে পড়লে সামলানোর প্রক্রিয়া ইত্যাদি অন্তর্ভুক্ত থাকা উচিত। | হিগ ইনডেক্স | |
| **স্কোপ ১ নির্গমন** | সংগঠনের মালিকানাধীন বা তার দ্বারা নিয়ন্ত্রিত উৎস থেকে প্রত্যক্ষ জিএইচজি নির্গমন ঘটে, যেমন, মালিকানাধীন বা নিয়ন্ত্রিত বয়লার, ফার্নেস, যানবাহন থেকে জ্বলন ইত্যাদি; মালকানাধীন বা নিয়ন্ত্রিত প্রক্রিয়াকরণ যন্ত্রপাতি থেকে নির্গত রাসায়নিক উৎপাদন। | জিএইচজি প্রোটোকল | http://www.ghgprotocol.org/corporate-standard |
| **স্কোপ 2 নির্গমনসমূহ** | কিনে নেয়া বিদ্যুৎ যেটি সংস্থার কাজে খরচ হয়েছে তার উৎপাদনের ফলে নির্গত জিএইচজি-এর জন্য স্কোপ 2 দায়বদ্ধ। সংস্থার সংগঠনগত সীমানার মধ্যে কিনে বা অন্যভাবে নিয়ে আসা বিদ্যুৎকে কেনা বিদ্যুৎ হিসেবে সংজ্ঞায়িত করা হয়। স্কোপ ২ নির্গমন শারীরিকভাবে কারখানার মধ্যে ঘটে থাকে যেখানে বিদ্যুৎ উৎপাদন হয়। | জিএইচজি প্রোটোকল | http://www.ghgprotocol.org/corporate-standard |

| | | | |
|---|---|---|---|
| **স্টেকহোল্ডারগণ** | ব্যাপকভাবে সেইসব দল বা ব্যক্তিদের স্টেকহোল্ডার বলা হয়: ক) সংগঠনের ক্রিয়াকলাপ, পণ্য, এবং/অথবা পরিষেবার মাধ্যমে যারা গুরুতররূপে ক্ষতিগ্রস্ত হতে পারেন; অথবা খ) যাদের ক্রিয়াকলাপ সংগঠনের কৌশলগুলোকে সফলভাবে বাস্তবায়ন এবং এর লক্ষ্যপূরণের ক্ষেত্রে গভীরভাবে ক্ষতিগ্রস্ত করতে পারে। | জিআরআই জিও ২০০১ | |
| **প্রামাণ্য অনুমোদিত মিনিটগুলো (স্ট্যান্ডার্ড অ্যালাওড মিনিটস (এসএএম) অথবা প্রামাণ্য মিনিটের মূল্য (স্ট্যান্ডার্ড মিনিট্স ভ্যালু (এসএমভি)** | **প্রামাণ্য মিনিট মূল্য,** অথবা **এসএমভি,** হলো সেই সময়মূল্য যেটি কোনো একটি কাজ করার গড়ের ভিত্তিতে নির্ধারিত হয় যা দক্ষ কর্মীরা কোনোরকম অতিরিক্ত পরিশ্রম না করেই অর্জন করতে পারেন যদি তাদের সুনির্দিষ্ট পদ্ধতি জানা থাকে এবং তারা সেটি অনুযায়ী কাজটি করেন এবং যদি তারা নিজেদের কাজে নিজেদের প্রয়োগ করার জন্য উদ্দীপিত থাকেন। (আইএলও)<br>*খেয়াল করবেন যে এসএমভি প্রায়শই আন্তঃবিনিময়ের মাধ্যমে **প্রামাণ্য অনুমোদিত মিনিট, বা এসএএম**-এর সাথে ব্যবহার করা হয়।* | আন্তর্জাতিক শ্রম সংগঠন | কর্ম সংক্রান্ত গবেষণার ভূমিকা (ইন্ট্রোডাকশন টু ওয়র্ক স্টাডি)-এর $4^{র্থ}$ সংস্করণ। |
| **সিন্থেটিক চামড়ার উপকরণসমূহ** | চামড়ার বিকল্প হিসেবে সিন্থেটিক (মানুষের তৈরি এবং সাধারণভাবে পেট্রোলিয়াম-নির্ভর) ব্যবহার। | | |
| **লক্ষ্য** | এখানে একটি নিয়মানুগ লক্ষ্য সাইটের একটি নির্দিষ্ট শক্তির উৎসের থেকে ব্যবহৃত বার্ষিক শক্তির সংখ্যালব্ধ কর্মকুশলতার বাধ্যবাধকতাকে বোঝায়। একটি আনুষ্ঠানিক লক্ষ্যে অবশ্যইঃ<br>১) লক্ষ্য শুরুর একটি নির্দিষ্ট তারিখ অন্তর্ভুক্ত করুন (যেমন, বেসলাইন), পরিমাপক ইউনিট, এবং বেসলাইনে ব্যবহার (যেমন ২০১০ বেসলাইনে m3/বছর)<br>২) লক্ষ্যের জন্য একটি শেষের তারিখ অন্তর্ভুক্ত করুন, যার অর্থ হলো আবশ্যক হ্রাসের লক্ষ্য পূরণ করা; এবং<br>৩) অন্তর্ভুক্ত করুন যথাযথ হ্রাসের একটি পরিমাণ, যাকে নম্বরে প্রকাশ করা হয়েছে (যেমন ১ মিলিয়ন m3 কমানো) অথবা একটি শতকরা হার (যেমন ৫% কমানো)।<br>৪) সাইটের শক্তি ব্যবহার হ্রাসের ক্ষেত্রে প্রাসঙ্গিকতা বজায় রাখা (যেমন কারখানাতে সবচেয়ে গুরুত্বপূর্ণ শক্তি ব্যবহারের ক্ষেত্রে মনোনিবেশ করা) | হিগ ইনডেক্স | |

| | | | |
|---|---|---|---|
| **সমস্ত নিলম্বিত কঠিন (টোট্যাল সাস্পেণ্ডেড সলিড্স, টিএসএস)** | বর্জ্যপানি, প্রবাহ, অথবা জলাশয়ে টিএসএস-এর পরিমাণ নির্ধারণ করা হয় "বাকী থাকা, ছাঁকনির অযোগ্য, সম্পূর্ণ কঠিন"-এর জন্য পরীক্ষার মাধ্যমে। | ও-ই-সি-ডি | https://stats.oecd.org/glossary/detail.asp?ID=7219 |
| **ইউনিটসমূহ** | সাধারণ স্থিতিশীল ইউনিটকেই ইউনিট বলে। উদাহরণঃ রঞ্জনকার্য বা ভিজে প্রক্রিয়াকরণ ব্যবহার করলে যথাযথ ইউনিট হবে ভল্যুম/মাস। চূড়ান্ত যে কোনো পণ্যের ক্ষেত্রে, যথাযথ ইউনিট হলো ভল্যুম/পিস। | হিগ ইনডেক্স | |
| **আপসাইক্লিং** | উপজাত দ্রব্য, বর্জ্য উপাদান, অদরকারী এবং/অথবা অবাঞ্ছিত পণ্যকে উন্নত মানের অথবা উন্নত পরিবেশ মূল্যের নতুন উপাদান বা পণ্যে রূপান্তর করার প্রক্রিয়াকে আপসাইক্লিং বলে। | হিগ ইনডেক্স | |
| **যাচাইকারী - রাসায়নিক বিশেষজ্ঞ** | সমস্ত কারখানায় হিগ ইনডেক্স এফইএম যাচাই করার জন্য যোগ্য একজন ব্যক্তি। সেইসকল ফেসিলিটিগুলিকে যাচাই করার জন্য অবশ্যই ব্যবহার হওয়া উচিত যেখানে 1, 2 এবং স্তর 3 রাসায়নিক ব্যবস্থাপনা বিভাগগুলো প্রযোজ্য। | এসএসি যাচাই কর্মসূচী | |
| **যাচাইয়ের নিয়মাবলী** | যাচাই চলাকালীন একজন এসএসি অনুমোদিত যাচাইকারীর থেকে প্রত্যাশিত মান এবং আচরণ। | এসএসি যাচাই কর্মসূচী | |
| **যাচাইকারীর মানদণ্ড** | মাপকাঠিগুলো যেগুলোর ভিত্তিতে যেসব ব্যক্তি বা সংস্থাগুলোর সাথে তারা কাজ করেন তারা একজন এসএসি অনুমোদিত যাচাইকারী হওয়ার জন্য তাদের যোগ্যতা বা না হতে পারাও স্বীকার করে নেয়। | এসএসি যাচাই কর্মসূচী | |
| **যাচাইকারী - বহু বিষয়ে পারদর্শী** | সেইসকল ফেসিলিটির জন্য যেগুলি কেবলমাত্র স্তর 1 রাসায়নিক ব্যবস্থাপনা বিভাগীয় প্রশ্নের ক্ষেত্রে প্রযোজ্য, হিগ ইনডেক্স এফইএম স্কোর যাচাইয়ের জন্য একজন যোগ্য ব্যক্তি থাকেন। ব্যতিক্রম যখন ফেসিলিটিগুলিকে শ্রেণীবিভাগ করা হয় এভাবে যে উৎপাদনে রাসায়নিকের ব্যবহার করছে না। | এসএসি যাচাই কর্মসূচী | |

| | | | |
|---|---|---|---|
| **যাচাই - সাইট-বহির্ভূত** | যখন এসএসি-অনুমোদিত একজন যাচাইকারী ওয়েব কনফারেন্স, ছবি এবং/অথবা ই-মেইল অথবা অন্যান্য পদ্ধতিতে প্রেরিত ফাইল দেখার মাধ্যমে দূর থেকে যাচাই সম্পন্ন করেন যার জন্য যাচাইকারীকে নির্মাতার এলাকার ভেতরে প্রবেশ করতে হয় না। | এসএসি যাচাই কর্মসূচী | |
| **যাচাই - সাইটের ভেতরে** | যখন এসএসি-অনুমোদিত একজন যাচাইকারী নির্মাতার প্রাঙ্গণের মধ্যে ঢুকে যাচাই সম্পন্ন করেন এবং ব্যক্তিগতভাবে উপস্থিত থেকে যাচাইকার্য সম্পন্ন করেন। | এসএসি যাচাই কর্মসূচী | |
| **যাচাইকারী দিবস** | যাচাইকারীদের সংখ্যা এবং যেকদিন যাচাই প্রক্রিয়া সম্পন্ন হতে সময় লাগে তার সংখ্যা। উদাহরণ স্বরূপ, 2 ব্যক্তি দিবস (পার্সন ডেজ) অর্থ হতে পারে যে 2 জন যাচাইকারী একটি যাচাই এক দিনে অথবা 1 জন যাচাইকারী একটি যাচাই প্রক্রিয়া 2 দিনে সম্পন্ন করছেন। উভয় পরিস্থিতির প্রতিটিই মোট 2 ব্যক্তি দিবসের (2 পার্সন ডেজ) সমতুল হবে। | এসএসি যাচাই কর্মসূচী | |
| **যাচাই কর্মকুশলতার উন্নতির পরিকল্পনা (পারফরম্যান্স ইমপ্রুভমেন্ট প্ল্যান, পিআইপি)** | যাচাইয়ের ফলাফল প্রকৃতপক্ষে একটি টেমপ্লেট যা নির্মাতারা তাদের নিরন্তর উন্নতিকে ট্র্যাক করার জন্য ব্যবহার করেন। | এসএসি যাচাই কর্মসূচী | |
| **যাচাই কর্মসূচী** | যাচাইকারীদের অনুমোদন দেয়া এবং মড্যুল যাচাইয়ের কাজ নির্বাহ করার জন্য নির্দেশিকা এবং প্রোটোকলকে প্রতিষ্ঠা করে | এসএসি যাচাই কর্মসূচী | |
| **যাচাই কর্মসূচীর ম্যানেজার (ভেরিফিকেশন প্রোগ্রাম ম্যানেজার, ভিপিএম)** | কর্মসূচীর দৈনন্দিন পরিচালনা ব্যবস্থাপনা করার ক্ষেত্রে স্কেল এবং দক্ষতায় সহায়তা করার জন্য একটি বহিরাগত তৃতীয় পক্ষ। কৌশলগত নির্দেশনা প্রদান করা, এবং উন্নত বৈশিষ্ট্য গঠন করার মাধ্যমে এসএসি এবং সদস্যরা কর্মসূচীর সামগ্রিক স্বাস্থ্য তত্বাবধান করার ক্ষেত্রে জড়িত থাকবেন | এসএসি যাচাই কর্মসূচী | |

| | | | |
|---|---|---|---|
| **যাচাইকারীর প্রোটোকল** | কারখানাতে বা কারখানার বাইরে যাচাই কর্মসূচী পরিচালনার জন্য যাচাইকারীদের জন্য ধাপে ধাপে নির্দেশনা এবং বাধ্যবাধকতা। | এসএসি যাচাই কর্মসূচী | https://howtohigg.org/higg-fem-verification-program/fem-verification-protocol/ |
| **যাচাইকারীর প্রশিক্ষণ** | যাচাইকারীদেরকে যাচাই করার জন্য যোগ্য হতে হলে প্রশিক্ষণ আবশ্যক। | এসএসি যাচাই কর্মসূচী | |
| **বর্জ্যের তালিকা** | বর্জ্যের তালিকা কারখানায় উৎপাদিত সমস্ত বর্জ্য প্রবাহের তথ্যের রেকর্ড রাখে, এতে অন্তর্ভুক্ত হতে পারে যেসব তথ্যঃ<br>• বর্জ্যের ধরন (বিপজ্জনক / বিপদহীন);<br>• এর উৎস (যেমন, প্রক্রিয়া, এলাকা);<br>• বর্জ্যের শারীরিক রুপ (কঠিন, তরল, ইত্যাদি);<br>• আনুষ্ঠানিক শ্রেণীবিভাজনের কোড (যদি প্রযোজ্য হয়);<br>• সুনির্দিষ্ট নাড়াচাড়া / সঞ্চয়ের ব্যবস্থা;<br>• ফেলে দেয়া/পরিশোধিত বর্জ্যের পরিমাণ;<br>• ফেলে দেয়া/পরিশোধনের পদ্ধতি (জৈব, রাসায়নিক, পদার্থগত);<br>• কারখানার ভেতরে যেকোনো পরিশোধন সহ;<br>• বর্জ্য ঠিকাদারদের বিশদ; এবং<br>• নিষ্ক্রমণ/পরিশোধনের রুট (রিসাইক্ল করা, জমিভরাট, দহন) | হিগ্ ইনডেক্স অ্যান্ড জিএসসিপি | |
| **বর্জ্য ইস্তাহার** | ইপিএ-এর বিপজ্জনক বর্জ্য ইস্তাহার ব্যবস্থা উৎপাদক কারখানা যেখানে এটি উৎপাদিত হয়েছিল এবং যেখান থেকে এটি নিষ্ক্রান্ত হয়েছিল সেখান থেকে শুরু করে, কারখানার বাইরে বর্জ্য ব্যবস্থাপনা কারখানা যা সেই বিপজ্জনক বর্জ্যটিকে সঞ্চয় করবে, পরিশোধন অথবা ফেলে দেয়ার ব্যবস্থা করবে সেখানে পৌঁছানো পর্যন্ত বিপজ্জনক বর্জ্যটিকে ট্র্যাক করার জন্য তৈরি। | ইউএসইপিএ | https://www.epa.gov/hwgenerators/hazardous-waste-manifest-system |

| | | | |
|---|---|---|---|
| **বর্জ্য হ্রাস করা** | বর্জ্য হ্রাস করার নীতি এবং প্রক্রিয়ার অর্থ হলো সমাজে এবং স্বতন্ত্র স্তরে বর্জ্যের উৎপাদন কমানো। লক্ষ্যের ব্যাপকতর অংশ, যেটিকে বর্জ্য হ্রাস হিসেবে চিহ্নিত করা হয়, প্রায়শই বর্জ্যের ক্রমোচ্চ শ্রেণীবিভাগ হিসাবে বোঝানো হয়। | বর্জ্য ব্যবস্থাপনার সম্পদ | http://www.wrfound.org.uk/articles/waste-minimization.html |
| **বর্জ্যপানি** | সেরেস অ্যাকোয়া গজের সংজ্ঞা অনুযায়ী, বর্জ্যপানি হলো "যে কারণে এর সৃষ্টি হয়েছিল অথবা যে কারণে এটিকে ব্যবহার করা হয়েছিল সেই উদ্দেশ্য পূরণের ক্ষেত্রে তার গুণগত মান, পরিমাণ অথবা প্রস্তুতির সময়ের কারণে যে পানির এখনই আর কোনো মূল্য নেই।" শীতলীকরণের পানিকে বর্জ্যপানি হিসেবে বিবেচনা করা হয় না। বর্জ্যপানিকে এক ধরনের পানি হিসেবে সংজ্ঞায়িত করা হয় যেটি ব্যবসার জন্য কোনো দরকারি উদ্দেশ্য আর পূরণ করে না এবং সাধারণভাবে সম্পত্তি থেকে পারমিট অনুযায়ী নিষ্ক্রমণ করানো হয়। | সিডিপি পানি রিপোর্টিংের নির্দেশিকা | https://b8f65cb373b1b7b15feb-c70d8ead6ced550b4d987d7c03fcdd1d.ssl.cf3.rackcdn.com/cms/guidance_docs/pdfs/000/000/225/original/CDP-Water-Reporting-Guidance.pdf?1478544069 |

| | | | |
|---|---|---|---|
| **বর্জ্যপানির গুণগত মান** | বর্জ্যপানির গুণগত মান বহু বিষয়ের ভিত্তিতে পরিমাপ করা হতে পারে, যেমন বাকি থেকে যাওয়া কঠিন পদার্থ, হ্রাসপ্রাপ্ত জৈব অক্সিজেনের চাহিদা (বায়োলজিক্যাল অক্সিজেন ডিমাণ্ড, বিওডি) অথবা রাসায়নিক অক্সিজেনের চাহিদা (কেমিক্যাল অক্সিজেন ডিম্যান্ড, সিওডি), ধাতুর উপাদান, তেল/গ্রিজের উপাদান, তাপমাত্রা, পিএইচ, ইত্যাদি।<br>উৎপাদনের উৎসে দূষণের তীব্রতা/ঘনত্ব কমানোর মাধ্যমে বর্জ্যপানির গুণগত মান উন্নত করা যেতে পারে এবং বর্জ্যপানির ঘনত্ব কমানোর লক্ষ্যস্থির করার আগে এটিকে চূড়ান্ত প্রাধান্য দেয়া উচিত।<br>বর্জ্যপানি পরিশোধনের আয়তন (ভলুম) এবং গুণগত মান দৃঢ়ভাবে সংযুক্ত।  একটি অন্যটিকে কীভাবে প্রভাবিত করে তা না বুঝে যেকোনো একটির উপর মনোনিবেশ করা উচিত নয়।  উদাহরণ স্বরূপ, যদি আপনি আপনার বর্জ্যপানির নিষ্ক্রমণের আয়তন কমান, আপনি অনিচ্ছাকৃতভাবে এমন বর্জ্যপানি উৎপাদন করে ফেলতে পারেন যার গুণগত মান পরিশোধনযোগ্য নয় (সাইটের ভেতরে বা বাইরে) এবং একটি নেতিবাচক প্রভাব রয়েছে। বর্জ্যপানি উৎপাদন বেঁধে দেয়া সময়ের মধ্যে তুলনা করা উচিত যাতে উৎপাদনের সময় অস্বাভাবিক প্যাটার্নগুলোকে চিহ্নিত করা যায়। | | |

| | | | |
|---|---|---|---|
| **বর্জ্যপানির গুণগত লক্ষ্য** | একটি আনুষ্ঠানিক লক্ষ্য সাইটের বর্জ্যপানি নিষ্ক্রমণের গুণগত মানের একটি সংখ্যাগত কর্মকুশলতার বাধ্যবাধকতাকে নির্দেশ করে। একটি আনুষ্ঠানিক লক্ষ্যে অবশ্যইঃ<br>১) বেসলাইন তারিখে একটি নির্দিষ্ট শুরুর তারিখ অন্তর্ভুক্ত করুন (যেমন, "বেসলাইন") এবং কর্মকুশলতার স্তর (অন্তত পক্ষে সিওডি, বিওডি, টিএসএস, তাপমাত্রা, এবং পিএইচ);<br>২) লক্ষ্যের জন্য একটি শেষের তারিখ অন্তর্ভুক্ত করুন, যার অর্থ হলো আবশ্যক হ্রাসের লক্ষ্য পূরণ করা; এবং<br>৩) একটি সঠিক হ্রাস-পরিমাণ বা সীমা অন্তর্ভুক্ত করুন, যেটি আবসোল্যুট নম্বর বা শতকরা হারে প্রকাশ করা হবে।<br>৪) সাইটের বর্জ্যপানি নিষ্ক্রমণের গুণগত মান উন্নত করার সাথে প্রাসঙ্গিক থাকা।<br>আনুষ্ঠানিক লক্ষ্য অ্যাবসল্যুট বা নর্ম্যালাইজড হতে পারে।<br>অ্যাবসোল্যুট (চূড়ান্ত) = ভ্যারিয়েব্‌ল (কারখানার আয়তন, কতটা আয়তনের প্রক্রিয়াকরণ করে, উৎপাদনের সময়, কাঁচামালের ব্যবহার, ইত্যাদি) যেমনই থাক নিষ্ক্রান্ত বর্জ্যপানির মোট আয়তন।<br>নর্ম্যালাইজড (নিয়মমাফিক) = কিছু প্রাসঙ্গিক ভ্যারিয়েব্‌লের (যেমন, উৎপাদনের ইউনিট পিছু নিষ্ক্রান্ত বর্জ্যপানির পরিমাণ) উপর নির্ভরশীল নিষ্ক্রান্ত বর্জ্যপানির পরিমাণ। | হিগ্‌ ইনডেক্স অ্যান্ড জিএসসিপি | |
| **পানির ভারসাম্য** | প্রাথমিকভাবে পানির ভারসাম্য হলো একটি সমীকরণ যা কারখানার ভিতরে আসা এবং বাইরে বেরনো পানির প্রবাহের বিবরণ দেয়। মিটারে হিসাব করা সমস্ত ইনফ্ল্যুয়েন্ট সমস্ত এফ্ল্যুয়েন্ট এবং পানির ক্ষতির সাথে সমান হবে। | হিগ ইনডেক্স | |
| **পানি রিসাইক্‌ল করা** | পানি রিসাইক্‌ল করা পানি সরবরাহের একটি নির্ভরযোগ্য উপায় যেটি একটি কারখানার ওয়াটার ফুটপ্রিন্ট গুরুত্বপূর্ণভাবে কমিয়ে দেয়। বর্জ্যপানি পরিশোধন প্রযুক্তিতে অগ্রসর হয় এবং রিসাইক্‌ল করার ক্ষমতা পরিবেশগত ক্ষতি কম করার সাথে সাথে ব্যবসায়িক উন্নতিকে সক্রিয় করে। চাহিদার কারণে যেহেতু বিশ্ব জুড়ে তাজাপানির সরবরাহতে ক্রমবর্ধমান চাপ তৈরি হচ্ছে, সামগ্রিক পানি সরবরাহের কৌশলে রিসাইক্লিং একটি বৃহত্তর ভূমিকা পালন করবে। | হিগ ইনডেক্স | |

| | | | |
|---|---|---|---|
| **জিরো লিক্যুইড ডিসচার্জ** | জিরো-লিক্যুইড ডিসচার্জ (জেডএলডি) এক ধরনের পরিশোধন প্রক্রিয়া যেটি অনুযায়ী কোনো কারখানা (ফেসিলিটি) থেকে কোনো পানিই তরল রূপে নিষ্কাশিত করা হবে না। সাইট-ভিত্তিক জেডএলডি পরিশোধন ব্যবস্থাপনা সমন্বিত একটি ফেসিলিটিতে, প্রায় সমস্ত বর্জ্যপানি এতটাই পরিশোধিত এবং পুনরুদ্ধার করা হয়ে থাকে যে ফেসিলিটি থেকে নিষ্কাশিত একমাত্র পানি বাষ্পীয় রূপে থাকে অথবা পরিশোধনাগারের কার্যাবলী থেকে প্রাপ্ত কাদার মধ্যে আর্দ্রতা হিসেবে থাকে। তরল নিষ্কাশন হতে থাকলে সেই ফেসিলিটিতে জেডএলডি পরিশোধন ব্যবস্থা নেই বলেই মনে করা হয়। | জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকা | https://www.roadmaptozero.com/output |

## পরিশিষ্ট ক – এফইএম ফাউন্ডেশন

এফইএম ফাউন্ডেশন যেটি (আগে "ফেসিলিটি প্রিভিউ" নামে পরিচিত ছিল) 2020 হিগ এফইএম-এর শুরুতে পরিচয় করানো হয়েছিল। 2021 হিগ এফইএম থেকে, এফইএম ফাউন্ডেশন যেটি সম্পূর্ণ হিগ এফইএম-এর থেকে ছোট এক প্রস্থ প্রশ্নাবলী, প্ল্যাটফর্মে স্ব-মূল্যায়ণ এবং যাচাইকৃত-মূল্যায়ণ, উভয়ের জন্যই উপলব্ধ। এফইএম ফাউন্ডেশন হিগ এফইএম-এর অনুপূরক, যা সংস্থাগুলোকে তাদের বিস্তৃত ভ্যালু চেইনে দ্রুত সুযোগ এবং হটস্পট চিহ্নিত করতে সক্ষম করে, এবং নতুন ফেসিলিটি ব্যবহারকারীদেরকে হিগ এফইএম-এ যাওয়ার আগে এফইএম ফাউন্ডেশনে মনোযোগ দেয়ার সুযোগ দেয়।

### এফইএম ফাউন্ডেশন কি?

এফইএম ফাউন্ডেশন একটি ফেসিলিটির পরিবেশগত সাস্টেইনিবিলিটির তৎপরতার দ্রুত মূল্যায়ণকে সক্ষম করে, এবং হিগ এফইএম-এর দিকে একটি শুরুর পদক্ষেপ নেয়ার সুযোগ দেয়, যা প্রাথমিক পরিবেশগত সাস্টেইনিবিলিটি মূল্যায়ণ প্রক্রিয়াটিকে দ্রুততর করে। হিগ ফেসিলিটি এনভায়ারনমেন্টাল মড্যুল (হিগ এফইএম)-এর কেবলমাত্র স্তর একের একপ্রস্থ প্রশ্ন এফইএম ফাউন্ডেশন ধারণ করে। এফইএম ফাউন্ডেশন ব্যবহার করার মাধ্যমে, হিগ এনডেক্সে নতুন আসা ফেসিলিটিগুলো ব্যাপকতর হিগ এফইএম মূল্যায়ণের জন্য প্রস্তুতি নেয়ার সময় ধীরে ধীরে হিগ ইনডেক্সের সাথে পরিচিত হয়ে ওঠে।

এফইএম ফাউন্ডশেন ভ্যালু চেইেন কর্মকুশলতার বিষয়ে ব্যাপক দৃষ্টিকোণ প্রদান করে না, এটি একটি প্রবেশ পথ, এবং এটি হিগ এফইএম মূল্যায়নকে প্রতিস্থাপনও করে না। মড্যুলে তাদের কী ধরনের তথ্য এবং উপাত্ত দিতে হবে তা বুঝতে শুরু করার আগে মড্যুলের মধ্যকার সবকটি প্রশ্ন পর্যালোচনা করতে কারখানাগুলোকে অত্যন্ত উৎসাহিত করা হয়।

দয়া করে খেয়াল করুন যে এফইএম ফাউন্ডেশনে **স্কোর থাকে না**। এর অর্থ হলো যে আপনি পয়েন্ট পাবেন না। এটিও দয়া করে খেয়াল করুন যে হিগ ইনডেক্সের বেঞ্চমার্কিং বৈশিষ্ট্যটি এফইএম ফাউন্ডেশনে প্রযোজ্য নয়।

***টীকা:*** *সবফেসিলিটি এফইএম ফাউন্ডেশন সম্পূর্ণ করার যোগ্য নয়। এই মূল্যায়নটি কেবলমাত্র নতুন ফেসিলিটি অ্যাকাউন্টের জন্য প্রযোজ্য, যার অর্থ হলো সেইসকলফেসিলিটি যারা আগে হিগ এফইএম সম্পূর্ণ করেনি। যেসকল ফেসিলিটি পূর্বের ক্যাডেন্স(গুলোতে) একটি হিগ এফইএম সম্পন্ন করেছে অথবা বর্তমান রিপোর্টিং বছরে হিগ এফইএম সম্পন্ন করছে তাদের এফইএম ফাউন্ডেশনে অ্যাক্সেস থাকবে না।*

### এফইএম ফাউন্ডেশন কিভাবে কাজ করে:

এফইএম ফাউন্ডেশন হিগ্ এফইএম-এর মতোই কাজ করে। এফইএম ফাউন্ডেশনের একটি আত্ম-মূল্যায়ন অবশ্যই যাচাইকরণ শুরু হওয়ার আগে সম্পূর্ণ করতে এবং পোস্ট করতে হবে। একবার একটি মড্যুল পোস্ট করা এবং শেয়ার করা হয়ে গেলে, আপনার শেয়ার করা অ্যাকাউন্টটি আপনার সম্পন্ন করা মড্যুলটিকে দেখতে সক্ষম হবে।

একই এফইএম ক্যাডেন্স বছরে একটি ফেসিলিটির একটি এফইএম ফাউন্ডেশন অথবা একটি হিগ এফইএম-এর মধ্যে যেকোনও একটিকে সম্পন্ন করা এবং পোস্ট করা উচিত। হিগ এফইএম-এর বিপ্রতীপে, এফইএম ফাউন্ডেশনের কোনও রিপোর্টিং সময়কাল নেই, এটি সারা বছর জুড়েই উপলব্ধ, এবং এটি **সাম্প্রতিকতম 12-মাসের** কর্মকুশলতাকে পরিমাপ

করে। উদাহরণ স্বরূপ, যদি ফেসিলিটিটি মে 2023-এ এফইএম ফাউন্ডেশন সম্পন্ন করে, তাহলে এফইএম ফাউন্ডেশন 2022 সালের মে মাস থেকে 2023 সালের এপ্রিল মাস পর্যন্ত কর্মকুশলতাকে পরিমাপ করবে)।

**এফইএম ফাউন্ডেশনের ওপরে যাচাইকরণ কিভাবে কাজ করে:**

এফইএম ফাউন্ডেশনে যাচাইয়ের কাজের ধারা এবং যাচাইকরণ রীতিনীতি হিগ এফইএম-এর অনুরূপ। যদিও এফইএম ফাউন্ডেশনের সংখ্যাগরিষ্ঠ প্রশ্নই হিগ এফইএম-এর অনুরূপ, ফলত সেইসকল প্রশ্নের জন্য যাচাইকরণের মাপকাঠিও একই হবে। কিছু ব্যতিক্রম আছে। অনুরূপ নয় এমন সকল প্রশ্নের জন্য, দয়া করে এই গাইডটিতে যাচাই সংক্রান্ত নির্দেশনাটি দেখুন।

সাধারণ যাচাইয়ের রীতিনীতি সম্পর্কে জানার জন্য, দয়া করে দেখুন https://howtohigg.org/higg-fem-verification-program/fem-verification-protocol/ .

**এই পথনির্দেশকটিকে কিভাবে পড়তে হবে:**

এই পথনির্দেশকটি এফইএম ফাউন্ডেশন সম্পূর্ণ করার জন্য পুরো পথনির্দেশনাটিতে দ্রুত অ্যাক্সেস প্রদান করবে। এফইএম ফাউন্ডেশনের সমস্ত প্রশ্নগুলি হিগ এফইএমেও আছে। অনেক ক্ষেত্রেই, এই নির্দেশিকাটি 2022 সালের কিভাবে হিগ বিষয়ক নির্দেশিকার সাথে প্রত্যক্ষ লিঙ্ক প্রদান করে, কারণ এফইএম ফাউন্ডেশনের অনেক প্রশ্ন এবং যাচাইকরণ মাপকাঠি হিগ এফইএম-এর অনুরূপ।

এফইএম ফাউন্ডেশনের প্রশ্নাবলী যেগুলি অনুরূপ নয় সেগুলির জন্য, এফইএম ফাউন্ডেশনের জন্য সুনির্দিষ্ট পথনির্দেশনাটি পরিশিষ্টতে দেয়া হয়েছে।

নিচের টেবিলটি সেইসকল হিগ এফইএম প্রশ্নাবলীর দিকে ইঙ্গিত দেয় যেগুলো এফইএম ফাউন্ডেশনেও অন্তর্ভুক্ত রয়েছে। যেসকল প্রশ্ন হলুদ রঙ দিয়ে হাইলাইট করা আছে সেগুলো ইঙ্গিত করে যে সেই প্রশ্নগুলোকে একটি ফেসিলিটির ভিত্তিমূলক অনুশীলনসমূহকে (যেমন, এফইএম ইনপুটসমূহ অথবা উপাত্ত সংক্রান্ত আবশ্যকতাগুলো) প্রতিফলিত করার জন্য সংশোধন করা হয়েছে।

| Site Info & Permits | EMS | Energy | Water | Wastewater | Air Emissions | Waste | Chemicals |
|---|---|---|---|---|---|---|---|
| All Questions | Question 1 | Question 1 | Question 1 | Question 1 | Question 1 | Question 1 | Question 1 |
| | Question 2 | | | Question | Question 2 | Question 2 | Question 2 |
| | Question 3 | | | Question 2 | Question 3 | Question 3 | Question 3 |
| | Question 4 | | | Question 3 | Question 4 | Question 4 | Question 4 |
| | Question 5 | | | Question | Question 5 | Question 5 | Question 5 |
| | Question | | | Question 4 | | Question 6 | Question 6 |
| | Question 6 | | | Question 5 | | Question 7 | Question 7 |
| | | | | Question 6 | | | Question 8 |
| | | | | | | | Question 9 |
| | | | | | | | Question 10 |
| | | | | | | | Question 11 |
| | | | | | | | Question 12 |

*ছবি 1: এফইএম ফাউন্ডেশন প্রশ্নাবলীর সারাংশ।*

## কারখানা সম্পর্কে তথ্য এবং অনুমতিপত্র

ফেসিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্রসমূহ সংক্রান্ত প্রশ্নগুলো সম্পূর্ণ হিগ এফইএম এবং এফএম ফাউন্ডেশন জুড়ে একই রয়েছে। সম্পূর্ণ নির্দেশনার জন্য দয়া করে 2022 সালের কিভাবে হিগ এফইএম বিষয়ক নির্দেশিকাটি দেখুন। রেফারেন্স: 2022 কিভাবে হিগ এফইএম বিষয়ক নির্দেশিকা – ফেসিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্র বিভাগ


## কারখানা সম্পর্কে তথ্য এবং অনুমতিপত্র


### ১। আপনার কারখানায় এক বা একাধিক কর্মী কি আপনার কারখানার পরিবেশগত ব্যবস্থাপনা সংক্রান্ত ক্রিয়াকলাপ সমন্বয়ের জন্য দায়ী?

ফেসিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্রসমূহ সংক্রান্ত প্রশ্নগুলো সম্পূর্ণ হিগ এফইএম এবং এফএম ফাউন্ডেশন জুড়ে একই রয়েছে। সম্পূর্ণ নির্দেশনার জন্য দয়া করে 2022 সালের কিভাবে হিগ এফইএম বিষয়ক নির্দেশিকাটি দেখুন।

রেফারেন্স: 2022 কিভাবে হিগ এফইএম বিষয়ক নির্দেশিকা – ফেসিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্র বিভাগ

### ২। আপনার কারখানার কি সংগঠনগত ভাবে পরিবেশগত ব্যবস্থাপনা সংক্রান্ত কৌশল রয়েছে যা পরিবেশগত ব্যবস্থাপনার ক্ষেত্রে দীর্ঘমেয়াদী সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আপনাকে নির্দেশনা দেয়?

সিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্রসমূহ সংক্রান্ত প্রশ্নগুলো সম্পূর্ণ হিগ এফইএম এবং এফএম ফাউন্ডেশন জুড়ে একই রয়েছে। সম্পূর্ণ নির্দেশনার জন্য দয়া করে 2022 সালের কিভাবে হিগ এফইএম বিষয়ক নির্দেশিকাটি দেখুন।

রেফারেন্স: 2022 কিভাবে হিগ এফইএম বিষয়ক নির্দেশিকা – ফেসিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্র বিভাগ

**৩। আপনার কারখানা কি কারখানার সীমানার মধ্যে বর্তমান ক্রিয়াকলাপের সাথে সংযুক্ত গুরুত্বপূর্ণ পরিবেশগত প্রভাবগুলোকে চিহ্নিত করেছে?**

সিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্রসমূহ সংক্রান্ত প্রশ্নগুলো সম্পূর্ণ হিগ এফএম এবং এফএম ফাউন্ডেশন জুড়ে একই রয়েছে। সম্পূর্ণ নির্দেশনার জন্য দয়া করে 2022 সালের কিভাবে হিগ এফএম বিষয়ক নির্দেশিকাটি দেখুন।

রেফারেন্স: 2022 কিভাবে হিগ এফএম বিষয়ক নির্দেশিকা – ফেসিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্র বিভাগ

**৪। আপনার কারখানায় কি এমন কোনো কর্মসূচী বা ব্যবস্থা কার্যকর রয়েছে যাতে পরিবেশগত অনুমতিপত্রের স্টেটাস এবং নবীকরণ (যেখানে প্রযোজ্য) পর্যালোচনা এবং পর্যবেক্ষণ করা যায়?**

সিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্রসমূহ সংক্রান্ত প্রশ্নগুলো সম্পূর্ণ হিগ এফএম এবং এফএম ফাউন্ডেশন জুড়ে একই রয়েছে। সম্পূর্ণ নির্দেশনার জন্য দয়া করে 2022 সালের কিভাবে হিগ এফএম বিষয়ক নির্দেশিকাটি দেখুন।

রেফারেন্স: 2022 কিভাবে হিগ এফএম বিষয়ক নির্দেশিকা – ফেসিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্র বিভাগ

**৫। আপনার গুরুত্বপূর্ণ পরিবেশগত প্রভাবের জন্য সমস্ত আইন, প্রবিধানগুলো, মানদণ্ড, কোড এবং অন্যান্য আইনগত এবং প্রশাসনিক বাধ্যবাধকতাকে চিহ্নিত করা, পর্যবেক্ষণ করা এবং পর্যায়ক্রমে যাচাই করার জন্য কি আপনার কারখানা কোনো নথিবদ্ধ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ করে?**

সিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্রসমূহ সংক্রান্ত প্রশ্নগুলো সম্পূর্ণ হিগ এফএম এবং এফএম ফাউন্ডেশন জুড়ে একই রয়েছে। সম্পূর্ণ নির্দেশনার জন্য দয়া করে 2022 সালের কিভাবে হিগ এফএম বিষয়ক নির্দেশিকাটি দেখুন।

রেফারেন্স: 2022 কিভাবে হিগ এফএম বিষয়ক নির্দেশিকা – ফেসিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্র বিভাগ

**(নতুন) আপনার ফেসিলিটির কি নথিবদ্ধ প্রক্রিয়াসমূহ রয়েছে যেগুলি কর্মীদেরকে পরিবেশগত জরুরি অবস্থা/ লঙ্ঘন সম্পর্কে বিবরণী পেশ করতে সক্ষম করে?**

সিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্রসমূহ সংক্রান্ত প্রশ্নগুলো সম্পূর্ণ হিগ এফইএম এবং এফইএম ফাউন্ডেশন জুড়ে একই রয়েছে। সম্পূর্ণ নির্দেশনার জন্য দয়া করে 2022 সালের কিভাবে হিগ এফইএম বিষয়ক নির্দেশিকাটি দেখুন।

রেফারেন্স: 2022 কিভাবে হিগ এফইএম বিষয়ক নির্দেশিকা – ফেসিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্র বিভাগ

**৬। আপনার কারখানায় কি একটি প্রক্রিয়া এবং সময়তালিকা রয়েছে সমস্ত সরঞ্জামের রক্ষণাবেক্ষণ করার জন্য?**

সিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্রসমূহ সংক্রান্ত প্রশ্নগুলো সম্পূর্ণ হিগ এফইএম এবং এফইএম ফাউন্ডেশন জুড়ে একই রয়েছে। সম্পূর্ণ নির্দেশনার জন্য দয়া করে 2022 সালের কিভাবে হিগ এফইএম বিষয়ক নির্দেশিকাটি দেখুন।
রেফারেন্স: 2022 কিভাবে হিগ এফইএম বিষয়ক নির্দেশিকা – ফেসিলিটির সাইট সম্পর্কিত তথ্য এবং অনুমতিপত্র বিভাগ

## শক্তির ব্যবহার ও জিএইচজি

**১। আপনার কারখানাতে শক্তির সমস্ত উৎসগুলো বেছে নিনঃ**

আপনার সুবিধা কি তার কোন উৎস থেকে শক্তির ব্যবহার ট্র্যাক করে?

একটি ফেসিলিটির ভিত্তিমূলক অভ্যাসগুলোর উপযুক্ত করে তোলার প্রয়োজনে প্রশ্নগুলোকে পালটানো হয়েছে। সেইকারণে এগুলো সম্পূর্ণ হিগ এফইএম-এর সংশ্লিষ্ট প্রশ্নাবলীর অনুরূপ হবে না। এই প্রশ্নের যাচাইয়ের আবশ্যকতাগুলোকে পূরণ করার জন্য দয়া করে নিচে নির্দেশিকাটি দেখুন।

### এই প্রশ্নের উদ্দেশ্য কি?

উদ্দেশ্য হলো আপনাকে দিয়ে পরিমাণগত উপাত্ত প্রবেশ করানো যা আপনার কারখানা কতটা শক্তি ব্যবহার করছে তা প্রদর্শন করে। এই প্রশ্নটি আপনাকে আপনার কারখানার শক্তির উৎসের তালিকা তৈরি করতেও সহায়তা করে, যা কী শক্তি

ব্যবহৃত হচ্ছে, আপনার কারখানার কোথায় তা ব্যবহৃত হচ্ছে, এবং কতটা ব্যবহৃত হচ্ছে সেই বিষয়গুলোতে স্পষ্ট বোঝাপড়া প্রদান করে।

সমস্ত উৎস থেকে শক্তির ব্যবহারের পরিমাপ হলো শক্তি ব্যবস্থাপনার ভিত্তি এবং একটি সংগঠনের জন্য তার সার্বিক স্থায়ীত্ববাদী কর্মকাণ্ড। শক্তির সমস্ত উৎসগুলোর পরিমাপ আপনাকে আপনার বৃহত্তম শক্তির ব্যবহারকে বিশ্লেষণ করে, যেকোনো অস্বাভাবিক ব্যবহারকে চিহ্নিত করে, শক্তি হ্রাসের লক্ষ্য স্থির করে, এবং জিএইচজি নির্গমনকে পরিমাপ করে।

শক্তি বিভাগটি সম্পূর্ণ করার উদ্দেশ্য হলো শক্তি ব্যবহার হ্রাস করার সুযোগগুলোকে চিহ্নিত করা। সেটা করার প্রথম ধাপ হলো শক্তি ব্যবহারের ক্ষেত্রে আপনার বৃহত্তম উৎসটি কি তা বোঝা। একবার আপনি সেটা জানতে পারলে, আপনি হ্রাস করার বিষয়টিকে প্রাধান্য দিতে সক্ষম হবেন। উদাহরণ স্বরুপ, এই প্রশ্নটি আপনাকে বুঝতে সাহায্য করে যে বিদ্যুৎ ব্যবহার কম করার বিষয়টিতে, নাকি শক্তির অন্য কোনো উৎসে আপনার মনোনিবেশ করা উচিত।

## প্রযুক্তিগত নির্দেশনাঃ

কারখানার ভৌগোলিক সীমানা এবং আপনার ব্যবসায়িক নিয়ন্ত্রণের অধীন পরিচালনার মধ্যে ব্যবহৃত সমস্ত শক্তিকে দয়া করে অন্তর্ভুক্ত করুন (মালিকানাধীন, পরিচালিত অথবা প্রত্যক্ষভাবে ভাড়া দেয়া)। অন্যের মাধ্যমে করানো যেকোনো মেরামতি অথবা সেবা-প্রাপ্ত এলাকা যেমন ঠিকাদারী চুক্তিতে চালানো ক্যান্টিন অথবা ভাড়ার দোকানকে দয়া করে এর বাইরে রাখুন।

শক্তির ব্যবহার অনুসরণ করা শক্তির ব্যবহার ব্যবস্থাপনায় প্রথম ধাপ হিসেবে বিবেচিত। আপনার শক্তি অনুসরণ এবং রিপোর্টিং কার্যক্রম প্রতিষ্ঠার সময়, নিম্নলিখিত বিষয়গুলি দিয়ে শুরু করুনঃ

- শক্তি ব্যবহারের উৎস চিহ্নিত করার জন্য ব্যবসা এবং প্রয়োগগত প্রক্রিয়ার ম্যাপ তৈরি করা।
    - **টীকাঃ** কারখানা অথবা সাইটে থাকা ভাড়াটদেরে দ্বারা খরচ হওয়া শক্ত‌ি যা আপনার কারখানার মালকিানাধীন বা নয়িন্ত্রণাধীন নয় সগেুল‌ো হগি এফইএম থকেে শক্ত‌ি সম্পর্ক‌িত রপি‌োর্ট‌িংয়রে জন্য বাদ যাওয়া উচতি। উদাহরণ স্বরূপ, সাইটে অবস্থতি ক্যান্টনি/ খাদ্য সবো প্রদানকারীর দ্বারা ব্যবহৃত শক্তি যা আপনার কারখানার মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন নয় তা বাদ যাবে।
- শক্তি ব্যবহারের উপাত্ত সংগ্রহ এবং অনুসরণ করার জন্য প্রক্রিয়াগুলিকে প্রতিষ্ঠা করাঃ
    - ক্রয় করা বিদ্যুৎ, বাষ্প এবং তাপের ব্যবহারের পরিমাণ নির্ধারণ করার জন্য ইউটিলিটি বিল ব্যবহার করুন।
    - কারখানায় শক্তি উৎপাদনের জন্য ব্যবহৃত অন্যান্য জ্বালানি যেমন কারখানার মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন ডিজেল জেনারেটর বা বয়লারের কয়লার ব্যবহারকে অনুসরণ করুন।
    - কারখানার মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন চলনশীল দাহ্যতামূলক উৎসগুলি যেমন প্রাইভেট গাড়ি এবং ফর্ক লিফটের জন্য ব্যবহৃত জ্বালানীর অনুসরণ করা।
    - পুর্ননবীকরণযোগ্য শক্তির উৎপাদন অনুসরণ করার জন্য সাব-মিটার বসানো, যদি পুর্ননবীকরণযোগ্য শক্তি কারখানাতেই উৎপাদিত হয়।
    - যদি অনুমান-প্রযুক্তি ব্যবহার করা হয়, গণনার প্রণালী যাচাইযোগ্য উপাত্ত দ্বারা স্পষ্টভাবে সংজ্ঞায়িত এবং অনুমোদিত হতে হবে।

- অনুসরণ সংক্রান্ত উপাত্ত (যেমন, প্রাত্যহিক, সাপ্তাহিক, মাসিক ব্যবহারের রেকর্ড) এমন একটি বিন্যাসে রেকর্ড করা যা পর্যালোচনা করা সহজ হয় [যেমন, স্প্রেডশীট (যেমন, মাইক্রোসফট্ এক্সেল) অথবা অনুরূপ উপাত্ত বিশ্লেষক কার্যক্রম যা মানুষের পঠনযোগ্য বিন্যাসে উপাত্তকে রপ্তানি করা (যেমন, এক্সেল, সিএসভি)] এবং যাচাই চলাকালীন পর্যালোচনার জন্য প্রাসঙ্গিক পরিপোষক প্রমাণকে রক্ষণাবেক্ষণ করা অনুমোদন করে

**এটা কীভাবে যাচাই করা যাবে:**
**হ্যাঁ**

- **আবশ্যক ডকুমেন্টেশন:**
  - শক্তির **সমস্ত উৎসের** জন্য পরিমাপের হার এবং পদ্ধতি
  - বিদ্যুৎ, জ্বালানী, বাষ্প এবং অন্যান্য শক্তি খরচের রেকর্ড (যেমন মাসিক বিল এবং বার্ষিক খরচের রেকর্ড; স্প্রেডশীটে প্রণীত মিটারের রেকর্ডও (যেমন এক্সেল) চলবে যদি মিটারের রেকর্ড যাচাই করার জন্য পাওয়া যায়) যার মোট পরিমাণ প্রশ্নের উত্তর হিসেবে দেয়া রিপোর্ট করা উত্তরগুলোর সাথে মিলে যায়।
  - জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:Discussion with Management:
    - ফেসিলিটির শক্তির উপাত্ত অনুসরণ কার্যক্রম সম্পর্কে এবং কীভাবে উপাত্তের গুণগত মান বজায় রাখা হয় সে সম্পর্কে প্রধান কর্মচারীরা অবহিত
    - মূল কর্মীরা শক্তির ব্যবহার এবং গ্রিন হাউস গ্যাসের নির্গমনের অনুমতিপত্র/লাইসেন্সের আবশ্যকতা, কোথায় প্রযোজ্য সে সম্পর্কে সচেতন ?
